

ইতিহাসের সবচেয়ে বড় অর্থনৈতিক সংকট তৈরি করেছেন ট্রাম্প পৃষ্ঠা ২৪

# প্রথম আলো

Prothom Alo North America

Thursday, 1 May 2025, 9th Year, Issue 424, 40 Pages



মুনাফা হারাল টেসলা, নেতৃত্ব নিয়ে প্রশ্নের মুখে মাস্ক পৃষ্ঠা ২৯

বৃহস্পতিবার, ১ মে এপ্রিল ২০২৫, ১৮ বৈশাখ ১৪৩২, ৩ জিলকদ ১৪৪৬, ৯ম বর্ষ, সংখ্যা ৪২৪, পৃষ্ঠা ৪০


## সিটি হলে বাংলাদেশি শিশুদের নিয়ে ‘ফটো প্রদর্শনী’

**উত্তর আমেরিকা অফিস**

অটিজম সচেতনতা দিবস উপলক্ষে নিউইয়র্ক সিটি হলে শুরু হয়েছে একটি ব্যতিক্রমী ফটো প্রদর্শনী। সিটি হলের রোটান্ডায় আয়োজিত এই প্রদর্শনীতে স্থান পেয়েছে অটিজমে আক্রান্ত শিশুদের ছবি ও প্রোফাইল। যেখানে তুলে ধরা হয়েছে বাংলাদেশি ও বাংলাদেশি-আমেরিকান অটিজমে আক্রান্ত শিশুদের জীবন ও ব্যক্তিত্ব।

জানা গেছে, এই প্রদর্শনী মে মাসের শেষ পর্যন্ত নিউইয়র্ক সিটি হলে দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে। এরপর এটি কোনো বড় জাদুঘরে স্থান পাবে। যাতে আরও বেশি মানুষ এই

**এরপর পৃষ্ঠা ১৩ কলাম ২**



**অটিজম সচেতনতা দিবস উপলক্ষে নিউইয়র্কের সিটি হলে বাংলাদেশি ও বাংলাদেশি-আমেরিকান অটিজমে আক্রান্ত শিশুদের জীবন ও ব্যক্তিত্ব নিয়ে ফটো প্রদর্শনী শুরু হয়েছে। শিল্পী জয়া করিমের তোলা ছবিগুলো নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডমসে দেখাচ্ছেন শিল্পী নিজেই।** ছবি : সংগৃহীত

## ‘২২৭ জনকে হত্যার লাইসেন্স পেয়ে গেছি’ অডিওটি হাসিনার

### মিলেছে ফরেনসিক প্রমাণ

এ ঘটনায় হাসিনা এবং শাকিল আলমের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন আদালত।

**ঢাকা ডেস্ক**



**শেখ হাসিনা**

‘২২৭ জনকে হত্যার লাইসেন্স পেয়ে গেছি’—এই অডিওটি সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও গাইবান্ধার ছাত্রলীগ নেতা শাকিল আলম বুলবুলের বলে প্রমাণ মিলেছে ফরেনসিক রিপোর্টে। এ ঘটনায় হাসিনা এবং শাকিল আলমের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন আদালত। আগামী ১৫ই মে’র মধ্যে এর জবাব দাখিলের নির্দেশ দেয়া হয়েছে। বুধবার বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন ৩ সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এই আদেশ দেন। ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন- বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ এবং অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ মো. মোহিতুল হক এনাম চৌধুরী। শুনানিতে ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম অংশ নেন। এসময় প্রসিকিউটর শাইখ মাহদী ও অন্যান্য প্রসিকিউটররা উপস্থিত ছিলেন।

শুনানি শেষে চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম সাংবাদিকদের বলেন, ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার পক্ষ থেকে প্রসিকিউশনের কাছে আবেদন করা হয়। আবেদনে ট্রাইব্যুনালের অভিযুক্ত ব্যক্তি হাসিনা এবং গাইবান্ধার ছাত্রলীগ নেতা শাকিল আলম বুলবুলের একটি অডিও ভাইরাল হয়। সেই অডিওতে আসামি হাসিনা ছাত্রলীগ নেতা শাকিলকে বলছেন, আমার বিরুদ্ধে ২২৭টি মামলা হয়েছে, তাই আমি ২২৭ জনকে হত্যার লাইসেন্স পেয়ে গেছি।

**এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪**

## আইসি’র দ্বারা অভিবাসী মায়েদের নির্বাসন: সাথে মার্কিন শিশুও

**এইচ বি রিতা**

ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসিই) কর্মকর্তারা যুক্তরাষ্ট্রে জন্ম নেয়া শিশু ও তাদের পরিবারকে নির্বাসিত করতে তৎপর হয়ে উঠেছেন। সম্প্রতি এক বছর বয়সী এক মেয়েশিশুর মাকে (কিউবা-জন্ম) এবং তিনজন আমেরিকান নাগরিক শিশু ও তাদের হন্ডুরাসে জন্ম নেওয়া মায়েদের যুক্তরাষ্ট্র থেকে বের করে দিয়েছেন। এসব নারীদের রুটিন চেক-ইন করতে গেলে আইসিই অফিসে গ্রেপ্তার করা হয় এবং কোনো আইনজীবী বা পরিবারের সাথে যোগাযোগের সুযোগ না দিয়েই তিন দিনের মধ্যেই তাদের দেশে ফেরত পাঠানো হয়।

ঘটনাগুলো থেকে প্রশ্ন উঠেছে—কাদের বের করে দেওয়া হচ্ছে এবং কেন, বিশেষ করে যখন মৌলিক অধিকার রক্ষার জন্য ট্রাম্পের দ্রুত অভিবাসন দমন নীতির বিরুদ্ধে ফেডারেল আদালতে আইনি লড়াই চলছে।

আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়ন (এসিএলিউ), ন্যাশনাল ইমিগ্রেশন প্রজেক্ট এবং তাদের সহযোগী কয়েকটি সংগঠন এক বিবৃতিতে বলেছেন, যুক্তরাষ্ট্রের নাগরিক শিশু ও তাদের মায়েদের এভাবে নির্বাসন করা "ভয়ঙ্কর, যদিও ক্রমেই ক্ষমতার অপব্যবহার সাধারণ হয়ে উঠছে।"

ন্যাশনাল ইমিগ্রেশন প্রজেক্টের

**এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪**

# পাক-ভারত যুদ্ধ কী অত্যাসন্ন?

### ঠেকাতে নানা তৎপরতা

নরেন্দ্র মোদি সেনাবাহিনীকে পাকিস্তানে হামলার স্বাধীনতা দেয়ার পর পাকিস্তানের পক্ষ থেকে সমান হুঙ্কার ছাড়া হয়েছে।

**উত্তর আমেরিকা ডেস্ক**



- পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ জানিয়ে দিয়েছেন, ভারতের যেকোনো আগ্রাসনের বিরুদ্ধে শক্তিশালী জবাব দেবে পাকিস্তান।
- ২৪ থেকে ৩৬ ঘণ্টার মধ্যে ভারত সামরিক অভিযানে নামবে বলে গোয়েন্দা সূত্রে খবর: পাকিস্তানের তথ্যমন্ত্রী আতাউল্লাহ।
- উত্তেজনা নিরসনে দুই দেশের সঙ্গে কথা বলেছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্তনিও গুতেরেস। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্ক রুবিওর কথা বলার কথা।

সামরিক সংঘাতের পথেই কি চলছে ভারত? প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সেনাবাহিনীকে পাকিস্তানে হামলার স্বাধীনতা দেয়ার পর এমন প্রশ্ন উঠেছে সব মহলে। অবশ্য পাকিস্তানের পক্ষ থেকে সমান হুঙ্কার ছাড়া হয়েছে। পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ জানিয়ে দিয়েছেন, ভারতের যেকোনো আগ্রাসনের বিরুদ্ধে শক্তিশালী জবাব দেবে পাকিস্তান। তার সেনাবাহিনী এ জন্য প্রস্তুত বলে শীর্ষ স্থানীয় কর্মকর্তারা হুঁশিয়ারি দিয়েছেন। কারাগারে রয়েছেন পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান। সেখান থেকেই তিনি মোদির যুদ্ধংদেহী মনোভাবের নিন্দা জানিয়েছেন। ফলে যেকোনো সময় পারমাণবিক শক্তিধর এ দু’টি দেশের মধ্যে যুদ্ধ শুরুর ভয়াবহ এক আশঙ্কা বিরাজ করছে। পাকিস্তানের বার্তা সংস্থা এপিপি জানিয়েছে, বিরাজমান উত্তেজনার মধ্যে ভারতীয় বিমান বাহিনীর চারটি রাফায়েল যুদ্ধবিমান ভারতশাসিত কাশ্মীরে টহল দিচ্ছিল মঙ্গলবার রাতে। কিন্তু দ্রুতই তাকে শনাক্ত করে পাকিস্তান বিমান বাহিনী।

নিরাপত্তা সূত্রের উদ্ধৃতি দিয়ে রিপোর্টে বলা হয়, পাকিস্তান বিমান বাহিনীর গৃহীত পদক্ষেপে তারা পিছু হটতে বাধ্য হয়। উত্তেজনা তুঙ্গে থাকা অবস্থায় উদ্বেগ প্রকাশ করে দুই দেশের সঙ্গে কথা বলেছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্তনিও গুতেরেস। বুধবার পাকিস্তান ও ভারতের শীর্ষ নেতাদের সঙ্গে উত্তেজনা নিরসনে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্ক রুবিও কথা বলার কথা। এমন অবস্থায় পাকিস্তানের তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার বলেছেন, ২৪ থেকে ৩৬ ঘণ্টার মধ্যে ভারত সামরিক অভিযানে নামবে বলে গোয়েন্দা সূত্রে খবর পেয়েছেন। বুধবার পর্যন্ত ছয় রাত ধরে দুই দেশের মধ্যে গুলিবিনিময় চলছে। ছোট অস্ত্রে চলছে এই গুলিবিনিময় সেকথা ভারতের সেনারাই জানিয়েছেন। তবে ভারতের উচ্চপর্যায়ে

**এরপর পৃষ্ঠা ১০ কলাম ১**

## নিউইয়র্কে ৬ হাজার সহায়ক আবাসন ইউনিটের পরিকল্পনা অ্যাডামসের

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস শহরের ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের জন্য প্রায় ৬ হাজার নতুন সহায়ক আবাসন ইউনিট নির্মাণের পরিকল্পনার ঘোষণা দিয়েছেন। ২০২৬ অর্থবছরের নির্বাহী বাজেটে এ পরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে।

নতুন এই উদ্যোগের আওতায়, নিউইয়র্ক সিটির ‘১৫/১৫ সহায়ক আবাসন প্রকল্পকে নতুন করে সাজানো হবে। ভবিষ্যতে কনগ্রিগেট বা একক ভবনভিত্তিক মডেলে আবাসন নির্মাণে জোর দেওয়া হবে। যেখানে বাসিন্দারা একই স্থানে আবাসন সুবিধার পাশাপাশি মানসিক স্বাস্থ্য ও সামাজিক সেবা পাবেন।

মেয়রের কার্যালয় সূত্রে জানা গেছে, নতুন বাজেটে ৪৬ মিলিয়ন ডলার ব্যয়ে ৫

**এরপর পৃষ্ঠা ১০ কলাম ৩**

### ছাঁটাই নীতির বিরুদ্ধে প্রবল ক্ষোভ

## জনগণের সমর্থন হারাচ্ছেন মাস্ক

**রোকেয়া দীপা**

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের হয়ে কাজ করা এলন মাস্কের প্রতি জনসমর্থন উল্লেখযোগ্যভাবে কমে গেছে। এবিসি নিউজ, ওয়াশিংটন পোস্ট ও ইপসোসের যৌথ পরিচালিত এক সর্বশেষ সমীক্ষায় দেখা গেছে, মাত্র ৩৫ শতাংশ মার্কিন নাগরিক মাস্কের কাজের প্রতি সমর্থন জানিয়েছেন, যেখানে ৫৭ শতাংশ তার কার্যক্রমের প্রতি অসন্তোষ প্রকাশ করেছেন। ট্রাম্পের জনপ্রিয়তাও একই রকম নিম্নমুখী।

মাস্ক, যিনি 'ডিপার্টমেন্ট অব গভর্নমেন্ট এফিশিয়েন্সি'র নেতৃত্ব দিচ্ছেন, মূলত ফেডারেল কর্মী ছাঁটাই এবং বিভিন্ন সংস্থা বন্ধের উদ্যোগের প্রধান সমন্বয়কারী। সমীক্ষা বলছে, ৫৬% উত্তরদাতা মনে করেন এই ছাঁটাই

**এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪**


CDPAP Transition

Community Outreach Partner

• Bangla • Hindi • Urdu • Spanish

+1 347 571 1804

CHISHTI CPA PC

GROW YOUR BUSINESS WITH US

ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ

- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিসনেস ট্যাক্স রিটার্ন
- সেল্ফ এমপ্লয়মেন্ট ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস

Trusted Accounting and Tax Services

Over 13 Years of Accounting and Taxation Experience

ইনকাম ট্যাক্স

- INDIVIDUAL TAX RETURN
- CORPORATE TAX RETURN
- SMALL BUSINESSES TAX RETURN
- SELF-EMPLOYED (UBER/LYFT/CAD DRIVER)

একাউন্টিং ও বুককিপিং

- PAYROLL
- W2S, 1099S
- FINANCIAL STATEMENT
- SALES TAX QUARTERLY AND YEAR END FILINGS

Call/email/make appointment at www.chishtiaccounting.com
T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com
73-19 Broadway, Jackson Heights NY11372

LIBERTY TRAVELS & TECH

AIR TICKET, WORLDWIDE MONEY TRANSFER



Our Other Services:

- PHOTOCOPY
- E-MAIL PRINT
- BANNER
- MONEY TRANSFER
- BUSINESS CARDS
- CUSTOM T-SHIRT
- FLYER
- A-SIGN
- CARGO
- FEDEX/UPS
- CELL PHONE
- MUG PRINTING



Mohammad K. Chishti, CPA

72-30 Roosevelt Ave, Jackson Hts, NY 11372. Cell: 347-448-6092, 518-699-2499

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস্ করে থাকি






আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com




# ঝামেলাহীন শপিং অভিজ্ঞতা ইয়্যামেজিং

**ঢাকা অফিস**

বাংলাদেশে অনলাইন শপিং অভিজ্ঞতায় নতুন এক ধারণা নিয়ে হাজির হয়েছে- ইয়্যামেজিং। ইয়্যামেজিং—মূলত একটি লয়ালটি ক্যাশব্যাক-ভিত্তিক সাশ্রয়ী স্মার্ট প্ল্যাটফর্ম, যা একইসঙ্গে ব্যবহারকারী ও ব্যবসায়ীদের জন্য এনে দিচ্ছে সুবিধা ও সম্ভাবনার নতুন দিগন্ত।

চলতি বছরের জানুয়ারিতে বাংলাদেশে যাত্রা শুরু করেছে ইয়্যামেজিং। এর মাধ্যমে ব্যবহারকারীরা অ্যাপে লগইন করে দেখতে পাবেন প্রতিদিনের ডিল, চ্যাট করতে পারেন মার্চেন্টদের সঙ্গে, অর্ডার দিতে পারেন, এমনকি ইন-স্টোর কেনাকাটার পরও পেতে পারেন ক্যাশব্যাক। সবচেয়ে বড় কথা, এই ক্যাশব্যাক সরাসরি চলে যাবে ব্যবহারকারীদের বিকাশ অ্যাকাউন্টে।

প্ল্যাটফর্মটির আরেকটি বড় দিক হলো—ইয়্যামেজিং নিজে কোনো পণ্য মজুত করে না, পেমেন্টও হ্যান্ডল করে না। ব্যবসায়ীরা সরাসরি গ্রাহকদের থেকে পেমেন্ট পান এবং নিজেরাই ইনভেন্টরি ও ডেলিভারি কন্ট্রোল করেন। ফলে তারা তাদের মূলধন আটকে না রেখে ব্যবসার গতি ধরে রাখতে পারেন।

এই অভিনব উদ্যোগের পেছনে আছেন কানাডিয়ান-বাংলাদেশি উদ্যোক্তা এস এম রিফাত। ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি) থেকে স্নাতক শেষে কানাডায় পাড়ি জমান দিনি। সেদেশে স্নাতকোত্তর শেষে চাকরিও শুরু করেছিলেন এই তরুণ। এরই মধ্যে একবার দেশে বেড়াতে এসে রিফাত উপলব্ধি করেন—বাংলাদেশে লয়ালটি মার্কেটের বিশাল সম্ভাবনা রয়েছে। এরপর শৈশবের বন্ধু, আইবিএ ও বুয়েট থেকে পড়াশোনা করা নওশাদ আরেফিনকে সঙ্গে নিয়ে শুরু করেন পথচলা।

দীর্ঘ প্রস্তুতির পর চলতি বছরের ১৫ জানুয়ারি শুরু হয় দুই বন্ধুর স্বপ্নের উড়ান। ওইদিন থেকে গুগল প্লে স্টোর ও অ্যাপল স্টোরে পাওয়া যাচ্ছে ইয়্যামেজিং-অ্যাপটি। শুরুতেই ব্যাপক সাড়াও মেলে। এক মাসের মধ্যেই অ্যাপটি এক হাজারেরও বেশি ডাউনলোড হয়। মাত্র একটি ভাইরাল পোস্টে ৬০ হাজা টাকার ক্যাশব্যাক পাওয়ার গল্প মানুষকে বেশ আকৃষ্ট করে।

এই প্ল্যাটফর্ম ব্যবহারকারীরা এতটাই সন্তুষ্ট যে, তারা বলছেন ইয়্যামেজিং কেবল একটি অ্যাপ নয়—এটি একটি 'অ্যামেইজিং' অভিজ্ঞতা। এটি বাংলাদেশের শপিং সংস্কৃতিকে নতুন উচ্চতায় নিয়ে যাবে বলে আমরা আশাবাদী।

ইয়্যামেজিং-এর এগিয়ে যাওয়ার গল্প শুনিয়েছেন এই প্ল্যাটফর্ম যার মস্তিষ্কজাত সেই এস এম রিফাত। তিনি বলেন, বিদেশে বেশ ভালো চাকরি করলেও মনটা পড়ে থাকতো দেশে। একবার ঘুরতে এসে দেশেই কিছু করার তাগাদা অনুভব করি। সেই ভাবনার সঙ্গে যুক্ত করি বন্ধু নওশাদ আরেফিনকেও। প্ল্যাটফর্মটি চালুর শুরুতেই আমরা ব্যাপক সাড়া পেয়েছি।

এই সাফল্য প্রমাণ করে, বাংলাদেশে লয়ালটি প্ল্যাটফর্মের বিশাল চাহিদা রয়েছে। আমাদের যাত্রা কেবল শুরু হলো। প্ল্যাটর্মের কার্যক্রম সম্প্রসারণ, ব্যবহারকারীদের সম্পৃক্ততা বৃদ্ধি এবং প্রিমিয়াম মার্চেন্টদের যুক্ত করা আমাদের এখন প্রধান লক্ষ্য। পাশাপাশি আন্তর্জাতিক বিনিয়োগকারীদের আকৃষ্ট করে প্ল্যাটফর্মকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়া আমাদের স্বপ্ন।

তারেক রহমান বললেন

# অন্তর্বর্তী সরকারের প্রতি অনির্দিষ্টকাল সমর্থন অযৌক্তিক

**ঢাকা ডেস্ক**



তারেক রহমান

অন্তর্বর্তী সরকারের প্রতি অনির্দিষ্টকালের জন্য সমর্থন অব্যাহত রাখা যৌক্তিক নয় বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বৃহস্পতিবার রাজধানীর নয়াপল্টনে জাতীয়তাবাদী শ্রমিক দলের উদ্যোগে 'মহান মে দিবস উপলক্ষে' এক শ্রমিক সমাবেশে তিনি এ মন্তব্য করেন।

তারেক রহমান বলেন, ফ্যাসিবাদমুক্ত দেশে জনগণের ভোটে জবাদিহিমূলক সরকার প্রতিষ্ঠার জন্য বিএনপিসহ বাংলাদেশের গণতান্ত্রিক রাজনৈতিক দলগুলো সরকারকে নিঃশর্ত সমর্থন দেওয়া অব্যাহত রেখেছে। তবে গণতন্ত্রকামী জনগণ মনে করে, অন্তর্বর্তী সরকারের প্রতি অনির্দিষ্টকালের জন্য সমর্থন অব্যাহত রাখা যৌক্তিক নয়। পলাতক স্বৈরাচার দেশে আর যাতে মাথাচাড়া দিয়ে ওঠার সুযোগ না পায়, সেজন্য জনগণের কাছে জবাবদিহিমূলক সরকার প্রতিষ্ঠা অত্যন্ত জরুরি।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান বলেন, 'বিএনপি মনে করে, সংস্কার ও নির্বাচন উভয়ই প্রয়োজন। অন্তর্বর্তী সরকারের প্রতি আহ্বান, আপনারা সতর্ক থাকবেন। সরকারের একটি অংশ সংস্কার ও নির্বাচনকে মুখোমুখি দাঁড় করিয়ে ফ্যাসিবাদবিরোধী রাজনৈতিক দলগুলোর মধ্যে সুপরিকল্পিতভাবে বিরোধ সৃষ্টি করতে চায়। গণতন্ত্রকামী জনগণের মনে এ ধরনের বিশ্বাস জন্ম দিতে শুরু করেছে। তাদের কাছে আমাদের আহ্বান স্বল্প ও দীর্ঘমেয়াদি সংস্কার প্রস্তাবনা প্রণয়ন করুন। কোনো রাজনৈতিক দলের আপত্তি নেই।'

এ প্রসঙ্গে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান আরও বলেন, প্রয়োজনীয় সংস্কার সম্পূর্ণ করে আইনশৃঙ্খলা বাহিনী, বিচার বিভাগ ও নির্বাচন কমিশনকে প্রস্তুত করুন। সুনির্দিষ্টভাবে আগামী জাতীয় নির্বাচনের রূপরেখা ঘোষণা করুন। সরকারের কর্মপরিকল্পনায় পথনকশা গণতন্ত্রকামী জনগণের কাছে সুস্পষ্ট থাকলে জনমনে সন্দেহ ও সংশয় কেটে যাবে।

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি



মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC

147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন



74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংকক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

- Do you want apply for a green card?
- Are you having credit card problems?
- Has your bank account been sealed?
- Are you being deported?
- Are you unable to pay your debts?
- Are you getting harrassed by creditors?

আমরা বাংলায় কথা বলি

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999


*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



সুরাইয়া রহমান


একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
পরামর্শের জন্য ফি লাগে না
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহঃ
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• স্কুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্ণ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহঃ
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
www.surdezperezlaw.com


আমরাই একমাত্র যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহঃ
এয়ার টিকেটিং
হজ্ব প্যাকেজ
সার্বিক প্রোভাইডার
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ প্যাকেজ
সার্বিক প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিষ্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
এয়ার লাইন সমূহ
SAUDIA
QATAR
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com


CENTERLIGHT
Healthcare PACE
CENTERLIGHT PACE-এ,
বয়স কেবল একটি সংখ্যা হতে পারে।
আপনার হৃদয়কে তরুণ রাখতে আমাদের সাহায্য করতে দিন।
আপনার PACE® -এর সাথে তাল মিলিয়ে চলা
1-877-286-PACE
CenterLightHealthcare.org

# KARNAFULLY HOME CARE LLC

KARNAFULLY HOME CARE

A TRUSTED INSTITUTION FOR HOME CARE SERVICES

## WE ARE LICENSED HOME CARE SERVICES AGENCY



We Care
Your Family
Like Ours

LHCSAs

## Our Services in New York Counties

**We Provide The Following Home Care Services**

**HHA** (Home Health Aide)
**PCA** (Personal Care Assistant)
**CDPAP** (Consumer Directed Personal Assistance Program)

### Service Areas (Boroughs & Counties)

- Queens
- Nassau
- Suffolk
- Bronx
- Westchester
- Dutchess
- Orange
- Rockland
- Sullivan
- Ulster

**NYS Department of Health LHCSAs**

**Main Office**
37-20 74th Street, 2nd Fl,
Jackson Heights, NY, 11372

**Jamaica Office**
167-18 Hillside Ave, 2nd Fl,
Jamaica, NY, 11432



**Mohammed Hasem, EA, MBA**
President and CEO

MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

Fax: 347-338-6799

347-621-6640

## সম্পাদকীয়

### রোহিঙ্গা সমস্যা সমাধান

# আন্তর্জাতিক সম্প্রদায়ের নির্লিপ্ততা নাকি নিষ্ঠুরতা

রোহিঙ্গা সংকট দক্ষিণ এশিয়ার সবচেয়ে জটিল মানবিক বিপর্যয়গুলোর একটি, যা শুধু বাংলাদেশের নয়, গোটা আন্তর্জাতিক সম্প্রদায়ের জন্যই একটি বড় চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হচ্ছে। মিয়ানমারের রাখাইন রাজ্যে সামরিক নিপীড়নের শিকার হয়ে লাখ লাখ রোহিঙ্গা জনগোষ্ঠী বাংলাদেশে আশ্রয় নিয়েছে। ২০১৭ সালের আগস্ট থেকে শুরু হওয়া এই গণপালায়নের ফলে কক্সবাজারের উখিয়া ও টেকনাফ এলাকায় বিশ্বের সবচেয়ে বড় শরণার্থী শিবির গড়ে উঠেছে। বাংলাদেশ মানবিক দায়িত্ববোধ থেকে এই জনগোষ্ঠীকে আশ্রয় দিলেও বর্তমানে এই সংকট বহুমাত্রিক সমস্যা হিসেবে দেখা দিয়েছে। তাই এখন সময় এসেছে, আন্তর্জাতিক সম্প্রদায়কে এই সংকটের সমাধানে আন্তরিক ও কার্যকর উদ্যোগ নিতে হবে।

রোহিঙ্গা সংকট শুধু একটি দেশের অভ্যন্তরীণ সমস্যা নয়, এটি একটি আন্তর্জাতিক মানবাধিকার লঙ্ঘনের বিষয়। জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা এই নিপীড়নকে গণহত্যা হিসেবে চিহ্নিত করেছে। তারপরও কার্যত মিয়ানমারের সামরিক জান্তার বিরুদ্ধে আন্তর্জাতিক চাপ এবং দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে অনেকটাই ব্যর্থতা লক্ষ করা গেছে। বিভিন্ন দেশ এবং সংস্থার কড়া বিবৃতি দিলেও বাস্তবভিত্তিক পদক্ষেপের অভাব স্পষ্ট। মিয়ানমার এখনো রোহিঙ্গাদের নিরাপদ, সম্মানজনক ও টেকসই প্রত্যাবাসনের নিশ্চয়তা দিতে পারেনি। তারা বলছে, পরিস্থিতি অনুকূলে নয়, অথচ রোহিঙ্গাদের নিজভূমিতে ফেরত না পাঠালে এই সংকট কখনোই সমাধান সম্ভব নয়।

বাংলাদেশ একাই এই বিশাল শরণার্থী জনগোষ্ঠীর চাপ বহন করে চলেছে। এদের খাদ্য, স্বাস্থ্য, বাসস্থান ও শিক্ষার ব্যবস্থা করতে গিয়ে দেশের অর্থনীতি, পরিবেশ এবং সমাজে নেতিবাচক প্রভাব পড়ছে। আন্তর্জাতিক দাতাসংস্থাগুলোর অনুদান কমে আসছে, ফলে রোহিঙ্গা ক্যাম্পগুলোতে অস্থিরতা বাড়ছে। অপরাধ, চোরাচালান, মানবপাচারসহ নানা সমস্যাও জটিলতর হচ্ছে। তরুণ রোহিঙ্গাদের মধ্যে চরমপন্থী গোষ্ঠীগুলোর প্রভাব বাড়ছে, যা শুধু বাংলাদেশের জন্য নয়, গোটা অঞ্চলের নিরাপত্তার জন্য হুমকি হয়ে দাঁড়াচ্ছে।

রোহিঙ্গাদের মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনই হতে পারে এই সংকটের একমাত্র টেকসই সমাধান। এর জন্য প্রথমেই প্রয়োজন মিয়ানমারে অনুকূল পরিবেশ নিশ্চিত করা, যাতে তারা স্বেচ্ছায় ও নিরাপদে তাদের মাতৃভূমিতে ফিরে যেতে পারেন। এ প্রক্রিয়ায় জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার উপস্থিতি নিশ্চিত করা জরুরি। পাশাপাশি, যারা ইতিমধ্যে শরণার্থী অবস্থায় রয়েছে, তাদের জন্য শিক্ষা ও দক্ষতা উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণ করাও গুরুত্বপূর্ণ, যাতে তারা ভবিষ্যতে গঠনমূলকভাবে সমাজে অবদান রাখতে পারে।

এই বাস্তবতায় আন্তর্জাতিক সম্প্রদায়ের নির্লিপ্ততা এক ধরনের নিষ্ঠুরতা বলেই বিবেচিত হতে পারে। বিশেষ করে যেসব উন্নত দেশ মানবাধিকার রক্ষার কথা বলে বিশ্বে নেতৃত্বের দাবি করে, তাদের উচিত এ বিষয়ে আরও বেশি সক্রিয় হওয়া। জাতিসংঘ, ইউরোপীয় ইউনিয়ন, আসিয়ান, ওআইসি, আন্তর্জাতিক আদালত— এ সকল সংস্থার মধ্যে সমন্বিত উদ্যোগ গড়ে তোলা জরুরি। শুধু ত্রাণ পাঠিয়ে দায়িত্ব শেষ হয়ে যায় না; রোহিঙ্গা জনগণের ন্যায়বিচার ও অধিকার নিশ্চিত করাই এখন মুখ্য বিষয় হওয়া উচিত।

বাংলাদেশ সরকার ইতোমধ্যে রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক পর্যায়ে বিভিন্ন কূটনৈতিক প্রচেষ্টা চালিয়েছে। চীন, ভারত, রাশিয়া— এসব প্রভাবশালী দেশগুলোর সহযোগিতাও আশা করা হয়েছে। কিন্তু ভূরাজনৈতিক স্বার্থ ও অর্থনৈতিক বিবেচনায় অনেকেই কার্যকর অবস্থান নেয়নি। সবার জানা, মিয়ানমারের সামরিক বাহিনীর সঙ্গে অনেক দেশেরই বাণিজ্যিক ও কৌশলগত সম্পর্ক রয়েছে, যা এই সংকটের সমাধানে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। তাই এখন সময় এসেছে, আন্তর্জাতিক সম্প্রদায় নিজেদের রাজনৈতিক স্বার্থের ঊর্ধ্বে উঠে এই সংকট নিরসনে উদ্যোগী হোক।

রোহিঙ্গাদের মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনই হতে পারে এই সংকটের একমাত্র টেকসই সমাধান। এর জন্য প্রথমেই প্রয়োজন মিয়ানমারে অনুকূল পরিবেশ নিশ্চিত করা, যাতে তারা স্বেচ্ছায় ও নিরাপদে তাদের মাতৃভূমিতে ফিরে যেতে পারেন। এ প্রক্রিয়ায় জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার উপস্থিতি নিশ্চিত করা জরুরি। পাশাপাশি, যারা ইতিমধ্যে শরণার্থী অবস্থায় রয়েছে, তাদের জন্য শিক্ষা ও দক্ষতা উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণ করাও গুরুত্বপূর্ণ, যাতে তারা ভবিষ্যতে গঠনমূলকভাবে সমাজে অবদান রাখতে পারে।

রোহিঙ্গা সংকট একটি মানবিক বিপর্যয়, যার দ্রুত সমাধান না হলে আঞ্চলিক স্থিতিশীলতা হুমকির মুখে পড়বে। বাংলাদেশের সহনশীলতা ও মানবিক উদারতার যেন অপব্যবহার না হয়, তা নিশ্চিত করা দরকার। আন্তর্জাতিক সম্প্রদায়কে এখনই সিদ্ধান্ত নিতে হবে— তারা মানবাধিকারের পক্ষে নাকি নিপীড়কদের পাশে। কূটনৈতিক চাপ, অর্থনৈতিক নিষেধাজ্ঞা এবং আন্তর্জাতিক আদালতের মাধ্যমে বিচারের মুখোমুখি করাসহ সব ধরনের কার্যকর পদক্ষেপ নিতে হবে, যাতে মিয়ানমার সরকার রোহিঙ্গাদের অধিকার স্বীকার করতে বাধ্য হয়। অন্যথায় এই সংকট আরও গভীর হবে এবং ইতিহাস তাদের ক্ষমা করবে না।

# কাশ্মীরে হামলা : ভারত কী করবে

**এম আর রহমান**



কোনো মানুষ নিজের চোখে স্বর্গ দেখেছেন—এমন দাবি কেউ কখনো করেনি। পুরোটাই কল্পনায়। কিন্তু স্বর্গ যে অতীব মনোরম, সে বিষয়ে কোনো সন্দেহ নেই। তাই হয়তো হাজার বছর ধরে ভারতীয় উপমহাদেশের মানুষ কাশ্মীরকে ভূস্বর্গ হিসেবে আখ্যায়িত করে আসছে। কাশ্মীরে যাঁরা গেছেন, তাঁরা এর সৌন্দর্যে মোহিত হননি, এমন লোক খুঁজে পাওয়া কঠিন। কাশ্মীরের মধ্যে আবার পেহেলগামের কদর আলাদা। অনেকে একে আদর করে বলেন প্রাচ্যের সুইজারল্যান্ড।

সেই প্রাচ্যের সুইজারল্যান্ডে কিনা ২২ এপ্রিল জঙ্গিরা হত্যা করল ২৬-২৭ জন মানুষকে। তা-ও ধর্মীয় পরিচয় জিজ্ঞাসা করে এবং নিশ্চিত হয়ে। একজন বাদে এরা সবাই হিন্দুধর্মাবলম্বী। এদের মধ্যে একজনের বাড়ি আবার নেপালে। তাহলে এই ঘাতকদের রাগটা কার ওপর? ভারতীয় হিন্দুদের ওপর, না শুধু হিন্দুধর্মাবলম্বীদের ওপর? কিন্তু এদেরই বাঁচাতে তো জঙ্গিদের কাছ থেকে অস্ত্র কেড়ে নিতে গিয়েছিলেন ঘোড়াচালক শহীদ সৈয়দ আদিল হুসেন শাহ। এদের মধ্যে কেউ হয়তো তাঁর ঘোড়ায় সওয়ার হয়ে বৈসরন নামে এই এলাকায় এসেছিলেন। আদিলকেও ছাড়েনি জঙ্গিরা। তাঁর 'হটকারিতা' ক্ষমার অযোগ্য মনে করে সেখানেই শেষ করে দিয়েছে।

২৯ বছর বয়সী আদিল। বাড়িতে বাবা, মা, স্ত্রী ও পাঁচ ভাইবোন রয়েছেন। পর্যটকদের ভরসায় চলে জীবন। আর পর্যটকেরা—কেউ হামলার ছয় দিন আগে বিয়ে করে ভূস্বর্গে গিয়েছিলেন মধুচন্দ্রিমা যাপনে। সমাজ-রাষ্ট্র-মানুষ কী জবাব দেবে ওই অকাল বৈধব্যের শিকার মেয়েটিকে? সরকারি সিদ্ধান্ত, আন্তর্জাতিক ভূ-রাজনীতির মারপ্যাঁচ, কোন পাল্লায় কে বেশি ওজনদার—তা কি বোঝে মেয়েটি? আর বুঝলেও সিদ্ধান্ত গ্রহণে সামান্যতম অংশগ্রহণ আছে? নেই। নিহত-আহত, তাঁদের পাশে থাকা স্বজন কারোরই নেই। এ এক অদ্ভুত সার্কাস। মাস্টারের অঙ্গুলি হেলনে আমরা সবাই নাচতে থাকব, কিন্তু অদৃশ্য মাস্টার কখনো শনাক্ত হবে না।

জঙ্গিদের গুলিতে মারা যাওয়ার আগে অনেকেই দেড়-দুই ঘণ্টা পর্যন্ত বেঁচে ছিলেন। এই সময়ে তাঁদের হাসপাতালে নেওয়া সম্ভব হয়নি। কারণ হেলিকপ্টার ছাড়া সম্ভব ছিল না। এরই মধ্যে স্থানীয় মুসলমান ঘোড়াচালকেরা কাঁধে-পিঠে করে তাঁদের নিরাপদ স্থানে নিয়ে গেছেন। এই সময়কালে অতিরিক্ত রক্তক্ষরণে মৃত্যু হয়েছে অনেকের। সরকারি উদ্ধার তৎপরতা আরও দ্রুত করলে হয়তো কেউ কেউ বেঁচে যেতে পারতেন—এমনটাই দাবি তাঁদের স্বজনদের। তাঁদের হারানোর বেদনার মধ্যে যুক্তির অকাট্যতা খুঁজতে যাওয়া বোকামি। কিন্তু তা ফেলে দেওয়ারও নয়।

২০১৯ সালে পুলওয়ামায় সিআরপিএফ কনভয়ের ওপর জঙ্গি হামলা এবং ৪৫ জন জওয়ানের মৃত্যুর পর কাশ্মীরে এত বড় ঘটনা ঘটল। বৈসরনের ঘটনা প্রমাণ করল, কাশ্মীর নিয়ে নরেন্দ্র মোদি সরকার ২০১৯ সাল থেকে যে যে ব্যবস্থা নিয়েছে, তার মধ্যে বজ্র আঁটুনির গেরোটা ফসকাই থেকে গেছে। একটা অদ্ভুত বিষয় হলো, ২২ এপ্রিল যাঁরা নিহত হয়েছেন, তাঁরা ভারতের বিভিন্ন প্রান্ত থেকে এসেছিলেন। ফলে এই জঘন্য ঘটনার শোক ও ক্ষোভ দেশব্যাপী পরিব্যাপ্ত হয়েছে। ভারতের সব জায়গার মানুষ এই ঘটনায় প্রতিবাদ ও প্রতিশোধের দাবিতে এক কাতারে।

এই ঘটনা নিয়ে ভারতের শাসক দলের একাংশ হিন্দু-মুসলমান সাম্প্রদায়িকতার কার্ড খেলার চেষ্টা করেছিলেন। তার সঙ্গে ছিল মোদি-প্রিয় গোদি মিডিয়া। তবে তাদের সেই চেষ্টা খুব একটা কলকে পায়নি। কারণ আদিলের আত্মত্যাগ, স্থানীয় ঘোড়াচালকদের উদ্ধার তৎপরতা, সীমান্তে পাকিস্তানি বাহিনীর গুলিতে ঝন্টু শেখ নামে এক বাঙালি মুসলমান সৈনিকের শহীদ হওয়া—এই ঘটনায় সমালোচনামুখর না হয়ে সব রাজনৈতিক দল মোদি সরকারের পাশে এসে দাঁড়ায়, সর্বোপরি কাশ্মীরজুড়ে হয়েছে বৈসরনের ঘটনার তীব্র প্রতিবাদ। কাশ্মীরের প্রতিবাদ ছিল অভূতপূর্ব। যাঁরা সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিত চোখ রাখেন তাঁরা জানেন, পেহেলগামের এক প্রত্যন্ত বাজারে কীভাবে স্থানীয় মানুষ এই অন্যায়ের বিরুদ্ধে ফুঁসে উঠেছেন। সেখান থেকে একজন তা সরাসরি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার করে বুঝিয়ে দিয়েছেন তাঁদের অবস্থান।

ফলে সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতিতে বিশ্বাসীরা তেমন সুবিধা করতে পারেনি ভারতে। যদিও ভারত সরকার তাৎক্ষণিক অনেক ব্যবস্থা নেয়। এর মধ্যে ভারতে অবস্থানরত পাকিস্তানিদের ৪৮ ঘণ্টার মধ্যে ওই দেশ ত্যাগ করতে বলা হয়। সব পাকিস্তানি নাগরিকের ভারতীয় ভিসা বাতিলের সমন চলে যায়। দিল্লিতে অবাঞ্ছিত ঘোষণা করা হয় পাকিস্তান দূতাবাসের সামরিক কূটনীতিকদের। বাতিল করা হয় ১৯৬০ সালে স্বাক্ষরিত সিন্ধু পানিচুক্তি। এ সবই দেশের মানুষের ক্ষোভ প্রশমনের এবং পাল্টা ব্যবস্থা নেওয়ার প্রমাণ।

পাল্টা একাধিক ব্যবস্থা পাকিস্তানও নিয়েছে। এর মধ্যে আছে সিমলা চুক্তি বাতিল, পাকিস্তানের আকাশসীমা ভারতীয় উড়োজাহাজ চলাচলের জন্য বন্ধ করা ইত্যাদি। দুই দেশের এমন যুদ্ধংদেহী মনোভাব থেকে এই উপমহাদেশের শান্তিপ্রিয় মানুষের মধ্যে এই আশঙ্কা তীব্র হয়েছে যে দুই পরমাণু অস্ত্রধর দেশ সত্যিই বোধ হয় যুদ্ধে জড়িয়ে পড়ল। অতীত ও বর্তমান বলছে, যুদ্ধ হয়তো হবে না, কিন্তু সাধারণ মানুষের ক্ষতির পরিমাণ কম হবে না। যে ঘৃণার বীজ সেই ১৯৪৭-এর আগে থেকে রোপিত হয়েছে, তা জলসিঞ্চনের মাধ্যমে ধীরে ধীরে মহিরুহ হওয়ার পথে।

ভারত সরকারের দিক থেকে একটা তাগিদ আছে, বৈসরনের ঘটনায় পাল্টা কিছু করে দেখানোর। বিহারের এক নির্বাচনী জনসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, 'বিহারের মাটিতে দাঁড়িয়ে গোটা পৃথিবীকে বলতে চাই, ভারত জঙ্গিদের এবং তাদের মদদকারীদের ও ষড়যন্ত্রকারীদের খুঁজে বের করে শাস্তি দেবে। বিশ্বের শেষ প্রান্তে গিয়ে আমরা তাদের খুঁজে বের করব। তারা এমন শাস্তি পাবে, যা তাদের কল্পনারও অতীত।' হিন্দিতে দেওয়া ভাষণের মধ্যে এই কথাগুলো তিনি ইংরেজিতে বলেছেন। তাহলে কি মোদি এই কথার মাধ্যমে আন্তর্জাতিক সম্প্রদায়কে কোনো ইঙ্গিত দিচ্ছেন? কী সেই ইঙ্গিত?

পাকিস্তানও বসে নেই। দেশটির সেনাপ্রধান ও রাজনীতিকেরা ভারতের বিরুদ্ধে পাল্টা তোপ দেগেই চলেছেন। কেউ বলছেন, সিন্ধুর পানি আটকানোর চেষ্টা করলে ক্ষেপণাস্ত্র মেরে তা ধ্বংস করব। আবার কেউ সিন্ধু দিয়ে পানি না প্রবাহিত হলে ভারতীয়দের রক্ত বয়ে যাবে বলে হুমকি দিয়েছেন। জনতুষ্টিবাদী এসব বক্তব্যের অসারতা প্রমাণের জন্য কোনো পণ্ডিত হওয়ার দরকার নেই। কারণ ভারতীয় বিশেষজ্ঞ অভিষেক দে ইন্ডিয়া টুডেতে লিখেছেন, ভারতের সিদ্ধান্ত চুক্তি স্থগিত করা মানেই পাকিস্তানে পানি প্রবাহ সঙ্গে সঙ্গে বন্ধ হয়ে যাচ্ছে, তা নয়। এর কারণ, বর্তমানে ভারতের কাছে এমন অবকাঠামো নেই, যা সিন্ধু নদের পানি পাকিস্তানের দিকে প্রবাহিত হওয়া বন্ধ করতে পারে কিংবা তা নিজের উদ্দেশে সরিয়ে নিতে পারে। সর্বোচ্চ যা সম্ভব, তা হলো ৫-১০ শতাংশ পানি কমানো।

পাকিস্তানের তখতে এখন শাহবাজ শরিফ। কিন্তু পেছনে আছেন বড় ভাই ও সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ। শোনা যাচ্ছে, নওয়াজ তাঁর অভিজ্ঞতা থেকে ছোট ভাইকে পরামর্শ দিয়েছেন, ভারতের উত্তেজনা তৈরির ফাঁদে পা না দিতে। বরং কূটনৈতিক প্রক্রিয়া অব্যাহত রাখা, বন্ধুপ্রতিম দেশের মধ্যস্থতার সহায়তা নেওয়া। নওয়াজ শরিফ পোড়খাওয়া ও বাস্তববাদী রাজনীতিক। তাই দেশের পরিস্থিতি বুঝে যথার্থ পরামর্শ দিয়েছেন।

ভারতের ব্যাপারেও একই পরামর্শ খাটে। বর্তমান পরিস্থিতিতে সেটা তারা কানে তুলবে কি না বলা কঠিন। না তুললে দুই দেশের অপ্রত্যক্ষ সংঘাত অব্যাহত থাকবে। আর প্রাণ যাবে উলুখাগড়ার।

# আজ মহান মে দিবস

**আফতাব চৌধুরী**



১ মে। ১৮৮৬ সাল। বর্তমান দুনিয়ার ধনী দেশ মার্কিন মুলুকের শিকাগো শহরে ন্যায্য অধিকার আদায়ের দাবিতে লাখো লাখো শ্রমিকের জমায়েত। কী ছিল তাদের দাবি? ৮ ঘন্টা কাজ, ৮ ঘন্টা বিশ্রাম ও ৮ ঘন্টা আনন্দের অধিকার চেয়েছিল তারা। তুমুল সংগ্রাম চলছিল ৯ মে পর্যন্ত আর তখন থেকে শ্রমিক শ্রেণী বুঝে নিয়েছিল একটি নির্জলা সত্য- অধিকার কেড়ে নিতে হয়। কেড়ে নিয়েও ছিল তারা রক্তের বিনিময়ে। এ কুরুক্ষেত্রে দেশে-দেশান্তরে কালে-কালান্তরে সমাজ ও চেতনার ইতিহাসকে বাঁক নিতে বাধ্য করেছিল। বিশ্বের পুঁজিবাদী ও সাম্রাজ্যবাদী শোষকেরা টের পেয়ে গিয়েছিল তাদের মৌরসী পাট্টার মেয়াদ শেষ হয়ে আসছে। শোষণ ও অত্যাচারের বিরুদ্ধে লড়াইয়ের ময়দানে মহান মে দিবস তাই আজো শ্রমিক শ্রেণীর কাছে অম্লান ধ্রুবতারা।

সে লড়াই কি ঐ মে মাসের পর থেমে গিয়েছিল? না, সে আগুন দাবানলের মতো বিশ্বব্যাপী প্রসারিত হয়েছিল। যারা ব্যঙ্গ করে বলেন, ইরাকে বৃষ্টি হলে এ অঞ্চলের কমিউনিস্টরা ছাতা মেলে ধরেন, তারা শ্রমিক শ্রেণীর আন্তর্জাতিকতা ব্যাপারটিকে হয় বোঝেন না, না হয় আড়াল করে রাখতে চান। 'দুনিয়ার শ্রমিক এক হও'- শ্লোগানটি শুধু ফাঁকা আওয়াজ নয়, এতে শ্রেণী চেতনায় আলোকিত মুক্তিকামী শ্রমিকদের বিপ্লবী দর্শন জড়িয়ে আছে। ইরাকের শ্রমিকেরা যদি শোষিত ও অত্যাচারিত হয় তাহলে বাংলাদেশসহ বিশ্বের অন্যান্য দেশের মানুষ সুখে শান্তিতে থাকতে পারে কি? পারে না! কারণ, তেল ছাড়া মানব সভ্যতা অচল। আর একমাত্র ইরাকেই বিশ্বের মধ্যে সবচেয়ে বেশি তেল উৎপন্ন হয়। তাই ইরাকের শ্রমিকদের দুর্দশায় পৃথিবীর মানুষকে গর্জে উঠতে হয়।

বিশ্বে মানব সভ্যতার বিবর্তনের অভিমুখ যেখানে শ্রেণীহীন শোষণহীন রাষ্ট্রহীন সাম্যবাদী সমাজ ব্যবস্থা স্থাপনের দিকে, সেখানে শ্রমিক শ্রেণীর আন্তর্জাতিকতার বোধ সংগ্রামের ময়দানে চালিকা শক্তি হিসেবে কাজ করে। যারা শ্রমিক শ্রেণীর আন্তর্জাতিকতা ও শ্রেণী সংগ্রামে বিশ্বাস করেন না, তারা আসলে মানবসভ্যতার ইতিহাসকে জানেন না। মানবসভ্যতার ইতিহাস শ্রেণী সংগ্রামের ইতিহাস। সমঝোতা ও আপসের ভিত্তিতে নয়, মানবসভ্যতা প্রগতির পথে এগিয়েছে দ্বান্দ্বিক প্রক্রিয়ার ভিতর দিয়ে। প্রকৃতিতে যেমন বিপরীতধর্মী দুই শক্তির দ্বন্দ্ব রয়েছে মানবসমাজে তেমনি দুটি শ্রেণীর দ্বন্দ্ব রয়েছে। যেখানে এ দ্বন্দ্ব নেই সেখানে প্রগতি স্তব্ধ। যারা মানুষকে ধর্মের ভিত্তিতে ভাগ করেন, তারা আসলে শ্রেণীবদ্ধ ও প্রগতিকে আঘাত করেন। কিন্তু শ্রেণীচেতনায় আলোকিত সমাজ বিজ্ঞানীরা বিশ্বের মানুষকে যেভাবে ভাগ করেন তার ছকটি হবে অন্যরকম।

আজ বাংলাদেশের রাজনৈতিক লড়াই মূলত এ দুটি ছকের লড়াই। প্রথম ছকটিকে লড়াইর মাধ্যমে অদৃশ্য না করা পর্যন্ত দ্বিতীয় ছকের দুটি শ্রেণীর লড়াই প্রায় অসম্ভব। আজ সমগ্র বিশ্বের সাম্রাজ্যবাদীরা প্রথম ছকের মত মানুষকে ভাগ করে শ্রমিক শ্রেণীর ঐক্য তথা আন্তর্জাতিকতাকে চূর্ণ করে দেয়ার ষড়যন্ত্র করছে। ফলে লড়াইয়ের ময়দানটি হয়েছে আরো বেশি প্রসারিত, আরো বেশি জটিল। এ জটিল লড়াইয়ে মহান মে দিবস শ্রমিক শ্রেণীকে প্রেরণা জোগাচ্ছে, প্রেরণা জোগাবে।

১৮৮৬ সালের পর বিশ্বে প্যারি কমিউন স্থাপিত হয়েছিল, কিন্তু তা বেশি দিন টিকেনি। ১৯১৭ সালে সোভিয়েত রাশিয়ায় জারতন্ত্রের শোষণ-শাসন অত্যাচারের বিরুদ্ধে লেনিনের নেতৃত্বে মহান নভেম্বর বিপ্লব ও বিশ্বের বুকে সর্ব প্রথম সমাজতন্ত্রের প্রতিষ্ঠা। ১৯৪৯ সাল। জনগণতান্ত্রিক বিপ্লবের মাধ্যমে চীনে সমাজতন্ত্র কায়েম, তারপর এক এক করে ভিয়েতনাম, কম্বোডিয়া, চিলিসহ ১৭টি দেশে সমাজতন্ত্রের প্রতিষ্ঠা। বিশ্বের শ্রমিক শ্রেণীর স্বপ্নে ও চেতনায় সমাজতন্ত্র সামাজিক পরিবর্তনের অভিমুখটি এখন সমাজতন্ত্রের দিকে। এ প্রবণতাকে যারা অস্বীকার করেন, তারা সচেতন বা অচেতনভাবে সামাজিক পরিবর্তনের প্রবণতাকে আড়াল করে রাখেন। সে যাই হোক, এ পরিবর্তনের অভিমুখ তা কিন্তু নির্ধারিত হয়ে গিয়েছিল ১৮৮৬ সালের ১ মে। শ্রমিক শ্রেণী বুঝতে শুরু করেছিল- 'শৃঙ্খল ছাড়া হারাবার কিছু নেই, জয় করার জন্য রয়েছে সারা জগৎ।' এখানে মহান মে দিবসের তাৎপর্য লুকিয়ে রয়েছে।

আজ খোদ মার্কিন মুল্লুকে অর্থনৈতিক বিশ্বায়নের বিরুদ্ধে শ্রমিক শ্রেণী সোচ্চার হয়ে উঠেছে। বাংলাদেশে অতি সম্প্রতি বাম দলেরা তৃতীয় ফ্রন্ট গড়ে শোষণ, অত্যাচার, দ্রব্যমূল্য বৃদ্ধি, বেকার সমস্যার বিরুদ্ধে লড়তে চাইছে। পশ্চিমবঙ্গ সরকার ব্যাপক শিল্পায়নের মাধ্যমে বেকারত্ব ও দারিদ্রের বিরুদ্ধে লড়াই করতে চাইছে। কার স্বার্থে? শ্রমিক শ্রেণীর স্বার্থে। বাংলাদেশের সংবিধানে যেখানে কাজের অধিকারকে মৌলিক অধিকার হিসেবে আজো স্বীকৃতি দেয়া হয়নি, সেখানে খেটে-খাওয়া মানুষ লড়াইয়ের মাধ্যমে বছরে অন্তত ১০০ দিনের কাজের সুযোগ আদায় করে নিয়েছে। এসব লড়াইয়ের ময়দানে মহান মে দিবস প্রথম প্রেরণা। বিশ্বের সমস্ত মানুষ এ মে দিবসকে আন্তর্জাতিক শ্রমিক দিবস হিসেবে মেনে নিয়েছে। এ দিবসের আলোয় নিষ্ণাত মানুষ আজো মুক্তির জন্য লড়াই করছে। যত দিন পৃথিবীতে শ্রমজীবী মানুষের লড়াই অব্যাহত থাকবে, তত দিন মহান মে দিবস প্রেরণার উৎস হিসেবে, শ্রমিক শ্রেণীর বিজয়ের দিন হিসেবে বিবেচিত হবে।

সাংবাদিক ও কলামিস্ট।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
জ্যামাইকা, জ্যাকসন হাইট্স ও ব্রঙ্কস শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে
Sonali Exchange Mobile App
ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০


সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

CORPORATE 212-808-0790
ATLANTA 770-936-9906
BROOKLYN 718-853-9558
JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150
MICHIGAN 313-368-3845
OZONE PARK 347-829-3875
PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

INTERLINKED360





জটিল আইটি সমস্যার সমাধান আমাদের কাছেই
আমাদের সেবা সমূহ

- বিজনেস ইমেইল এবং ওয়েবসাইট ডেভেলপমেন্ট
- আপনার তথ্য হ্যাকার এর কাছ থেকে সুরক্ষিত রাখা
- ক্লাউডের মাধ্যমে আপনার ফাইল ব্যাকআপ রাখা
- ওয়্যারলেস/নেটওয়ার্ক এবং সার্ভার সেটআপ
- আপনার টেক কনসালটেন্ট
- সিকিউরিটি ক্যামেরা সেটআপ
- ক্যাবলিং এবং ওয়্যারিং (লো ভোল্টেজ)
- বিজনেস ফোন সেটআপ
- অডিও/ভিডিও সরঞ্জাম সেটআপ
- লাইভ স্ট্রিমিং সেটআপ

আমরা আপনাকে কিভাবে সাহায্য করতে পারি সেজন্য আজ আমাদের সাথে যোগাযোগ করুন!
যোগাযোগ মাধ্যমঃ
516-853-0476 hello@interlinked360.com www.interlinked360.com

# OUR SPONSORS

## PLATINUM

pivorealestate
Imperium Title Agency

## GOLD

guidance residential
Nurul Azim, President & CEO, Eastern Investment
SMA

## SILVER

United
Team Faheem Hussain GoRascal
Yonkers Heating & Cooling

## CORPORATE

Meadowbrook
KEY/MAX Realty
Amina Rashad & Associates

MortgageDepot™ Team Bailey Presents
USBCCI REAL ESTATE EXPO 2025

GET FREE TICKETS

## DATE
Saturday, May 3, 2025

## TIME
10:00 AM TO 6:00 PM

## VENUE
NEW YORK LAGUARDIA AIRPORT MARRIOTT.

A COLLABORATIVE AND DEAL MAKING EVENT FOR REAL ESTATE PROFESSIONALS, INVESTORS, BUYERS AND SELLERS.

Event Highlights

**6+ Expert Panels**
Gain insights from industry leaders

**60+ Exhibitors**
Showcasing top real estate & financial services

**1,500+ Attendees**
Unmatched networking opportunities

## CONFIRMED EXHIBITORS

HAB BANK, FLUSHING Bank, Citizens Bank, M&T Bank, TEACHERS federal credit union, AHAD&CO, IDEAS, NYC Buildings, IRS, NYC Department of Housing Preservation & Development, Tabby, AM LAW GROUP LLP, ONAL GALLANT BAYRAM & AMIN, GLOBAL, CMG HOME LOANS, Omergy solar, XPO express, HAWK-EYE INSPECTIONS, AVS REAL ESTATE, Exit Realty Premium, RECOMM, HBF LAW OFFICES, FREEHOLD REALTY ADVISORS, Citywide Insurance Agency, Naemias Law Firm, SNS, EXIT Realty, fmsgroup, WolvesDen, SJ INNOVATION AI FIRST SOLUTIONS, CORE, Blue Ocean Wealth Solutions, sunrun, R2M REALTY, MMPS

## Why Exhibit?

Network with 200+ industry professionals & decision-makers

How to get up to $15,000 in down payment assistance with 0% interest

Attend expert panels, workshops, and speaker sessions

Ready to Buy? Get Pre-Approved ON THE SPOT

Buy your dream home with just 3% down as a first-time homebuyer

ORGANIZED BY
USBCCI

IN COLLABORATION WITH
HGAR, LIBOR, Queens, One Key MLS, NYHRA

MEDIA SPONSOR
DAILY NEWS MEDIA GROUP

TECH PARTNER
USBD DIGITAL SOLUTIONS

info@usbcci.org
212-347-6364
www.usbccireexpo.com

# Law Offices

## এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

## 917-282-9256

(To schedule appointment only)

বিনামুল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompart, Esq
Attorney at Law



- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

**IMMIGRATION**

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেষ্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নুন্যতম ৫০ ডলার

## Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

**Immigration Petitions & Adjustment of Status.**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



FRANCHISE BROKER ACADEMY
Member

| | |
|---|---|
| H1B | L1A VISA |
| EB5 | E2 VISA |
| POLITICAL ASYLUM | |

## Captor USA, Inc.

**Franchise & Business Consulting Firm**

37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com
New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

# 'সাবিরুন ইসলাম তুহিনকে কারাগারে পাঠানো জিয়া পরিবারের বিরুদ্ধে চক্রান্ত'

**উত্তর আমেরিকা অফিস**



যুক্তরাষ্ট্রে বিএনপির অন্যতম নেতা, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য এবং আমেরিকা বাংলাদেশ চেম্বার অব কমার্সের চেয়ারম্যান গিয়াস আহমেদ বলেছেন, সাবেক সংসদ সদস্য ও বেগম খালেদা জিয়ার বড় বোনের ছেলে সাবিরুন ইসলাম তুহিনকে অন্তর্বর্তীকালীন সরকারের সময় জামিন না দিয়ে কারাগারে পাঠানো একটি গভীর চক্রান্তের অংশ। তিনি এ ঘটনার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করে বলেন, এটি জিয়া পরিবারকে হেয় ও দুর্বল করার উদ্দেশ্যে করা হয়েছে।

গিয়াস আহমেদ অভিযোগ করেন, একই ধরনের মামলায় জামায়াত নেতা নায়েবে আমির তাহেরসহ অনেকের মামলা বাতিল হয়েছে কিংবা জামিন দেওয়া হয়েছে, অথচ তুহিনকে পরিকল্পিতভাবে সে সুযোগ থেকে বঞ্চিত করা হয়েছে। মিথ্যা মামলায় সাজাপ্রাপ্ত হয়ে তিনি দীর্ঘ ১৭ বছর প্রবাসে কাটিয়েছেন, যেখানে তিনি নানা কষ্ট সহ্য করে ফ্যাসিবাদী সরকারের বিরুদ্ধে আন্দোলনে যুক্ত থেকেছেন।

তিনি বলেন, তুহিন আইন মন্ত্রণালয় থেকে ছাড়পত্র পেলেও প্রধান উপদেষ্টার মুখ্য সচিবের দপ্তরে তা আটকে রাখা হয়েছে, যা বিচারিক প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করার একটি উদাহরণ। গিয়াস আহমেদ আরও বলেন, বর্তমান সরকারের পতনের পরও তাদের দোসররা এখনো প্রশাসনের গুরুত্বপূর্ণ স্থানে রয়ে গেছে এবং তারা ক্ষমতা দীর্ঘায়িত করার ষড়যন্ত্র করছে।

# নিউইয়র্কে ৬ হাজার

**প্রথম পৃষ্ঠার পর**

হাজার ৮৫০টি ইউনিট নির্মাণ ও সংরক্ষণ করা হবে। এর মধ্যে ৪ হাজার ৫৫০টি নতুন ইউনিট নির্মাণ করা হবে এবং ১ হাজার ৩০০টি বিদ্যমান ইউনিট সংরক্ষণ করা হবে।

২০১৫ সালে চালু হওয়া ১৫/১৫ প্রকল্পের লক্ষ্য ছিল ২০৩০ সালের মধ্যে ১৫ হাজর ইউনিট সহায়ক আবাসন তৈরি করা। মেয়র অ্যাডামস সেই সময়সীমা এগিয়ে এনে ২০২৮ করেছেন। তবে ছড়িয়ে ছিটিয়ে থাকা আবাসন প্রকল্পের অগ্রগতি আশানুরূপ না হওয়ায় এবার কনগ্রিগেট মডেলে গুরুত্ব দেওয়া হচ্ছে।

নিউইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামস এই পরিকল্পনাকে স্বাগত জানিয়ে বলেন, নতুন এই বিনিয়োগ নিউইয়র্কবাসীর আবাসন সুরক্ষায় একটি বড় অগ্রগতি।

এছাড়া নতুন বাজেটে আরও ৩৫০ মিলিয়ন ডলার বরাদ্দ রাখা হয়েছে নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটির ইউনিট সংস্কারে এবং ভাড়াটিয়াদের আইনি সহায়তার জন্য ৭.৬ মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে।

মেয়র অ্যাডামস বলেন, আমরা প্রতিশ্রুতি দিয়েছিলাম যে রাস্তায় বা সাবওয়েতে আর কাউকে মানবেতর অবস্থায় থাকতে দেব না। এই বাজেট সেই প্রতিশ্রুতি বাস্তবায়নের আরেকটি ধাপ।

# জনগণের সমর্থন হারাচ্ছেন মাস্ক

**প্রথম পৃষ্ঠার পর**

প্রক্রিয়া অতিরিক্ত মাত্রায় চলছে। বিশেষ করে শিক্ষা বিভাগ বন্ধ ও চিকিৎসা গবেষণার অর্থায়ন কমানোর মতো সিদ্ধান্তগুলির প্রতি ব্যাপক বিরোধিতা দেখা গেছে— যথাক্রমে ৬৬ শতাংশ ও ৭৭ শতাংশ মানুষ এই সিদ্ধান্তগুলির বিপক্ষে মত দিয়েছেন।

এমনকি ওয়েস্ট বা অপচয় কমানোর প্রশ্নেও বিভক্তি স্পষ্ট। যারা মনে করেন সরকারি অপচয় কমেছে, তাদের মধ্যে ৬৭ শতাংশ মাস্ককে সমর্থন করেছেন। তবে যারা মনে করেন অপচয় বা দুর্নীতি কমেনি, তাদের মাত্র ১০ শতাংশ মাস্কের কাজের প্রতি ইতিবাচক মনোভাব প্রকাশ করেছেন।

দলীয় বিভাজনও এই জনপ্রিয়তার পার্থক্যের একটি বড় কারণ। মাত্র ৪ শতাংশ ডেমোক্র্যাট এবং ৩২ শতাংশ স্বতন্ত্র ভোটার মাস্কের কাজকে সমর্থন করেছেন, যেখানে রিপাবলিকানদের মধ্যে তার সমর্থন ৭৩ শতাংশ।

এদিকে ট্রাম্পেরও ১০০ দিনের মধ্যে সর্বনিম্ন জনপ্রিয়তা রেকর্ড করা হয়েছে। সমীক্ষা অনুযায়ী, যাঁরা ট্রাম্পের কাজের প্রতি সন্তুষ্ট, তাঁদের ৮০ শতাংশ মাস্কের কার্যক্রমকেও সমর্থন করেছেন। বিপরীতে, ট্রাম্পের সমালোচকদের মধ্যে মাত্র ৫ শতাংশ মাস্কের পক্ষে মত দিয়েছেন।

উল্লেখ্য, সম্প্রতি টেসলার আয় ৯ শতাংশ হ্রাস পেয়েছে এবং কোম্পানির মুনাফা ৭১ শতাংশ কমেছে। এরই পরিপ্রেক্ষিতে মাস্ক ঘোষণা দিয়েছেন, আগামী মাসগুলিতে তিনি সরকারী ভূমিকা কমিয়ে দেবেন।

# '২২৭ জনকে হত্যার লাইসেন্স পেয়ে

**প্রথম পৃষ্ঠার পর**

এ ছাড়াও যারা হাসিনার বিরুদ্ধে অভিযোগ করেছেন, তাদের বাড়িঘর ভাঙচুর করারও নির্দেশ দেন। এমনকি পুলিশ অফিসারদের হুমকি দিয়ে হাসিনা বলেন, তারা যেনো মনে রাখে, তাদেরকে ভবিষ্যতে চাকরি করতে হবে। এই বক্তব্য দিয়ে হাসিনা ও শাকিল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারকাজ বাধাগ্রস্ত করা, সাক্ষীদেরকে ভয়ভীতি দেখানো এবং হুমকি দেয়ার মাধ্যমে তারা আদালত অবমাননা করেছেন। এই অডিও সিআইডি'র ফরেনসিক রিপোর্টে প্রমাণিত হয়েছে।

তাজুল ইসলাম আরও বলেন, শুনানি শেষে ট্রাইব্যুনাল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল অ্যাক্ট-১৯৭৩ এর ১১-এর ৪ উপধারা অনুযায়ী আদালত অবমাননার নোটিশ ইস্যু করেছেন। আগামী ১৫ই মে অথবা তারও আগে, নিজে অথবা কৌঁসুলির মাধ্যমে হাজির হয়ে জবাব দাখিলের নির্দেশ দিয়েছেন।

এদিকে, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকে ঘিরে জুলাই-আগস্টে গণহত্যার অভিযোগে গ্রেপ্তার সাবেক মন্ত্রী ডা. দীপু মনি প্যারোলে মুক্তি চেয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আবেদন করেছেন। স্বামীর অসুস্থতায় প্যারোলে মুক্তি চেয়ে গতকাল দীপু মনির আবেদনের শুনানি হয়। আবেদনে ট্রাইব্যুনাল যেনো তার অন্তর্নিহিত ক্ষমতা ব্যবহার করে তার স্বামীর অপারেশনের কারণে একদিনের জন্য দীপু মনিকে প্যারোলে মুক্তি দেয়। তার স্বামী হাসপাতালে চিকিৎসাধীন থাকায়, স্বামীর সেবার জন্য তাকে পাশে থাকা প্রয়োজন বলে উল্লেখ করা হয়।

তাজুল ইসলাম বলেন, প্যারোলে মুক্তি দেয়ার ক্ষমতা ট্রাইব্যুনালের নেই। এটা সরকারের ক্ষমতাধীন বিষয়। এই আদালত থেকে যদি তাকে জামিনও দেয়া হয়, দেশের অন্যান্য আদালতে তার বিরুদ্ধে অসংখ্য মামলা রয়েছে। সুতরাং তাকে মুক্তির আবেদনটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে করা উচিত। শুনানি শেষে আবেদন নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যেতে বলেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

একইদিনে জুলাই-আগস্টে নারায়ণগঞ্জে গণহত্যার অভিযোগের ঘটনায় ৮ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। তদন্তের স্বার্থে আসামিদের নাম প্রকাশ করা হয় নাই। এ মামলায় নারায়ণগঞ্জের সাবেক এমপি শামীম ওসমানের বিরুদ্ধে আগেই গ্রেপ্তারি পরোয়ানা জারি আছে। পাশাপাশি ট্রাইব্যুনালে আশুলিয়ায় মরদেহ পোড়ানোর আগে গুলি করে হত্যার ঘটনায় ২ পুলিশ কর্মকর্তাকে হাজির করার নির্দেশ দেয়া হয়েছে। তারা অন্য মামলায় গ্রেপ্তার থাকায় প্রোডাকশন ওয়ারেন্ট মূলে তাদের ট্রাইব্যুনালে হাজিরের নির্দেশ দেয়া হয়।

# আইসি'র দ্বারা অভিবাসী মায়েদের

**প্রথম পৃষ্ঠার পর**

গ্রেসি উইলিস এক সাক্ষাৎকারে বলেন, "আইসিই মায়েদের কোনো বিকল্প পথ দেখায়নি, কোনো সুযোগ দেয়নি— শুধু বলেছিল, সন্তানদের সঙ্গে নিয়ে দেশ ছাড়তে হবে।" তিনি আরও জানান, বিরল ক্যান্সারে আক্রান্ত ৪ বছরের শিশুটিকে এবং ৭ বছরের আরেকটি শিশুকে তাদের মায়ের সঙ্গে গ্রেপ্তারের এক দিনের মধ্যেই হন্ডুরাসে ফেরত পাঠানো হয়।

২ বছরের একটি শিশুর বিষয়ে লুইজিয়ানার এক ফেডারেল বিচারক প্রশ্ন তোলে বলেন, সরকার প্রমাণ দিতে পারেনি শিশুটির নির্বাসন সঠিক নিয়মে হয়েছে কিনা। মেয়েটির বাবার আইনজীবীরা বলেন, "বাবা চেয়েছিলেন তার মেয়ে তার সঙ্গেই যুক্তরাষ্ট্রে থাকুক। কিন্তু আইসিই দাবি করে, মেয়েটির মা চেয়েছিলেন মেয়েকে সঙ্গে নিয়ে হন্ডুরাসে চলে যেতে।"

লুইজিয়ানার ইউএস জেলা বিচারক টেরি ডাউটি এই দাবিগুলোর কোনোটি পূর্ণাঙ্গভাবে যাচাই করেননি।

আইনজীবীরা জানান, হন্ডুরাসে জন্ম নেওয়া গর্ভবতী মা, তার দুই বছরের মেয়ে এবং ১১ বছর বয়সী আরেক মেয়েকে মঙ্গলবার নিউ অরলিন্সের আইসিই অফিসে একটি রুটিন চেক-ইন করার সময় গ্রেপ্তার করা হয়। পরিবারটি ব্যাটন রুজ শহরে বসবাস করছিল। বৃহস্পতিবার (২৫ এপ্রিল) আদালতে জমা দেওয়া এক নথিতে মেয়েটির বাবার আইনজীবীরা বলেন, 'আইসিই' ইচ্ছাকৃতভাবে শিশুটিকে আটকে রেখেছিল, যাতে শিশুর বাবা আত্মসমর্পণ করতে বাধ্য হন। তারা বাবার অভিবাসন স্থিতি স্পষ্টভাবে জানাননি, তবে বলেছেন, বাবা তার মেয়েদের দায়িত্ব আইনত তার বউয়ের বোনের কাছে হস্তান্তর করেছিলেন, যিনি একজন মার্কিন নাগরিক এবং ব্যাটন রুজেই থাকেন।

তবে এ নিয়ে ডাউটি জানান, শুক্রবার সরকার পক্ষের আইনজীবীদের তিনি নির্দেশ দেন যাতে মহিলার সঙ্গে কথা বলা হয়, কিন্তু এক ঘণ্টারও কম সময়ের মধ্যে তাকে জানানো হয় যে, কথোপকথন সম্ভব নয় কারণ ওই নারী ইতোমধ্যে হন্ডুরাসে নেমে গেছেন।

ডাউটি, ১৬ মে শুনানির দিন ঠিক করেন। তিনি বলেন, "সরকার ঠিকমতো প্রক্রিয়া ছাড়াই একজন মার্কিন শিশুকে নির্বাসিত করেছে কি না, তা পরিষ্কার করতেই এই শুনানি হবে।"

এদিকে, ফ্লোরিডায় এক আইনজীবী জানান, এক বছর বয়সী কন্যাশিশুর মা এবং এক মার্কিন নাগরিকের স্ত্রী হেইডি সানচেজকে (যিনি কিউবায় জন্ম নিয়েছেন) ট্যাম্পার একটি ইমিগ্রেশন অফিসে নির্ধারিত চেক-ইন অ্যাপয়েন্টমেন্টে গেলে আটক করা হয়। তিনি কোনো যোগাযোগের সুযোগ ছাড়াই আটক ছিলেন এবং দুই দিন পরে কিউবায় পাঠিয়ে দেওয়া হয়। তার আইনজীবী ক্লডিয়া কানিয়ারেস বলেন, সানচেজ এখনও তাঁর মেয়েকে বুকের দুধ খাওয়ান, তাঁর মেয়ে খিঁচুনির সমস্যায় ভোগছে।

আইনজীবী কানিয়ারেস জানান, বৃহস্পতিবার (২৪ এপ্রিল) সকালে তিনি সানচেজের নির্বাসনের বিরুদ্ধে আইনি নথি জমা দিতে গেলে আইসিই তা নিতে অস্বীকার করে বলেন, সানচেজ ইতিমধ্যেই চলে গেছেন — যদিও কানিয়ারেস মনে করেন, তখনও তিনি দেশেই ছিলেন।

তিনি আরও বলেন, তিনি আইসিই-কে জানিয়েছিলেন যে তিনি সানচেজের মামলা নতুন করে খুলে তাঁকে যুক্তরাষ্ট্রে রাখার চেষ্টা করবেন, কিন্তু আইসিই জানায়, সানচেজ এখন কিউবায় থেকেও মামলা চালিয়ে যেতে পারবেন।

কানিয়ারেস আরও জানান, সানচেজ কোনো অপরাধী নন এবং মানবিক কারণে তাঁকে যুক্তরাষ্ট্রে থাকার ভালো কারণ আছে। কিন্তু আইসিই সেটি গুরুত্ব দিচ্ছে না, কারণ তারা নাকি নির্দিষ্ট নির্বাসন লক্ষ্য পূরণের চাপের মধ্যে আছে।

কানিয়ারেস জানান, সানচেজের বিরুদ্ধে ২০১৯ সালের একটি শুনানিতে হাজির না হওয়ার কারণে পুরনো এক নির্বাসন আদেশ ছিল। সে সময় তাঁকে ৯ মাস আটক রাখা হয়েছিল। পরে কিউবা তাঁকে ফেরত নিতে অস্বীকার করলে ২০২০ সালে সানচেজকে ছেড়ে দেওয়া হয় এবং নিয়মিত তাকে আইসিই অফিসে হাজিরা দেওয়ার নির্দেশ দেওয়া হয়।

নির্বাসনের সাম্প্রতিক এই ঘটনাগুলো যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতির মানবাধিকার ও ন্যায়বিচার সংক্রান্ত প্রশ্ন আরও জোরালো করেছে। আইনজীবীরা বলছেন, দ্রুত নির্বাসনের প্রক্রিয়ায় মৌলিক অধিকার উপেক্ষিত হচ্ছে এবং অনেক ক্ষেত্রে মানবিক বিবেচনাও রাখা হচ্ছে না। বিশেষ করে ছোট শিশুদের যুক্তরাষ্ট্রে রেখে দেওয়ার সুযোগ থাকা সত্ত্বেও তাদের মায়েদের সঙ্গে ফেরত পাঠানোর ঘটনাগুলো নীতিনির্ধারকদের মানবিক দায়িত্বের প্রতি প্রশ্ন তুলছে। যুক্তরাষ্ট্রের আদালতগুলো এখন এই সিদ্ধান্তগুলোর যথার্থতা এবং আইনি প্রক্রিয়া মানা হয়েছে কিনা, তা পর্যালোচনা করছে — যার ফলাফল ভবিষ্যতের অভিবাসন নীতিতে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে।

# পাক-ভারত যুদ্ধ কী অত্যাসন্ন?

**প্রথম পৃষ্ঠার পর**

তৎপরতা তুঙ্গে। সাড়ে পাঁচ বছর পর সুপার কেবিনেটের বৈঠক হয়েছে বুধবার। রাজনীতিবিষয়ক কেবিনেট কমিটিকেই সুপার কেবিনেট হিসেবে ধরা হয়। গুরুত্বপূর্ণ সব মন্ত্রীরাই এই কমিটির সদস্য। ২০১৯ সালে পুলওয়ামায় হামলার পরে সর্বশেষ বসেছিল সুপার কেবিনেটের বৈঠক। তারপরই পাকিস্তানের ভেতরে হয়েছিল ভারতের সার্জিক্যাল স্ট্রাইক।

বুধবার সারা দিনই ভারতের শীর্ষ নেতারা ব্যস্ত ছিলেন একের পর এক বৈঠকে। মাত্র চারদিন আগে হওয়া নিরাপত্তা সংক্রান্ত কেবিনেট কমিটির বৈঠক হয়েছে। বুধবার ফের বসেছিল সেই বৈঠক। এ ছাড়াও অর্থনীতি বিষয়ক কেবিনেট কমিটিরও বৈঠক হয়েছে বুধবার। সবক'টি বৈঠকেই সভাপতিত্ব করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। উপস্থিত ছিলেন রাজনাথ সিং, নির্মলা সীতারমন, অমিত শাহ, জেপি নাড্ডা, নীতিন গড়কড়ি সহ শীর্ষ মন্ত্রীরা। সংবাদ সংস্থা সূত্রের খবর, সব বৈঠকের আলোচ্য বিষয় ছিল নিরাপত্তা পরিস্থিতি এবং সামরিক প্রস্তুতি। সাত বছর পরে নিরাপত্তা উপদেষ্টা পর্ষদ পুনর্গঠন করেছে মোদি সরকার। জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের নেতৃত্বাধীন 'জাতীয় নিরাপত্তা পরিষদ' সুরক্ষা সংক্রান্ত মূল পদক্ষেপের দায়িত্বে রয়েছে। ভারতীয় গুপ্তচর সংস্থা 'র'-এর সাবেক ডিরেক্টর অলোক যোশীকে উপদেষ্টা পর্ষদের প্রধান করা হয়েছে। ছয় সদস্যের জাতীয় নিরাপত্তা পর্ষদে রয়েছেন সাবেক কূটনীতিক বি ভেঙ্কটেশ বর্মা, ভারতীয় বিমান বাহিনীর পশ্চিমাঞ্চলীয় কমান্ডের সাবেক প্রধান এয়ার মার্শাল পিএম সিংহ, স্থলসেনার দক্ষিণাঞ্চলীয় কমান্ডের সাবেক জিওসি লেফটেন্যান্ট জেনারেল (অবসরপ্রাপ্ত) একে সিংহ এবং নৌসেনার অবসরপ্রাপ্ত রিয়ার অ্যাডমিরাল মন্টি খান্না। দুই অবসরপ্রাপ্ত আইপিএস অফিসার রাজীব রঞ্জন বর্মা এবং মনমোহন সিংহও রয়েছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা পর্ষদে।

মঙ্গলবারই মোদি সেনা কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে কীভাবে, কোন সময়, কোন লক্ষ্যে আঘাত হানতে হবে তা স্থির করার পূর্ণ স্বাধীনতা দিয়েছেন ভারতীয় সেনাবাহিনীকে। সেনাবাহিনীর পেশাদারিত্বের উপর তার আস্থা রয়েছে বলেও জানিয়েছেন। প্রধানমন্ত্রীর বাসভবনে এই বৈঠকে উপস্থিত ছিলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল, তিন বাহিনীর প্রধান (সিডিএস) জেনারেল অনিল চৌহান, সেনাপ্রধান উপেন্দ্র দ্বিবেদী, নৌসেনার প্রধান অ্যাডমিরাল দীনেশ কে ত্রিপাঠী, এয়ার চিফ মার্শাল অমরপ্রীত সিংহ। পরে বৈঠকে যোগ দিয়েছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বৈঠকে নিরাপত্তার বিভিন্ন দিক নিয়ে পর্যালোচনা করা হয়েছে বলে সংবাদ সংস্থা সূত্রে জানানো হয়েছে। সোমবার রাজনাথ সিং সেনাবাহিনীর প্রস্তুতি নিয়ে মোদিকে অবহিত করেন। সেখানেও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল উপস্থিত ছিলেন। রোববার তিন বাহিনীর প্রধান জেনারেল অনিল চৌহানের সঙ্গে প্রতিরক্ষামন্ত্রী রুদ্ধদ্বার বৈঠক করেন। ভারত ও পাকিস্তানের মধ্যে গত ৬ দিন ধরে গুলিবিনিময়ের ঘটনা ঘটেছে। ভারতীয় সেনাবাহিনীর অভিযোগ, পাকিস্তান রাতের অন্ধকারে গুলি চালাচ্ছে। ভারতও পাল্টা জবাব দিচ্ছে বলে দাবি করা হয়েছে। তবে উল্টো দাবি করছে পাকিস্তানও। তবে ভারতের তৎপরতা নিয়ে শঙ্কিত বিশ্বনেতারা সংযমের কথা বলছেন। জাতিসংঘের মহাসচিব আন্তনিও গুতেরেস ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফের সঙ্গে আলাদাভাবে কথা বলেছেন। পেহেলগাম হামলার প্রেক্ষিতে ভারত কী ধরনের সামরিক ব্যবস্থা নেবে তা নিয়ে নানা স্তরে আলোচনা চললেও নির্দিষ্ট কোনো পদক্ষেপ নেয়ার বিষয়ে দ্বিধার মধ্যে রয়েছে বলে পর্যবেক্ষক মহলের ধারণা। তবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি একাধিকবার তার কঠোর মনোভাব ব্যক্ত করেছেন।

এদিকে, পাকিস্তানের তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার বলেছেন, পেহেলগামে সন্ত্রাসী হামলায় দেশটির জড়িত থাকার বিষয়ে 'ভিত্তিহীন এবং সাজানো অভিযোগের' ভিত্তিতে ভারতীয় বাহিনী আক্রমণ শুরু করার প্রস্তুতি নিচ্ছে। তিনি বলেন, ভারত 'বিচারক, জুরি এবং জল্লাদে'র ভূমিকা পালন করছে, যা তারা প্রত্যাখ্যান করে। তিনি বলেন, একটি দায়িত্বশীল রাষ্ট্র হিসেবে, পাকিস্তান খোলাখুলিভাবে সত্য নির্ণয়ের জন্য বিশেষজ্ঞদের একটি নিরপেক্ষ কমিশন দ্বারা একটি বিশ্বাসযোগ্য, স্বচ্ছ এবং স্বাধীন তদন্তের প্রস্তাব দিয়েছে। তথ্যমন্ত্রীর মতে, ইসলামাবাদ নিজেই সন্ত্রাসবাদের শিকার।

**আগ্রাসনের জবাব দেবে পাকিস্তান: শেহবাজ**

ভারতীয় আগ্রাসনের মোকাবিলায় পূর্ণ শক্তি দিয়ে জবাব দেয়ার হুঁশিয়ারি দিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ। জাতিসংঘের মহাসচিব অ্যান্তনিও গুতেরেসের সঙ্গে ফোনালাপের সময় এ হুঁশিয়ারি দেন তিনি। এ খবর দিয়েছে পাকিস্তানি সংবাদমাধ্যম এআরওয়াই নিউজ। এতে বলা হয়, মঙ্গলবার দক্ষিণ এশিয়াতে চলমান সবচেয়ে আলোচিত বিষয়টি নিয়ে কথা বলেছেন তারা। ফোনালাপে পাকিস্তানের প্রধানমন্ত্রী নিশ্চিত করেছেন, তার দেশ সকল ধরনের সন্ত্রাসবাদের নিন্দা জানায়। পাশাপাশি সন্ত্রাসের বিরুদ্ধে বিশ্বব্যাপী যুদ্ধে দেশটির উল্লেখযোগ্য ত্যাগ রয়েছে বলেও উল্লেখ করেন। পাকিস্তানের বিরুদ্ধে ভারতের একতরফা অভিযোগ প্রত্যাখ্যান করে পেহেলগামের ঘটনা উন্মুক্ত ও নিরপেক্ষভাবে তদন্তের কথা পুনর্ব্যক্ত করেছেন তিনি। ভারতের রাষ্ট্রীয় মদতে সন্ত্রাসবাদ এবং জঙ্গিবাদের অজুহাতে কাশ্মীরের মুক্তি আন্দোলনকে দুর্বল করার চেষ্টা করা হচ্ছে বলে অভিযোগ করেন পাকিস্তানের প্রধানমন্ত্রী। তিনি মনে করেন, ভারত অবৈধভাবে জম্মু ও কাশ্মীর দখল করে আছে। যা উদ্বেগের। শেহবাজ বলেছেন, ২৪ কোটি মানুষের জীবনধারণের উপায় হচ্ছে পানি। এক্ষেত্রে সিন্ধু অববাহিকার পানিতে ভারতের অপ্রতিরোধ্য অস্ত্র ব্যবহারের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন তিনি। ভারতের যেকোনো দুঃসাহসিক কাজের জবাবে পাকিস্তান তার পূর্ণ শক্তি ব্যবহার করে নিজেদের সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখণ্ডতা রক্ষা করবে বলে জোর দেন শেহবাজ। জাতিসংঘের মহাসচিবকে তিনি ভারতের প্রতি দায়িত্বশীল আচরণ এবং সংযম প্রদর্শনের পরামর্শ দেয়ার জন্য উৎসাহিত করেছেন। শেহবাজ উল্লেখ করেছেন, জম্মু ও কাশ্মীরের অমীমাংসিত সমস্যা দক্ষিণ এশিয়ায় অস্থিতিশীলতার মূল কারণ। এ বিষয়টি জাতিসংঘের নিরাপত্তা পরিষদে উত্থাপন এবং এর ন্যায্য সমাধানে ভূমিকা পালনের জন্য জাতিসংঘের মহাসচিবের প্রতি বিশেষ আহ্বান জানান শেহবাজ।

**ইমরান খানের নিন্দা**

কারাগারে থেকেই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির যুদ্ধপ্রবণ মনোভাবের নিন্দা জানিয়েছেন পাকিস্তান তেহরিকে ইনসাফ পার্টির (পিটিআই) নেতা ও সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান। মোদির আগ্রাসন ও তাদের শত্রুতা পাকিস্তানের জনগণকে ঐক্যবদ্ধ করেছে বলেও মন্তব্য করেন তিনি। এ খবর দিয়েছে দ্য নিউজ ইন্টারন্যাশনাল। এতে বলা হয়, বিভিন্ন রাজনৈতিক মামলায় বর্তমানে রাওয়ালপিন্ডির আদিয়ালা জেলে আটক আছেন পাকিস্তানের আলোচিত এই রাজনীতিবিদ। সেখান থেকেই মোদি ও ভারতের আগ্রাসনের বিরুদ্ধে নিজের আইনজীবীদের সঙ্গে কথা বলেছেন তিনি। যা পরবর্তীতে সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করা হয়েছে। পিটিআই নেতা বলেছেন, আমরা পাকিস্তানের বর্তমান শাসনব্যবস্থাকে প্রত্যাখ্যান করলেও মোদির যুদ্ধপ্রবণ মনোভাব এবং তাদের আঞ্চলিক শান্তিতে হুমকির বিরুদ্ধে সকল পাকিস্তানি ঐক্যবদ্ধ আছি। পেহেলগামের সন্ত্রাসী হামলার ঘটনায় নিহত ও তাদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন ইমরান খান। বলেছেন, আত্মসমালোচনা এবং তদন্তের পরিবর্তে, মোদি সরকার আবারো পাকিস্তানের উপর দোষ চাপাচ্ছে। তিনি আরও বলেন, ২০১৯ সালের পুলওয়ামা ঘটনার সময়ও আমরা সহযোগিতার প্রস্তাব দিয়েছিলাম, কিন্তু ভারত কোনো প্রমাণ দিতে পারেনি। আমি তখনই বলেছিলাম, ভবিষ্যতে আবার এমনই ঘটবে। এখন পেহেলগাম ঘটনার পর সেটাই দেখা যাচ্ছে।

**ভারতের বিরুদ্ধে কঠোর হুঙ্কার**

ভারতের বিরুদ্ধে কঠোর হুঙ্কার দিয়েছেন পাকিস্তানের সংসদ বিষয়ক মন্ত্রী ড. তারিক ফজল চৌধুরী। তার বক্তব্যে পাকিস্তানের সকল নাগরিকের বার্তা রয়েছে বলে উল্লেখ করেছে পাকিস্তানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা এপিপি। এতে বলা হয়, সিনেটে বক্তব্য দেয়ার সময় ড. তারিক ফজল বলেছেন, পাকিস্তান একটি শান্তিকামী দেশ, আক্রমণকারী নয়। তিনি আরও বলেন, আমরা সন্ত্রাসবাদের উৎস নই, বরং আমরা এর শিকার। সূত্র: মানবজমিন




NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
SWH
Senior Whole Health
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

**MOHAMMAD M RAHMAN MD**



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:
**718-526-0700, 718-383-4500**
**Cell- 718-864-8882**

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
|---|---|
| 30-04, 36th Avenue | 170-12 Highland Avenue |
| LIC, NY 11106 | Jamaica Estates, NY- 11432 |
| Tel: 718-383-4500 | www.drmrahman.com |

**Wasi Choudhury & Associates LLC**

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

Member: naea NYSSEA

**Wasi Choudhury, EA**
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে
ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।


**37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377**

**দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়**
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী




এটিএম, ফোন কার্ড এবং
মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্চ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।

**PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688**
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২

# ভার্জিনিয়ায় ৩৯তম আটলান্টা ফোবানার মিট এন্ড গ্রীট

**জুয়েল সাদত**

৩৯তম আটলান্টা ফোবানার মিট এন্ড গ্রীট ভার্জিনিয়ার স্প্রিংফিডের নিরালা ব্যাংকুয়েট হলে গত শনিবার (২৬ এপ্রিল) অনুষ্ঠিত হয়েছে। সভার শুরুতে মিডিয়া কমিটির সদস্য মিডিয়া ব্যক্তিত্ব এন্থনী গোমেজ ফোবানার বিষয়বস্তু আলোকপাত করেন।

হোস্ট কমিটির মেম্বার সেক্রেটারি মাহবুব ভুইয়া ৩৯তম আটলান্টা ফোবানার নানা আপডেট উপস্থাপন করেন এবং ওয়াশিংটন ও ভার্জিনিয়ার সকলকে আটলান্টায় আমন্ত্রন জানান।

মাহবুব ভুইয়া জানান, এবারের আয়োজক কমিটির নেতৃবৃন্দ এনআরবি ও সারাবিশ্বে ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রবাসীদের নিয়ে বিজনেস নেটওয়ার্ক তৈরি ও অভিজ্ঞতা বিনিময়, বিজনেস লাঞ্চ, বাংলাদেশের শিল্প, সাহিত্য, সাংস্কৃতিক, কৃষ্টি, ঐতিহ্য তুলে ধরে বিভিন্ন আসর, বিজ্ঞান মেলা, হস্তশিল্প মেলা, যুবমেলা, কাব্য জলসা, বইমেলা, ইয়ুথ ফোরাম গঠন, জব ট্রেইনিং, রিজিউমে প্রিপারেশনসহ বিভিন্ন বিষয়ে আলোচনায় নিয়ে ভিন্ন মাত্রার একটি



ফোবানা সম্মেলন আয়োজন করবে। যুক্তরাষ্ট্রের প্রায় ৭০টি সামাজিক-সাংস্কৃতিক সংগঠন এবারের সম্মেলনে অংশ নিচ্ছে।

অনুষ্ঠানে বক্তব্য দেন ফোবানা সম্মেলনের সদ্য সাবেক চেয়ারম্যান অ্যাটর্নি আলমগীর, ভয়েজ অব আমেরিকা বাংলা বিভাগের সাবেক প্রধান রোকেয়া হায়দার, জ্যেষ্ঠ সাংবাদিক আনিস আহমেদ, ফোবানা কেন্দ্রীয় কমিটির কোষাধক্য প্রিয়লাল কর্মকার, হোস্ট কমিটির প্রেসিডেন্ট ডিউক খান, কোঅর্ডিনেটর নাহিদুল খান, সিনিয়র সহ-কোঅর্ডিনেটর কাজী নাহিদ, মেম্বার সেক্রেটারি মাহমুদুর রহমান ভূঁইয়া, ভার্জিনিয়ার প্রবীণ জনহিতৈষী মজহারুল হক, ৩৮ তম ফোবানা সম্মেলনের প্রেসিডেন্ট নুরুল আমিন নুরু, মেম্বার সেক্রেটারি আবু রুমি ।

৩৯তম আটলান্টা ফোবানার কনভেনর নাহিদুল খান সাহেল ওয়াশিংটনের নেতৃবৃন্দ ও স্পনসরদের আটলান্টা ফোবানায় সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান।

# দ্রুততম সময়ে আ.লীগ নিষিদ্ধের দাবি এনসিপির

**ঢাকা ডেস্ক**

দ্রুত সময়ের মধ্যে আওয়ামী লীগের বিচার ও দলটিকে নিষিদ্ধের দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন। মঙ্গলবার রাতে রাজধানীর গুলিস্তান জিরো পয়েন্ট এলাকায় লিফলেট বিতরণ শেষে এ কথা জানান তিনি।

এ সময় আওয়ামী লীগের সময়কার গুম, খুন, অর্থপাচারসহ নানা অসংগতির ঘটনা তুলে ধরেন আখতার। তিনি অভিযোগ করেন, আওয়ামী লীগ ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালে অবৈধ নির্বাচনের মাধ্যমে জনগণের ভোটাধিকার হরণ করেছে।

এনসিপির সদস্য সচিব আরও জানান, ২০১৩ সালে হেফাজতের সমাবেশে চালানো হত্যাযজ্ঞের বিচার করতে হবে।

# সিটি হলে বাংলাদেশি শিশুদের

**প্রথম পৃষ্ঠার পর**

শিশুদের গল্প জানতে পারেন। প্রদর্শিত প্রতিটি ছবির সঙ্গে জুড়ে আছে শিশুদের গল্প। যা তাদের স্বপ্ন, সংগ্রাম ও সাফল্যের কথা বলে।

প্রদর্শনীর ছবিগুলো তুলেছেন বিশিষ্ট শিল্পী জয়া করিম। তিনি বলেন, এই প্রদর্শনীর মাধ্যমে আমি বিশ্বকে বলতে চাই অটিজম কোনো সীমাবদ্ধতা নয়। এটি একেকটি শিশুর নিজস্বতা ও সম্ভাবনার প্রতিচ্ছবি। তিনি বলেন, ছবিগুলো শুধু মুখের নয়, মনের ভাষা প্রকাশ করে। এই শিশুদের অনন্যতা ও সৌন্দর্যকে সামনে আনাই ছিল আমার মূল লক্ষ্য।


তিনি বলেন, আমরা ছবিগুলোর জন্য মিউজিয়াম পাওয়ার চেষ্টা করছি। তবে এখনও পাই নাই। মিউজিয়াম পেলে প্রদর্শনীর পর ছবিগুলো সেখানে স্থান পাবে।

নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস প্রদর্শনী ঘুরে দেখেন। তিনি বলেন, এই ছবি ও গল্পগুলো আমাদের অটিজম সম্পর্কে গভীরভাবে ভাবতে শেখায়। প্রতিটি মানুষ, বিশেষ করে শিশুরা সমাজে ভালোবাসা ও সম্মানের সঙ্গে বেঁচে থাকার অধিকার রাখে।

এ সময় অটিজম সম্পর্কে সকলকে সচেতন হওয়ার আহ্বান জানিয়ে সমাজে এর গ্রহণযোগ্য পরিবেশ গড়ে তোলার পরামর্শ দেন।

প্রসঙ্গত, অটিজম হলো মস্তিষ্কের বিকাশজনিত এক ধরনের ত্রুটি বা বৈকল্য যা শিশু মাতৃগর্ভে থাকাকালীন বহন করে নিয়ে আসে। প্রতিবছরের ২ এপ্রিল পালিত হয় বিশ্ব অটিজম সচেতনতা দিবস। অটিজমে আক্রান্ত ব্যক্তিদের জীবনমান উন্নয়নের সহযোগিতার প্রয়োজনীয়তা তুলে ধরতে গিয়ে জাতিসংঘের সাধারণ পরিষদে ২০০৭ সালের অক্টোবর মাসে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস' পালনের যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।






# নিউইয়র্কে ২৫৪ বিলিয়ন ডলারের বাজেট চুক্তি ঘোষণা

উত্তর আমেরিকা ডেস্ক


ক্যাথি হোকুল

নিউইয়র্ক রাজ্যের গভর্নর ক্যাথি হোকুল আগামী অর্থবছরের জন্য ২৫৪ বিলিয়ন ডলারের বাজেট চুক্তির ঘোষণা দিয়েছেন। বাজেট চুক্তিটি রাজ্যের মধ্যবিত্ত, শিক্ষার্থী এবং জননিরাপত্তাকে অগ্রাধিকার দিয়ে প্রণয়ন করা হয়েছে। ২৮ এপ্রিল রাতে আলবেনিতে তিনি এই ঘোষণা দেন।

জানা গেছে, নতুন বাজেটের আওতায় মধ্যবিত্ত শ্রেণির জন্য কর হ্রাসের ব্যবস্থা রাখা হয়েছে। একই সঙ্গে শিশু কর ক্রেডিট তিনগুণ বৃদ্ধি করা হবে। শিক্ষাক্ষেত্রে, রাজ্যের সব শিক্ষার্থীর জন্য বিনামূল্যে সকালের নাস্তা ও দুপুরের খাবারের ব্যবস্থা নিশ্চিত করতে অতিরিক্ত বিনিয়োগ বরাদ্দ করা হয়েছে।

গভর্নর হোকুল পূর্বে আশাবাদ ব্যক্ত করেছিলেন, সপ্তাহের শেষ নাগাদ বাজেট চুক্তি সম্পন্ন হবে। ঘোষণার মাধ্যমে তিনি সেই প্রতিশ্রুতির বাস্তবায়ন নিশ্চিত করলেন।

# ট্রাম্পের প্রতিশ্রুতির পরও ৯/১১ স্বাস্থ্য কর্মসূচি ধুঁকছে

**আক্রান্তরা চিকিৎসা পাচ্ছে না**

চিকিৎসা জটিলতায় এই সপ্তাহেই ক্যানসারে আক্রান্ত তিনজন সদস্য সময়মতো চিকিৎসা অনুমোদন পাননি।

উত্তর আমেরিকা অফিস

ভয়াবহ ৯/১১ সন্ত্রাসী হামলার পর ক্ষতিগ্রস্ত উদ্ধারকর্মী ও বেঁচে যাওয়াদের জন্য গঠিত স্বাস্থ্যসেবা কর্মসূচি আজও চরম সংকটে। ট্রাম্প প্রশাসনের সময় করা বাজেট কাটছাঁট ফিরিয়ে আনার প্রতিশ্রুতি দেওয়া হলেও বাস্তবে তা এখনো কার্যকর হয়নি, ফলে হাজার হাজার ভুক্তভোগী চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছেন।

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার হেলথ প্রোগ্রামের পরিচালক ড. জন হাওয়ার্ডকে পদে ফিরিয়ে আনার কথা ঘোষণা করেছিল ট্রাম্প সরকারের স্বাস্থ্য ও মানবসেবা সচিব রবার্ট এফ. কেনেডি জুনিয়র। কিন্তু এখন পর্যন্ত তিনি আনুষ্ঠানিকভাবে পুনর্বহাল হননি, যা কার্যক্রমে বড় ধরনের অচলাবস্থা সৃষ্টি করেছে।

সিনেটর চাক শুমার কড়া ভাষায় সমালোচনা করে বলেন, "ওরা সমস্যা তৈরি করে এখন নাটক করছে। আমরা চাই, ড. হাওয়ার্ডকে এখনই ফিরিয়ে আনা হোক। তিনি দায়িত্বে না থাকলে সেবা কার্যকর হয় না।"

এদিকে কর্মসূচির বহু কর্মী এখনও চাকরিতে ফিরতে পারেননি। যাদের ফিরিয়ে নেওয়া হয়েছে, তাদের অনেকেই পরে আবার অব্যাহতির চিঠি পেয়েছেন।

এফডিএনওয়াইয়ের প্রধান চিকিৎসা কর্মকর্তা ড. ডেভিড প্রেজান্ট জানান, "এটা যেন এক ধোঁকাবাজির খেলা। কিছু লোককে চাকরি থেকে বাদ দিয়ে আবার ফিরিয়ে আনা হচ্ছে, কিন্তু অধিকাংশই এখনও অনিশ্চয়তায়।"

একই সুরে কথা বলেন ৯/১১ অ্যাডভোকেসি গ্রুপ 'সিটিজেনস ফর দ্য এক্সটেনশন অফ দ্য জেমস জাড্রোগা অ্যাক্ট'-এর পরিচালক বেন চেভাত। তাঁর ভাষায়, "ওরা বারবার ভুল স্বীকার করছে, কিন্তু সেগুলো ঠিক করছে না। ভুক্তভোগীরা পরিষেবা পাচ্ছেন না—এটাই বাস্তবতা।"

চিকিৎসা জটিলতা এতটাই প্রকট হয়েছে যে এই সপ্তাহেই ক্যানসারে আক্রান্ত তিনজন এফডিএনওয়াই সদস্য সময়মতো চিকিৎসা অনুমোদন পাননি। এক জরুরি স্বাস্থ্যকর্মী, যার প্যানক্রিয়াটিক ক্যানসার ধরা পড়েছে, তাকেও জানানো হয়েছে—চিকিৎসা শুরুর কোনো সময়সীমা দেওয়া সম্ভব নয়।

বিশেষজ্ঞরা বলছেন, প্রয়োজনীয় মাঝ ও উচ্চপর্যায়ের কর্মকর্তা না থাকায় প্রতি মাসে যে শত শত নতুন মানুষ কর্মসূচিতে নাম লেখাতেন, সেই প্রক্রিয়াও এখন স্থবির। অথচ এই নিবন্ধনই রোগ নির্ণয় ও বিনামূল্যে চিকিৎসার প্রাথমিক ধাপ।

এর মধ্যেই হোয়াইট হাউস দাবি করছে, সেবার মান ক্ষতিগ্রস্ত হয়নি। কিন্তু অভ্যন্তরীণ ইমেইল ও মাঠপর্যায়ের অভিজ্ঞতা সে দাবিকে প্রশ্নবিদ্ধ করে তুলেছে।

এই মুহূর্তে প্রায় ১ লাখ ৩৭ হাজার মানুষ ওয়ার্ল্ড ট্রেড সেন্টার হেলথ প্রোগ্রামের ওপর নির্ভরশীল। তাদের মধ্যে অন্তত ৮৩ হাজার জনের শরীরে ইতোমধ্যে ৯/১১-সংশ্লিষ্ট রোগ শনাক্ত হয়েছে।

# নিউইয়র্কে কনজেশন প্রাইসিং বাতিলে গুরুতর আইনি ঝুঁকি, বিস্ফোরক তথ্য ফাঁস

রোকেয়া দীপা

নিউইয়র্ক সিটির কনজেশন প্রাইসিং বাতিলের ক্ষেত্রে ট্রাম্প প্রশাসনের সিদ্ধান্তে গুরুত্বপূর্ণ আইনি ঝুঁকি রয়েছে বলে মার্কিন বিচার বিভাগের (ডিওজে) একটি ভুলবশত দাখিল করা নথিতে উঠে এসেছে।

গত বুধবার রাতে ভুলক্রমে দাখিল করা ১১ পৃষ্ঠার একটি চিঠিতে বিচার বিভাগের নিউইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্টের আইনজীবীরা মার্কিন পরিবহন দপ্তরের সচিব শন ডাফির সিদ্ধান্তের কঠোর সমালোচনা করেন। চিঠিতে উল্লেখ করা হয়, এই সিদ্ধান্ত আদালতে টিকে থাকার সম্ভাবনা খুবই কম এবং এটি প্রশাসনিক প্রক্রিয়া আইনের পরিপন্থী, অযৌক্তিক ও প্রহসনমূলক।

চিঠিতে বলা হয়েছে, সচিব ডাফির দুটি প্রধান যুক্তি কনজেশন টোল শুধুমাত্র রাজস্ব বাড়ানোর উদ্দেশ্যে চালু হয়েছে এবং এতে টোল-মুক্ত বিকল্প নেই। এই যুক্তিগুলো আদালতে গ্রহণযোগ্য নয় বলে মত দিয়েছেন ডিওজের আইনজীবীরা।

তবে বিকল্প হিসেবে ডিওজে আইনজীবীরা সুপারিশ করেছেন, কনজেশন প্রাইসিং বাতিলের পক্ষে 'প্রশাসনিক অগ্রাধিকারের পরিবর্তন' সংক্রান্ত ওএমবি (অফিস অব ম্যানেজমেন্ট অ্যান্ড বাজেট) এর বিধিমালাকে ব্যবহার করা যেতে পারে।

বৃহস্পতিবার সকালে বিচারকের কাছে দাখিল করা এক চিঠিতে ডিওজে কর্তৃপক্ষ স্বীকার করে, এটি স্পষ্টতই ভুলবশত দাখিল হয়েছে। তারা ওই নথি স্থায়িভাবে সিল করার আবেদন জানিয়েছে। মার্কিন অ্যাটর্নির মুখপাত্র নিকোলাস বায়াসে এক বিবৃতিতে বলেন, এটি একটি সম্পূর্ণ অনিচ্ছাকৃত ও মানবিক ভুল।

উল্লেখ্য, জানুয়ারি মাসে শুরু হওয়া এই কনজেশন প্রাইসিং প্রোগ্রামটি যুক্তরাষ্ট্রে প্রথম। যার আওতায় প্রতিদিন পিক আওয়ারে ম্যানহাটনের ৬০তম স্ট্রিটের নিচে ঢোকার জন্য যাত্রীবাহী যানবাহনে ৯ ডলার, ছোট ট্রাক ও চার্টার বাসে ১৪ দশমিক ৪০ ডলার এবং বড় ট্রাক ও ট্যুর বাসে ২১ দশমিক ৬০ ডলার টোল নির্ধারণ করা হয়েছে।

কিন্তু ফেব্রুয়ারিতে ক্ষমতায় এসে ট্রাম্প প্রশাসন এই প্রোগ্রাম বাতিল করে। যার পর মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথরিটি (এমটিএ) আদালতে মামলাও করে। মামলায় বলা হয়েছে, এই বাতিলের সিদ্ধান্ত অবৈধ, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এবং নিউইয়র্কবাসীর স্বার্থের পরিপন্থী।

# শ্রীমঙ্গল এসোশিয়েশনের সঙ্গে সায়েদ আলীর মতবিনিময়

শেখ শফিকুর রহমান, নিউইয়র্ক

যুক্তরাষ্ট্রে সফররত কাতারের ব্যবসায়ী এবং শ্রীমঙ্গল উপজেলার শাদি

মহল কমিউনিটি সেন্টার, শ্রীমঙ্গল ইন হোটেল এন্ড রেস্টুরেন্ট, সাতগাঁও টাওয়ারের স্বত্বাধিকারী সাতগাঁও সামাদিয়া আলিয়া মাদ্রাসা ম্যানেজিং কমিটির সভাপতি ও সাতগাঁও রমিজা খাতুন এতিম খানা মাদ্রাসার প্রতিষ্ঠাতা

মোহাম্মাদ সায়েদ আলীর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে আগমন উপলক্ষে শ্রীমঙ্গল এসোসিয়েশন ইনকের উদ্যোগে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।



গত বুধবার (৩০ এপ্রিল) কুইন্সের বেলরুশ এনওয়াইপিডি অফিসার গাজী জুয়েলের বাসভবনে এ সভা অনুষ্ঠিত হয়। শ্রীমঙ্গল এসোসিয়েশনের ইসভাপতি মোস্তাক এলাহী চেমনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সুফিয়ান

চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে অংশ নেন শ্রীমঙ্গল এসোসিয়েশনের সাবেক সভাপতি মামুনুর রশিদ শিপু, সদস্য আব্দুল হাকিম সুলায়মান, সাংবাদিক শেখ শফিকুর রহমান, এনওয়াইপিডির অফিসার জুয়েল গাজী। চেমন এলাহী সায়েদ আলীকে এসোসিয়েশনের পক্ষ থেকে ধন্যবাদ জানান।

সায়েদ আলী বলেন, 'সুদুর কাতারে কষ্টার্জিত অর্থ দিয়ে দেশে এবং কাতারে বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান গড়ে তুলে ছোট পরিসরে হলেও কর্মসংস্থানের ব্যবস্থা করার চেষ্টা করেছি।'

তিনি আরো বলেন, 'আপনাদের দোয়ায় সাতগাঁওয়ে আমার মায়ের নামে শিশুদের ধর্মীয় শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে এতিমখানা ও মাদ্রাসা প্রতিষ্ঠা করেছি।'

# নারীদের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করা হবে

**জামায়াত আমির**

ঢাকা ডেস্ক

জামায়াতে ইসলামি রাষ্ট্রক্ষমতায় গেলে নারীরা যোগ্যতা ও সম্মান নিয়ে কাজ করতে পারবে এবং অতীতের যেকোনো সময়ের তুলনায় কর্মক্ষেত্রে আরও বেশি নিরাপদ থাকবে বলে মন্তব্য করেছেন দলটির আমির ডা. শফিকুর রহমান।

আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে আজ বৃহস্পতিবার (১ মে) সকালে রাজধানীর পল্টনে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের আয়োজিত এক সমাবেশে এ কথা বলেন তিনি।

নারীদের নামাজের জন্য পৃথক ও পর্যাপ্ত সুযোগ নিশ্চিত করার আহ্বান জানিয়ে শফিকুর রহমান বলেন, পুরুষের জন্য প্রতিষ্ঠানগুলোতে নামাজসহ বিভিন্ন সুযোগ-সুবিধা রাখা হয়। তবে নারীদের জন্য তেমন সুযোগ-সুবিধা দেখা যায় না। বৈষম্যহীন সমাজ গড়তে নারীদের জন্য সমান সুযোগ-সুবিধা রাখতে হবে।

প্রধান অতিথির বক্তব্যে জামায়াতের আমির আরও বলেন, 'অনেক শ্রমিক এমন স্বল্প পারিশ্রমিকে কাজ করছেন, যা দিয়ে তাদের জীবন চালানোই কঠিন হয়ে পড়ে। ফলে তাঁরা বাধ্য হন ওভারটাইম করতে। এই অমানবিক পরিস্থিতির অবসান ঘটাতে হবে।'

শফিকুর রহমান বলেন, শ্রমিকেরা বিভিন্নভাবে নির্যাতিত ও অধিকার বঞ্চিত। তাঁদের সঠিক মূল্যায়ন হয় না এবং চাঁদাবাজদের শিকার হতে হয়। মালিক-শ্রমিক উভয় পক্ষকেই দায়িত্বশীল হতে হবে। ভালোবাসা ও সম্মানের ভিত্তিতে দেশ গড়তে হবে।

শ্রমিক-মালিক সম্পর্ক নিয়ে জামায়াতের আমির বলেন, 'অনেক সময় মালিকদের বিরুদ্ধে শ্রমিক নির্যাতনের অভিযোগ ওঠে। মালিক-শ্রমিক দ্বন্দ্ব আমরা চাই না।

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্মক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

**এম এ জামান** (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স







GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300
OFF
* Minimum $10000 cash
purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


LEGAL NETWORK
INTERNATIONAL, LLC
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির
সবচেয়ে আলোচিত, পরিচিত এবং
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ইমিগ্রেশন/ এসাইলাম সেন্টার:
গ্রিন কার্ড ও নাগরিকত্ব
অর্ধ শতাধিক ATTORNEY এবং
CPA দের সমন্বয়ে গড়া
ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL
COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.
৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫,৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com


জ্যামাইকার
আল মাদিনা
হালাল লাইভ পোল্ট্রিতে
Halal Live Chicken
বিশাল মূল্যছাড়!
যে কোন ধরনের ১৫টি চিকেন কিনলে ৭টি ফ্রি!
১০টি চিকেন কিনলে ৪টি ফ্রি!!
RED colour
আমরা হালাল উপায়ে জবাই করে আপনার পছন্দমত মাংস সরবরাহ করে থাকি
এ ছাড়া ডেলিভারিও করা হয়
অফারটি ১৫ মে পর্যন্ত
حلال
HALAL
Buy three water ducks for $45 Buy 10 Quail for $30 Chukar $9 each pigeon $10 each
Special finished on May 15 2025
Also We deliver your order
আজই যোগাযোগ করুন
150-24 Beaver Road,
Jamaica, New York 11433
Phone 718-526-3333

# শিল্পী সেলিম চৌধুরীকে সংবর্ধনা জালালাবাদ এসোসিয়েশনের

**ক্যালিফোর্নিয়া**

**উত্তর আমেরিকা ডেস্ক**

বাংলাদেশের গর্ব, জালালাবাদের সন্তান জনপ্রিয় সংগীতশিল্পী সেলিম চৌধুরীকে সংবর্ধনা দিয়েছে জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্নিয়া। গত ২৫ এপ্রিল সন্ধ্যায় ক্যালিফোর্নিয়ার আগ্রা ইন্ডিয়ান রেস্টুরেন্টে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সেলিম চৌধুরী বাফেলোর ১৮তম বাংলাদেশ ডে প্যারেড ও ফেস্টিভ্যালে আমন্ত্রিত অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। তার আগমন উপলক্ষে প্রবাসী জালালাবাদবাসী আনন্দে উচ্ছ্বসিত হয়ে ওঠেন। সংবর্ধনা অনুষ্ঠানে এসোসিয়েশনের কার্যকরী কমিটির সদস্যবৃন্দ, সম্মানিত উপদেষ্টামণ্ডলী এবং বিপুলসংখ্যক জালালাবাদবাসী উপস্থিত ছিলেন।



সংক্ষিপ্ত বক্তব্যে শিল্পী সেলিম চৌধুরী বাংলাদেশের শমশেরনগর হাসপাতাল নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং মানবতার কল্যাণে কাজ করে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন। অনুষ্ঠানে তাকে জালালাবাদ এসোসিয়েশন অব ক্যালিফোর্নিয়ার পক্ষ থেকে একটি সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি আব্দুল মোমিন এবং সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক লায়েক আহমেদ।

অনুষ্ঠান শেষে অতিথিদের সাথে নিয়ে শিল্পীর সম্মানে এক নৈশভোজের আয়োজন করা হয়।

# জাতীয় নিরাপত্তা উপদেষ্টাকে সরিয়ে দিলেন ট্রাম্প

**উত্তর আমেরিকা ডেস্ক**

হোয়াইট হাউসের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা মাইক ওয়ালৎসকে দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ পদে অন্তর্বর্তী সময়ের জন্য দায়িত্ব পালন করবেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। বৃহস্পতিবার এমন সিদ্ধান্তের কথা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট।

এর মধ্য দিয়ে জানুয়ারিতে প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণের পর ট্রাম্পের অভ্যন্তরীণ বলয় বড় ধাক্কা খেল। সামাজিক যোগাযোগমাধ্যমে করা এক পোস্টে ট্রাম্প বলেছেন, জাতিসংঘে পরবর্তী মার্কিন দূত হিসেবে ওয়ালৎসকে মনোনীত করবেন তিনি। তিনি বলেন, 'আমাদের জাতীর স্বার্থকে সর্বাগ্রে রাখতে কঠোর পরিশ্রম করেছেন তিনি (ওয়ালৎস)।'

মাইক ওয়ালৎসকে যে ট্রাম্প দায়িত্ব থেকে সরিয়ে দেবেন, সে ইঙ্গিত বৃহস্পতিবারই দিয়েছিল কয়েকটি সূত্র। আর রুবিওর আগে সবশেষ একসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী ও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছিলেন হেনরি কিসিঞ্জার। সেটি সত্তরের দশকের ঘটনা।



মাইক ওয়ালৎস

এর আগে ওয়ালৎসের পদ শঙ্কায় পড়ে যায় তখন, যখন তিনি একটি নিরাপত্তাসংক্রান্ত বার্তার গ্রুপ চ্যাটে ভুলক্রমে একজন সাংবাদিককে যুক্ত করেন। যদিও তখন প্রেসিডেন্ট তাঁকে বরখাস্ত করেননি। তবে সেই ঘটনার পর থেকে ওয়ালৎস তাঁর প্রভাব হারাতে থাকেন।







PPL-এর আমরা অথরাইজড এজেন্ট
CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।
COMMITTED
HOME CARE
সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।
PPL & NYS DEPARTMENT OF HEALTH এর
অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস
TRANSFER এ সহযোগিতা করে থাকি।
আজই যোগাযোগ করুন - (718) 457-0813
কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।
আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।
CORPORATE OFFICE:
37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814
Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

Contact with us
718-874-0047
Email:
info@yourdreamhomecare.com

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ-এর (CDPAP) প্রোগ্রামের অধীনে কোনো HHA সার্টিফিকেশন ছাড়াই হোম কেয়ারের মাধ্যমে ঘরে বসেই আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ি, আত্মীয়-স্বজন, প্রতিবেশী ও প্রিয়জনদের সেবা দিয়ে আপনি প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন এবং সেবা প্রদানকারীকে নির্বাচন করতে পারেন।

# YOUR DREAM HOME CARE

*Get paid to take care of your loved ones*

## আপনার বিশ্বস্ত হোম কেয়ার এজেন্সী

37-18, 73 Street, Suite # 402, Jackson Heights, NY 11372

**718-874-0047**

Email:info@yourdreamhomecare.com

www.yourdreamhomecare.com







প্রতি সোম, বুধ ও শুক্রবার বাসা ভাড়া, মেডিকেইড ও ফুড স্ট্যাম্পের আবেদনে আমরা সহায়তা করি।

পারিবারিক স্বাস্থ্যসেবা সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন

**Head Office**
37-18, 73 Street, Suite # 402
Jackson Heights, NY 11372
(718) 874-0047, 917-560-0129

**M AZIZ**
**CEO & President**
Your Dream Home Care
Ex-President & Chairman
Board of Trustee
Bangladesh Society Inc. USA

এ কাজের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নাই।

আমরা কোনো ফি নেই না।

আপনার প্রিয়জনের সমস্ত খরচ মেডিকেইড বহন করবে এবং এটি সম্পূর্ণ আইনসম্মত।

কেইস ট্রান্সফারের মাধ্যমে বেশি অর্থ উপার্জন করুন।

**Jamaica Office:**
168-47 Hillside Ave, 2nd Floor
Jamaica, NY 11432
(929) 400-4785, (718)874-0047

**Sutphin Branch**
**Mohammad Khair**(Director)
97-01 Sutphin, Blvd
Jamaica NY 11435
(929)-225-0746, (718) 755-0153
(718) 718-874-0047

**Ozone Park Office**
7721-101 Ave. Ozone Park
New York 11416
(718) 874-0047, 347-771-0115

**Ozone Park Office**
720 Liberty Ave, Brooklyn NY 11208
(646) 500-1657, (718)874-0047

1088 Liberty Avenue,
Brooklyn NY 11208
(929) 283-8432

**Fulton Office:**
584 Nostrand Ave. NY 11216
(646) 5001657

**Bronx Office**
2140 Starling Ave.
Bronx, NY 10462
917-391-4841, 718-874-0047 (Office)
Fax 718-874-0069

Bangladesh Plaza
3105 Bally Ave. Buffalo NY 14215
(347) 357-4252, (347) 520-9699

**Buffalo Office:**
1155 Broadway Buffalo, NY 14212
(347) 335-3617, (718) 874-0047

1299 Harlam Road
Buffalo, NY 14094
(716) 400 1446

**Albany Office**
114 Quail St. Albany, NY 12203
518-379-5496, 518-243-9096
718-864-2061

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্রে

## সবধরণের ইমিগ্রেশন সমস্যায়

## KHAIRUL BASHAR LAW OFFICES

দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন এটর্নি

আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি

- ফ্যামিলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
- এসাইলাম ও ডিপোর্টেশন ডিফেন্স
- ওয়েভারস (1-601, 1-601A & 1-212)
- বর্ডারে গ্রেফতার, ডিটেনশন ও বন্ড
- আপিল ও রিট অব ম্যান্ডামাস
- U ভিসা, VAWA & SIJS
- EB-1 EB-2 NIW & EB-3
- বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
- কন্স্যুলার প্রসেসিং ও 221(g) ভিসা রিফিউজাল



KHAIRUL BASHAR, MBA.LLM.
ATTORNEY AT LAW

CALL NOW
(718) 775-8509 - (212) 464-8620

আমাদের সাথে যোগাযোগ করুন

7232 Broadway, Suite 301-302
**Jackson Heights,** NY 11372
Khairul@basharlaw.com

1629 K Street NW, Suite 300
**Washington,** D.C. 20006
(888) 771-4529

KHAIRUL BASHAR
LAW OFFICES

#Khairul Basharlaw
www.basharlaw.com
+1 (202) 983- 5504

Admitted in Washington, D.C., and Alabama State Bar | Parctice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States

## রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট



Nurul Azim

Your Any Question Contact Here
+1 516 451 3748



- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO প্রপার্টি

**Eastern Investment**
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com

THE ONLY BANGLADESHI OWNED
HOMECARE PPL FACILITATOR




বাংলাদেশী মালিকানাধীন
লাইসেন্সড হোম কেয়ার এজেন্সি
আপনজনদেরকে সেবার মাধ্যমে ঘরে বসেই আয় করুন

ADDRESSES

- 172-15 Hillside Avenue Queens, NY 11432
- 2162 Westchester Ave, Bronx, NY 10462
- 3329 Bailey Ave, Buffalo, NY 14215
- 21 101 Ave, Brooklyn, NY 11208
- 136-20 38th Ave, Ste 3A2, Flushing, NY 11354
- 332 Broadway, Staten Island, NY 10310

লক্ষণীয়

✓ আমরা বাংলায় কথা বলি
✓ আমরা সর্বোচ্চ রেটে পেমেন্ট করে থাকি

CONTACT
DHCARE NY LLC
(718) 459-0180
FAX: 718-561-2834,
E-MAIL: SUPPORT@DHCARENY.COM
WEB: WWW.DHCARENY.COM

BARI HOME CARE
YOUR HEALTH OUR CARE

# বারী হোম কেয়ার

• Ultracare Family Wellness of NY, Inc.
• Diana's Angels Home Care Inc.

# PCA/HHA HOME CARE
## Service Provider

- **Home care PCA/PA** দের সর্বোচ্চ সাপ্তাহিক পেমেন্ট **Direct Deposit** এর মাধ্যমে দেওয়া হয়।
- **Home care** সুবিধা পেতে আমরা কোন ফি চার্জ করি না।
- আমরা **Medicaid** এর আবেদন ও নবায়নে সাহায্য করে থাকি।
- **We hire PCA Aides/ Provide Training & Certificate**
- **We speak Bengali, Hindi, Urdu, Punjabi & Spanish**

আমরা HHA/PCA
সার্টিফিকেট প্রদান করে
হোম কেয়ারে সকল সেবা প্রদান করছি।

## PCA সেবা নিতে চান?
## আমাদের সাথে যোগাযোগ করুন




**NYS- licensed LHCSA Agency Offering Professional, compassionate care – we are ready to help you to Enroll PCA/HHA services.
Our Expert Team will guide you through the LHCSA transition with trained PCA ready to help.**

# THE BARI GROUP

BARI TOWER | BARI HOME CARE | BARI SUPERMARKET | BARI RESTAURANT | BARI PARTY HALL | BARI MEDIA | BARI CHARITY FOUNDATION | BARI &BARI | BARI ESTATE | BUTTERFLY SENIOR DAY CARE

**Head Office:**
37-16 73rd St., 4th FL
Suite 401
Jackson Heights, NY 11372
Tel: 718-898-7100

**Jamaica Office:**
169-06 Hillside Ave,
2nd FL
Jamaica, NY 11432
Tel: 718-291-4163

**Bronx Office:**
1412 Castle Hill Ave
2nd FL, Suite 201
Bronx, NY 10462
Tel:718-319-1000

**Woodside Office:**
49-22 30th Ave
Woodside,
NY 11377
Tel: 347-242-2175

**Brooklyn Office:**
31 Church Ave, #8
Brooklyn, NY 11218
Tel: 347-837-4908
Cell: 347-777-7200

**Long Island Office:**
469 Donald Blvd.
Holbrook, NY 11741
Tel: 631-428-1901

**Ozone Park Office:**
1088 Liberty Ave
Brooklyn, NY 11208
Tel: 470-447-8625

**Buffalo Office:**
59 Walden Ave,
Buffalo, NY 14211
Tel: 716-891-9000
716-400-8711

**Buffalo Office:**
977 Sycamore St
2nd Floor,
Buffalo. NY 14212
Tel: 347-272-3973

**Bari Tower**
74-09 37th Ave,
Room 401
Jackson Heights,
NY 11372
Tel: 718-898-7100

**CALL US TODAY: 718-898-7100, 631-428-1901**
**Fax: 646-630-9581, info@barihomecare.com www.barihomecare.com**

# এনএএসিপির বার্ষিক ‘ফ্রিডম ফান্ড গালা’ অনুষ্ঠিত

**আটলান্টিক সিটি**

**সুব্রত চৌধুরী**

যুক্তরাষ্ট্রের নিউ জার্সি রাজ্যের দ্য ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর দ্য অ্যাডভান্সমেন্ট অব কালারড পিপলের (এনএএসিপি) আটলান্টিক সিটি চ্যাপটারের বার্ষিক ‘ফ্রিডম ফান্ড গালা’ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গত শনিবার (২৬ এপ্রিল) রাতে হার্ডরক ক্যাসিনোর বলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্য দেন সংগঠনের সভাপতি কলিম শাহবাজ। পোপ ফ্রান্সিসের মৃত্যুতে শোক জানিয়ে অনুষ্ঠানে এক মিনিট নীরবতা পালন করা হয়।

অনুষ্ঠানে ব্যবসায়ী, শিক্ষাবিদ, রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দ, পুলিশ প্রধান, সিটি কাউন্সিলরগণ, নগর কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তারাসহ বিভিন্ন কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।



অনুষ্ঠানে আটলান্টিক সিটির স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী, বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি মো. জহিরুল ইসলাম বাবুল, গিয়াসউদ্দীন পাঠান, মাহমুদ শাহ অংশ নেন।

অনুষ্ঠানে বিভিন্ন কমিউনিটি ব্যক্তিত্বকে কমিউনিটি সেবায় অবদান রাখায় পুরস্কৃত করা হয়।

এনএএসিপির আটলান্টিক সিটি চ্যাপটারের সহসভাপতি রোজি সেগুরা ‘ফ্রিডম ফান্ড গালা’ অনুষ্ঠান সফল করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।



# এসি ডাকটাউনের উদ্যোগে আটলান্টিক সিটিতে ‘নববর্ষ বরণ’ উৎসব

**সুব্রত চৌধুরী,** নিউ জার্সি

যুক্তরাষ্ট্রের নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে অনুষ্ঠিত হয়েছে বাংলা ‘নববর্ষ বরণ’ উৎসব।

এসি ডাকটাউনের উদ্যোগে বুধবার (৩০ এপ্রিল) বিকেলে স্টকটন বিশ্ববিদ্যালয়ের নোয়েস আর্ট গ্যারেজে আয়োজিত অনুষ্ঠানে ছিল সংগীত, নৃত্য, আবৃত্তি ও বৈশাখী মেলা।

সারা সোলায়মানের সঞ্চালনায় অনুষ্ঠানে বৈশাখী শুভেচ্ছা জানান নোয়েস আর্ট গ্যারেজের নির্বাহী পরিচালক মাইকেল কাগনো, বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা, বাংলাদেশ এসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টির সাধারণ সম্পাদক সোহেল আহমেদ।

অনুষ্ঠানে গান করেন জয়ন্ত সিনহা ও আসিফ আনোয়ার।

উল্লেখ্য, আটলান্টিক সিটির সাংস্কৃতিক বৈচিত্র্যের স্বীকৃতি হিসেবে এবং এই সিটিতে বসবাসরত বিভিন্ন কমিউনিটির মধ্যে সম্প্রীতি দৃঢ় করার লক্ষ্যে গত ১৬ এপ্রিল বিকেলে অনুষ্ঠিত সিটি কাউন্সিলের সভায় পহেলা বৈশাখকে বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। তারই ধারাবাহিকতায় এবারের “নববর্ষ বরণ” অনুষ্ঠানটি পেয়েছিল ভিন্ন এক মাত্রা। বাংলা সংস্কৃতির রূপ, রস ও বৈচিত্র্যের নান্দনিক উপস্থাপনায় বৈশাখের রঙে রঙিন হয়ে উঠেছিল আটলান্টিক সিটি।

তাকডুম তাকডুম বাজে বাংলাদেশের ঢোল- এই গানের সুরে প্রবাসীরা হয়ে পড়েছিল নস্টালজিক। তারা সংগীত ও নৃত্যের ছন্দে পালন করেছেন তাদের প্রাণের উৎসব বাংলা নববর্ষ, যা পরম আরাধ্য ও চরম প্রাপ্তির বৈকুণ্ঠময় অনুভবের স্মারক হয়ে থাকল।

আয়োজকদের কথায়, এই উদযাপনের মূল উদ্দেশ্য বৃহত্তর প্রবাসী সম্প্রদায়ের মধ্যে বাংলা সংস্কৃতির প্রকৃত বার্তা পৌঁছে দেওয়া, যাতে করে তারা তা অন্তরে ধারণ করে বেঁচে থাকতে পারে। প্রবাসে বেড়ে ওঠা প্রজন্মের মনোজগতে বাংলা সংস্কৃতি যাতে চির জাগরুক থাকে, সেই লক্ষ্যেই ছিল তাদের এই প্রয়াস।

# সম্মিলিত বরিশাল বিভাগবাসী ইউএসএর দোয়া মাহফিল ও সাধারণ সভা অনুষ্ঠিত

**উত্তর আমেরিকা অফিস**

সম্মিলিত বরিশাল বিভাগবাসী ইউএসএ ইনকের দোয়া মাহফিল ও সাধারণ সভা নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ইটজি চাইনিজ রেস্টুরেন্টে গত রোববার (২৭ এপ্রিল) অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে কার্যকরী পরিষদ (২০২৫-২০২৭) গঠনের লক্ষ্যে মোহাম্মদ কায়কোবাদ খানকে সভাপতি, কামরুজ্জামান বাচ্চুকে সিনিয়র সহ-সভাপতি ও লস্কর মইজুর রহমান জুয়েলকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়।

সংগঠনের সভাপতি এমএ সালাম আকন্দের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক লস্কর মইজুর রহমান জুয়েলের সঞ্চালনায় দোয়া পরিচালনা করেন মাওলানা আবু জাফর বেগ।

অনুষ্ঠানে আব্দুস সবুরের বড় ভাই মরহুম শুকুর তালুকদার সেলিম, মরহুম রফিকুল ইসলাম সেলিম, মোহাম্মদ কায়কোবাদ খানের স্ত্রী, উপদেষ্টা ফারুক হুসাইনের স্ত্রী, প্রয়াত হাফিজ আহমেদ ও সাথী আহমেদ, প্রায়াত আ. রব হাং, প্রয়াত এমএল গাজী, প্রয়াত হুমায়ুন কবির, প্রয়াত বাদল আকন্দের আত্নার শান্তির জন্য দোয়া করা হয়।

অসুস্থদের মধ্যে সংগঠনের সদস্য মনিরুল ইসলাম মনির বড় বোন, উপদেষ্টা শওকত আকবর রিচি ভাইয়ের স্ত্রী, প্রধান নীতিনির্ধারক মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তালুকদারের স্ত্রী ও সহ-সভাপতি তরিকুল ইসলাম প্রিন্সের সুস্থতা কামনা করে দোয়া করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন এমএ সালাম আকন্দ। শুভেচ্ছা বক্তব্য দেন মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তালুকদার, আব্দুস সবুর সাবেক, আক্তারুর রহমান মামুন, শওকত আকবর রিচি, ফারুক হুসাইন, শিরিন আক্তার, মোহাম্মদ কায়কোবাদ খান, কামরুজ্জামান বাচ্চু।

সভায় উপস্থিত ছিলেন উপদেষ্টা মো. জসিম চৌধুরী, শওকত আকবর রিচি, ফারুক হুসাইন, শিরিন আক্তার, মোহাম্মদ নকিব খান, নীতি নির্ধারক মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তালুকদার, আব্দুস সবুর সাবেক, মোহাম্মদ কায়কোবাদ খান, সদস্য মনিরুল ইসলাম মনি, আবু জাফর বেগ, ২০২২-২০২৪ মেয়াদের কার্যকরী কমিটির সদস্য এমএ সালাম আকন্দ, কামরুজ্জামান বাচ্চু, আক্তারুর রহমান মামুন, এসএম মোজাম্মেল হক, কাজী রবি-উজ-জামান, সাঈদ রহমান, গোলাম বাচ্চু কার্যকরী।



In Pursuit of Excellence

# LAW OFFICES OF CHANDA THAPA PLLC

260 W 35th Street, Floor 11
New York, NY 10001



ATTORNEY CHANDA THAPA

# INJURED

CALL
**929-707-8656**

**FREE**
CONSULTATION
24/7

১৫ বছরেরও বেশি সময় ধরে কমিউনিটি এর মধ্যে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য নাম

**আপনার টাকা না পাওয়া পর্যন্ত কোন ফি নেই**



Attorney Eitan Magendzo

ইনজুরি মামলায় ১১ বছরেরও বেশি অভিজ্ঞতা

একটি একসিডেন্ট মামলায় ১.৫ মিলিয়ন ডলার উদ্ধার

নির্মাণ সাইট বা রেস্তোরাঁয় কাজ করতে গিয়ে আহত?

উবার বা লিফট পরিচালনা করার সময় আহত?

নিজ বা মালিকের গাড়ি চালানোর সময় আহত

সুপারমার্কেট বা দোকানে কাজ করতে গিয়ে আহত?

যেকোনো আঘাত, পড়ে যাওয়া বা দুর্ঘটনা আমাদের কল করুন



Mohammad Zahid Hossain
LLM, USA

আমরা বাংলায় কথা বলি

মনে রাখবেন যে অতীতের ফলাফলগুলি ভবিষ্যতের ফলাফলের গ্যারান্টি দেয় না।
এটি একটি বিজ্ঞাপন। আপনার যদি আইনি পরামর্শের প্রয়োজন হয় তবে আমাদের অফিসে যোগাযোগ করুন

## ঝুঁকি নেবেন না, আমাদের সাথে যোগাযোগ করুন

Call: **929-707-8656** or Email: **info@chandalaw.com**



কমলার অভিযোগ

# ইতিহাসের সবচেয়ে বড় অর্থনৈতিক সংকট তৈরি করেছেন ট্রাম্প

উত্তর আমেরিকা ডেস্ক

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দেশটির আধুনিক সময়ের প্রেসিডেন্টদের ইতিহাসে সবচেয়ে বড় অর্থনৈতিক সংকট তৈরি করেছেন। তাই তাঁর বিরুদ্ধে সবাইকে এক হতে হবে। স্থানীয় সময় গত বুধবার এক বক্তৃতায় দেশটির সাবেক ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস এ আহ্বান জানান।

ট্রাম্পের রাজনীতি থেকে ধনীরা লাভবান হচ্ছে বলে মন্তব্য করেন কমলা বলেন, ট্রাম্প ‘সংকীর্ণ, স্বার্থপর দৃষ্টিভঙ্গির’ মানুষ। তাঁর এই দৃষ্টিভঙ্গির কারণে ‘সত্যবাদীদের শাস্তি দেওয়া হচ্ছে, অনুগতদের পক্ষে অবস্থান নেওয়া হচ্ছে, ক্ষমতার অপব্যবহার করে অনেকে লাভবান হচ্ছেন, আর সাধারণ মানুষদের নিজেদের মতো করে টিকে থাকতে হচ্ছে।’

যুক্তরাষ্ট্রের ২০২৪ সালের নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির থেকে শেষ মুহূর্তে নাটকীয়ভাবে প্রেসিডেন্ট পদপ্রার্থী হয়েছিলেন কমলা হ্যারিস। তিনি রিপাবলিকান পার্টির ডোনাল্ড ট্রাম্পের প্রতিদ্বন্দ্বিতা করেন। কিন্তু ট্রাম্পের কাছে বিপুল ব্যবধানে হেরে যান। এর পর থেকে কমলা তেমন একটা জনসমক্ষে আসেননি।

বুধবার ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে ক্ষমতা গ্রহণের ১০০ দিন পূর্ণ হয়। এ উপলক্ষে ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে কমলার নিজের শহর সান ফ্রান্সিসকো বে এরিয়ার এক অনুষ্ঠানে এ কথা বলেন কমলা। ‘ইমার্জ আমেরিকা’ নামের একটি সংগঠন এই অনুষ্ঠানের আয়োজন করেন। এই সংগঠন ডেমোক্রেটিক নারী প্রার্থীদের নির্বাচনে জেতাতে কাজ করে।

বক্তৃতায় কমলা বলেন, ট্রাম্প এখন পর্যন্ত যেসব পদক্ষেপ নিয়েছেন, সেগুলোর মধ্যে বিভিন্ন দেশের ওপর শুল্ক আরোপ অন্যতম। কিন্তু তাঁর এই অর্থনৈতিক নীতি ‘সুস্পষ্টভাবে মন্দা ডেকে আনছে’।

ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের সান্তা বারবারার আমেরিকান প্রেসিডেন্সি প্রজেক্টের তথ্যমতে, ট্রাম্প গত জানুয়ারিতে ক্ষমতা নেওয়ার পর থেকে ১৪২টি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন, যা সাম্প্রতিক সময়ে যেকোনো মার্কিন প্রেসিডেন্টের চেয়ে বেশি।

ট্রাম্প ক্ষমতা নেওয়ার পর প্রথম প্রান্তিক যুক্তরাষ্ট্রের অর্থনীতি গত তিন বছরের মধ্যে প্রথমবারের মতো সংকুচিত হয়েছে। কিন্তু দুর্বল অর্থনীতির জন্য তিনি সাবেক প্রেসিডেন্ট জো বাইডেনকে দোষারোপ করেছেন। অন্যদিকে নিজের সফলতা দেখাতে ঘরোয়া চাহিদা বাড়ার হিসেবে তুলে ধরেন ট্রাম্প।







Kulaura Bangladeshi Association Of Usa Inc.
কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক
নবনির্বাচিত কার্যকরী কমিটি ২০২৫-২০২৮ইং এর
অভিষেক ও সাংস্কৃতিক সন্ধ্যা
সৈয়দ ইলিয়াস খসরু
সভাপতি
লুৎফুর রহমান
সহ-সভাপতি
মঈনুর রহমান সুয়েব
সাধারণ সম্পাদক
বদরুল ইসলাম মিন্টু
সহ-সাধারণ সম্পাদক
ওবায়দুর রহমান কামাল
কোষাধ্যক্ষ
রাহাত বিন ওয়াহিদ
সাংগঠনিক সম্পাদক
শামীম আহমদ
প্রচার সম্পাদক
আজিজুল হক স্বপন
ক্রীড়া ও সমাজকল্যাণ সম্পাদক
মিতা চক্রবর্তী
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
সালমা চৌধুরী মিলি
মহিলা সম্পাদিকা
অলিউর রহমান
কার্যনির্বাহী সদস্য
সালিক আহমদ
কার্যনির্বাহী সদস্য
তাহমিদুর চৌধুরী তৌসিফ
কার্যনির্বাহী সদস্য
ফারুক মিয়া
কার্যনির্বাহী সদস্য
সঙ্গীত পরিবেশনায়
স্বপ্নীল সজীব ও রেশমী মির্জা
৫ই মে, সোমবার
সন্ধ্যা ৬টা
স্থান
কুইন্স প্যালেস
৩৭-১১ ৫৭ স্ট্রীট, উডসাইড,
নিউইয়র্ক ১১৩৭৭
সুধী,
আসসালামু আলাইকুম/আদাব
যুক্তরাষ্ট্র প্রবাসী কুলাউড়াবাসীর প্রিয় সংগঠন 'কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউএসএ ইনক'র নবনির্বাচিত কার্যকরী কমিটির (২০২৫-২০২৮ইং) শপথ গ্রহণ, অভিষেক ও সাংস্কৃতিক অনুষ্ঠান আগামী ৫ই মে সোমবার সন্ধ্যা ৬টায় কুইন্স প্যালেসে (৩৭-১১ ৫৭ স্ট্রীট, উডসাইড, নিউইয়র্ক ১১৩৭৭) এ অনুষ্ঠিত হবে।
উক্ত অনুষ্ঠানে আপনি/আপনারা বিশেষভাবে আমন্ত্রিত।
-আমন্ত্রণে-
শাহ আলাউদ্দিন
সভাপতি
ফোন: ৯২৯-৫৯২-৬৪৩০
জাবেদ আহমদ
সাধারণ সম্পাদক
ফোন: ৬৪৬-৬৪৫-৫৪০১
সৈয়দ ইলিয়াস খসরু
সভাপতি (নির্বাচিত)
ফোন: ৬৪৬-২৯১-৭৪০৮
মঈনুর রহমান সুয়েব
সাধারণ সম্পাদক (নির্বাচিত)
ফোন: ৯১৭-৩৪০-৭১৬৭

# আনন্দ যেখানে পাগল-পারা!

**জাহান রিমা,** ফ্লোরিডা




আনন্দধারা যুক্তরাষ্ট্রের ফ্লোরিডাভিত্তিক একটি সাংস্কৃতিক সংগঠন। যার জন্য এই সংগঠনের প্রতিটা সদস্যের প্রতি মাসে অন্তত এক বার হলেও হয়, মন উচাটন! সেই সংগঠনের একজন ‘ক্রনিক অনুপস্থিত আসামী’ আমি! বাকিরা সবাই খুব ভালো। প্রতি মাসে এক বার সবাই সবার ঘরে সময় দেন। গান করেন। আয়োজন করেন মনায়োজন সন্ধ্যা!

সেই সন্ধ্যার জোনাক সুধা নিয়ে রচিত হয় বিশেষ বিশেষ দিনগুলোতে বড় পরিসরে, পুরো শহর ধরে আয়োজনের প্রকল্প। তেমনই একটা আনন্দ প্রকল্প- আনন্দধারা আয়োজিত ঈদ আনন্দমেলা! সংযুক্ত ছবিগুলো বলছে তেমনই গল্প।

আনন্দধারার এই অনুষ্ঠানটিতে উপস্থাপনার দায়িত্বে ছিলাম আমি। যদিও তাতে ছিলাম ‘দুধভাত’! অন্য সব সদস্য বিশেষ গুণে গুনি! তাঁরা প্রায় সবাই গান করেন। কিন্তু একটা ঘটনা ঘটে যায় সেখানে- যিনিই গাইতে উঠেন মনে হতে থাকে কেবল তিনিই গাক! বুঝতে পারছেন পাঠক; প্রতি মাসে সমবেত হয়ে অনুশীলনের কেমন গুরুত্ব! সবাই এতো সুন্দর পরিশীলিত স্বরের যে- স্টেজ থেকে নামতে না দেওয়ার বিভ্রান্তি তো আমাদের হতেই পারে!

সবশেষে যোগদান করেছেন চ্যানেল আই সেরা কন্ঠের ফাইনালিস্ট গায়ক সামির মাহমুদ! মানে কী আর বলবো- সূর্য তখন অস্ত যাচ্ছে, তবু আমরা সূর্য উঠছে এমন মোহে বুঁদ! তাঁর অভিজাত সুর-স্বরে গোধূলি নামলো রাতে!

আমরা বাড়ি ফিরলাম- ফিরতে ফিরতে ভাবলাম- আমাদের আনন্দধারা তো পুরাই ‘হিট’! মা মানে এই হিট সেই হিট না; এই হিট গরমের!! আনন্দধারা আনন্দ দিতে আন্তরিক ঠিক আছে, কিন্তু ভবিষ্যতে নিশ্চয়ই আমাদের ভেন্যু দেখবার আগে দেখতে হবে সূর্যস্নাত শহরের অতি গরমের দিকে!

আশা করি- এক ‘হিটের’ দুই সমার্থকই তখন মহাসমারহে ব্যবহার করতে পারবো! আনন্দধারা অরল্যান্ডো শহরে নন্দিত হোক সূর্যের আলোর মতো করে...।




# নিউজার্সিতে দাবানলে পুড়ে ছাই ৩২শ একর বনভূমি

**উত্তর আমেরিকা অফিস**

নিউজার্সির ওশেন কাউন্টির বারনেগেট টাউনশিপে ভয়াবহ দাবানলে পুড়ে গেছে অন্তত ৩ হাজার ২০০ একর বনভূমি। ভয়াবহ পরিস্থিতিতে প্রায় ৩ হাজার বাসিন্দাকে বাধ্যতামূলকভাবে ঘরবাড়ি ছেড়ে নিরাপদ স্থানে সরে যেতে হয়েছে।

নিউজার্সি ফরেস্ট ফায়ার সার্ভিস এই দাবানলের নাম দিয়েছে ‘জোনস ওয়াইল্ডফায়ার’। এই দাবানল প্রথম দেখা দেয়, গ্রিনউড ফরেস্ট ওয়াইল্ডলাইফ ম্যানেজমেন্ট এরিয়ায়। অল্প সময়ের মধ্যেই আগুন ছড়িয়ে পড়ে ওয়ারেটাউন ও লেসি টাউনশিপ পর্যন্ত।

জানা গেছে, ব্রায়ান্ট রোড থেকে গার্ডেন স্টেট পার্কওয়ে পর্যন্ত ওয়েলস মিলস রোড, লেসি টাউনশিপের ফেজান্ট রান ও বারনেগাট পাইন্স সাউথ সেকশন এবং ক্লুন পার্কের আশপাশের বেশ কিছু আবাসিক এলাকা ইতোমধ্যে উচ্ছেদ করা হয়েছে। স্থানীয়দের জন্য ম্যানাহকিনের সাউদার্ন রিজিওনাল হাই স্কুল এবং ম্যানচেস্টার টাউনশিপ হাই স্কুলে আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। সাউদার্ন রিজিওনাল হাই স্কুলে পোষ্যসহ আশ্রয় নেওয়ারও সুযোগ রাখা হয়েছে।

দাবানলের কারণে গার্ডেন স্টেট পার্কওয়ের এক্সিট ৬৩ থেকে ৮০ পর্যন্ত উভয়মুখী লেন সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। সেই সঙ্গে আশপাশের বেশ কিছু গুরুত্বপূর্ণ সড়কে যান চলাচলে বিঘ্ন দেখা দিয়েছে। পরিস্থিতি বিবেচনায় এক্সিট ৬৯ পুনরায় খুলে দেওয়া হয়েছে, যাতে মানুষ দ্রুত উচ্ছেদের নির্দেশ পালন করতে পারে।

এদিকে, বায়ু দূষণের মাত্রা বেড়ে যাওয়ায় ওশেন কাউন্টি কর্তৃপক্ষ সতর্কতা জারি করেছে। দাবানল থেকে সৃষ্ট ধোঁয়া জনস্বাস্থ্যের জন্য হুমকি তৈরি করছে। আগুনের বিস্তার ঠেকাতে কাজ করছে দমকল বাহিনীর একাধিক ইউনিট। তাদের নিরাপত্তা নিশ্চিত করতে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করেছে জেসিপি অ্যান্ড এল। কোম্পানিটি জানিয়েছে, অয়েস্টার ক্রিক সাবস্টেশন থেকে সংযুক্ত প্রায় ২৩ হাজার গ্রাহকের বিদ্যুৎ আপাতত বন্ধ রাখা হয়েছে।

আগুন দ্রুত ছড়িয়ে পড়ার প্রধান কারণ হিসেবে আবহাওয়াজনিত পরিস্থিতিকে দায়ী করা হয়েছে। শুকনো ও রৌদ্রোজ্জ্বল আবহাওয়ার কারণে আগুন মুহূর্তেই নতুন এলাকায় ছড়িয়ে পড়ছে, যা আগুন নিয়ন্ত্রণের কাজকে আরও কঠিন করে তুলেছে।









# সম্প্রীতির মেলবন্ধনে সাউথ জ্যামাইকা বাংলাদেশি কমিউনিটির অভিষেক

উত্তর আমেরিকা অফিস



ঐক্যবদ্ধ কমিউনিটি বিনির্মাণের মাধ্যমে প্রবাসের স্বপ্ন পূরণের পথ সুগম করার সংকল্পে যাত্রা শুরু করলো 'সাউথ জ্যামাইকা বাংলাদেশি কমিউনিটি। গত ১৫ এপ্রিল নিউইয়র্ক সিটির কুইন্স প্যালেসে আয়োজিত বর্ণাঢ্য অনুষ্ঠানে ১৯ সদস্যের কার্যকরী কমিটির শপথ বাক্য পাঠ করান প্রবাসের বৃহত্তম সংগঠন 'বাংলাদেশ সোসাইটি'র সভাপতি আতাউর রহমান সেলিম। এতে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সহ সভাপতি আব্দুর রহিম হাওলাদার

নতুন কমিটিকে নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলীম্যান স্টিভেন রাঘবের পক্ষ থেকে বিশেষ সম্মাননা স্মারক প্রদান করা হয়। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুরু হয়।

নবনির্বাচিত কমিটির সভাপতি হয়েছেন ইকবাল হোসেন এবং সাধারণ সম্পাদক হয়েছেন শেখ উজ্জল। এছাড়া সিনিয়র সহ-সভাপতি মোহাম্মদ বোরহান উদ্দিন, সাংগঠনিক সম্পাদক ইমরোজ হোসেন, সাংস্কৃতিক সম্পাদক মোহরউদ্দিন খানসহ মোট ১৯ জন দায়িত্ব গ্রহণ করেন।

সাংস্কৃতিক পর্বে দেশের গান পরিবেশন করেন মোহরউদ্দিন খান এবং নৃত্য পরিবেশন করে মুগ্ধ করে নতুন প্রজন্মের প্রিয়ন্তি পাল। এছাড়া জনপ্রিয় শিল্পী শাহ মাহবুবের গানে রাত গভীর পর্যন্ত প্রবাসীরা আনন্দে মেতে থাকেন।

সঞ্চিতা কবিরের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির, সেক্রেটারি মোহাম্মদ আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মহিউদ্দিন দেওয়ান, মূলধারার রাজনীতিক ও আইনজীবী মজিবুর রহমান, মুক্তিযোদ্ধা ও সাংবাদিক লাবলু আনসারসহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ।


## পাত্র-পাত্রী চাই




আপনার স্বপ্নের জীবন সঙ্গী/সঙ্গিনী খুঁজে পাওয়ার জন্য একটি নির্ভরযোগ্য ম্যাচ মেকিং সার্ভিস। বাংলাদেশ, ইউএসএ, কানাডা ও অস্ট্রেলিয়ায় বসবাসকারীদের সেবায় সদা নিয়োজিত।
যোগাযোগ:
JIBON SONGI
E-mail : jibonsongi2024.com
Phone : 281-912-7812
713-900-6023


# চীনা ই-কমার্সে ট্রাম্পের ট্যারিফের ছায়া

## শেইন-টেমুর মূল্যবৃদ্ধি

রোকেয়া দীপা




যুক্তরাষ্ট্রের বাজারে ব্যাপক জনপ্রিয় চীনা ই-কমার্স প্ল্যাটফর্ম শেইন ও টেমু থেকে তাদের পণ্যের দাম বাড়ানোর ঘোষণা দিয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপিত নতুন শুল্ক নীতির প্রেক্ষিতে এই সিদ্ধান্ত নিয়েছে প্রতিষ্ঠান দুটি।

চলতি মাসের শুরুতেই একযোগে প্রকাশিত এক বিবৃতিতে তারা জানায়, সম্প্রতি বিশ্বব্যাপী বাণিজ্যনীতিতে পরিবর্তনের ফলে আমাদের পরিচালন ব্যয় বেড়ে গেছে। প্রিয় গ্রাহকদের মানসম্মত পণ্য সরবরাহ বজায় রাখতে আমাদের মূল্য সমন্বয় করতে হচ্ছে।

মূলত এপ্রিলের ২ তারিখে প্রেসিডেন্ট ট্রাম্প ঘোষিত লিবারেশন ডে ট্যারিফের ফলে চীনা পণ্যে শুল্কহার ১৪৫ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। একইসঙ্গে বন্ধ হয়েছে 'ডি মিনিমিস' নামে পরিচিত সেই বিধান। যার আওতায় ৮০০ ডলারের কম মূল্যের পণ্য শুল্কমুক্তভাবে আমদানি করা যেতো। ফলে কম খরচে অনলাইনে পণ্য কিনে ফেলার সুবিধা অনেকটাই সীমিত হয়ে গেছে।

এই পদক্ষেপের পাল্টা প্রতিক্রিয়ায় চীনও ১২৫ শতাংশ শুল্ক আরোপ করেছে যুক্তরাষ্ট্রের পণ্যের ওপর। যদিও উভয় দেশের পক্ষ থেকে আলোচনার আগ্রহ প্রকাশ করা হয়েছে। বাস্তব চিত্র বলছে— উল্লেখযোগ্য কোনো বাণিজ্য সংলাপ এখনও শুরু হয়নি। ট্রাম্প যেখানে দাবি করেছেন, আলোচনা চলছে, সেখানে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় একে মিথ্যা খবর হিসেবে উড়িয়ে দিয়েছে।

টেমু মূলত চীনা জায়ান্ট পিনডুডুওর মার্কিন শাখা। যা প্রতি মাসে ৭৫০ মিলিয়নের বেশি ব্যবহারকারীর কাছে সস্তা দামে নানা ধরনের পণ্য সরবরাহ করে থাকে। আর শেইন একটি জনপ্রিয় ফাস্ট-ফ্যাশন ব্র্যান্ড। যারা যুক্তরাষ্ট্রজুড়ে চীনে তৈরি পোশাক সরবরাহ করে থাকে।

শুধু শেইন ও টেমুই নয়, বেস্ট বাই, নিনটেনডো, অটোজোন, ফেরারি এবং হারমেসের মতো আরও অনেক কোম্পানি ইতোমধ্যেই ট্রাম্পের নতুন শুল্কের ফলে মূল্যবৃদ্ধির ঘোষণা দিয়েছে।


## Registered Nurse Required (New Jersey)

প্রতিষ্ঠান: Captor USA Corporation.
পদ: Registered Nurse (RN)
অভিজ্ঞতা: নতুন বা ১/২ বছর
স্থান: Paterson, New Jersey.
Please send your resume at info@captorusacorp.com
Or call us at +1 (973) 553-2690
আবেদনের শেষ সময়: ২০/০৭/২০২৪

## আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

## পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854.
Email: amrsolarllc@yahoo.com

## বেইজমেন্ট ভাড়া

জ্যামাইকাতে ১৮৭ স্ট্রীট এবং ১০৪ এভিনিউতে এক বেডরুমের একটি সম্পূর্ণ বেসমেন্ট এখন থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগ : ৯১৭-৬৫১-৭১৮৮, ৯১৭-৬৫১-৯৫২৮

## বেইজমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজ ৮৯ এভিনিউ ও ২১২ প্লেস কিউ ০১, ৩৬, ৪৩ এবং ২২ লং আইল্যান্ড এমটিয়ে ক্লোজ টু হিলসাইড ভাড়া হবে। একবেড বাথ বড় লিভিং এপ্রিল থেকে । 718-675-9305

## BASEMENT FOR RENT

Two bedrooms, kitchen bathroom; Queens Village 89th ave/215th Street. $1600/month. Please contact for details 7187857123

## পাত্রী চাই

একজন নম্র ভদ্র শিক্ষিত ছেলের জন্য মুসলিম পাত্রী চাই। পাত্রী ডিভোর্স হলেও অসুবিধা নাই। শুধুমাত্র আগ্রহী পাত্রী কনটাক্ট করলে ভাল হয় যোগাযোগ: 929-407-7375

## পাত্র চাই

ঢাকায় বসবাসরত ২৬ বছর বয়সী বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অবিবাহিত পাত্রীর জন্য ইউএসএ সিটিজেন বা গ্রীন কার্ড ধারী পাত্র চাই। যোগাযোগঃ অভিভাবক +8801713161616 (WhatsApp). E-mail: yousuf.snm@gmail.com

## পাত্রী চাই

ইউএস সিটিজেন অবিবাহিত চাকুরিরত এমএস ইন্জিনিয়ার ৫ ফুড ৯ ইঞ্চি ৩৩ বছর বয়স্ক ফর্সা পাত্রের জন্য পাত্রী চাই। নিউইয়র্ক ও ঢাকায় বাড়ি আছে। 929-538-6313, 516-234-8517

## পাত্রী চাই

নিউইয়র্কে হসপিটালে কর্মরত ৪১ বছর বয়স্ক একজন অবিবাহিত পাত্রের জন্য পাত্রী চাই। পাত্র ইউএসএ সিটিজেন। ফোন 347-615-6567

## পাত্র আবশ্যক

ধার্মিক পাত্রী বয়স ৩৮ এর জন্য পাত্র চাই। পাত্রীর পড়া লেখা B.S IN MATHEMATICS (UMD) M.S IN PROJECT MANAGEMENT (UMD) ইউ এস সিটিজেন পাত্রীর জন্য মুসলিম পাত্র চাই। যোগাযোগ: 301-537-9885

## পাত্র চাই

শিক্ষিত সম্ভ্রান্ত পরিবারের ২৬ বছরের হিজাবী, সিটিজেন, গ্র্যাজুয়েট, চাকুরিরত পাত্রীর জন্য ২৮ থেকে ৩২ বছরের নামাজি, অবিবাহিত শিক্ষিত পাত্র চাই। 929-408-7691

## পাত্র চাই

নিউইয়র্কে জন্ম নেওয়া ফার্মাসিষ্ট মেয়ের জন্য ডাক্তার, ইঞ্জিনিয়ার, ফার্মাসিষ্ট বা এটর্নি পাত্র চাই। বয়স ২৯ থেকে ৩৩ এর ভেতরে এবং ইউএস সিটিজেন হতে হবে। একই সাথে নিউইয়র্কে জব থাকতে হবে 347-740-3872

## ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

## ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ **এআর ড্রাইভিং** স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন ।
যোগাযোগঃ **৩৪৭-৪৫৯-৭০৯২**

## পাত্রী চাই

৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, , ডিভোর্সড সুদর্শন ডাক্তার পাত্রের জন্য ঘটক অথবা সরাসরি যোগাযোগ করুন।
hmurshedmd@gmail.com
Phone: 850-886-9012

## পাত্র চাই

ঢাকায় বসবাসরত ৪১ বছর বয়সী পাত্রীর জন্য ৪০ থেকে ৫৫ বছর বয়সী ইউএস সিটিজেন অথবা গ্রিনকার্ড ধারী পাত্র পাই। পাত্রী ডিভোর্সড, ৯ বছর বয়সী কন্যা রয়েছে। পাত্রী শিক্ষিত এবং ভালো ফ্যামিলি থেকে আসা।
যোগাযোগ:
rbprinceton@yahoo.com
( 732) 841- 2452

## চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।
যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।
**যোগাযোগ: সাঈদ–৯১৭–৮০৭–৪৮৫১**

## লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

## পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

## পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell: 917-497-9508

## পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email: jj1831847@gmail.com

## হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ )অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

## পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6 ) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

## পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫"। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

## পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

## মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

## জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com


NABANNO
حلال
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ
নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com



# মুনাফা হারাল টেসলা, নেতৃত্ব নিয়ে প্রশ্নের মুখে মাস্ক

রোকেয়া দীপা

বিশ্বজুড়ে সমালোচনার মুখে পড়া ইলন মাস্কের নেতৃত্বাধীন টেসলা চলতি বছরের প্রথম প্রান্তিকে ৭১ শতাংশ মুনাফা হারিয়েছে। মঙ্গলবার (২২ এপ্রিল) প্রকাশিত কোম্পানির আয় বিবরণীতে এ তথ্য জানা যায়, যা বিশ্লেষকদের পূর্বাভাসের তুলনায় অনেকটাই হতাশাজনক।

আর্থিক প্রতিবেদনে জানানো হয়েছে, জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত টেসলার মোট আয় ছিল ১৯ দশমিক ৩ বিলিয়ন ডলার, যা আগের বছরের তুলনায় ৯ শতাংশ কম। একই সময়ে গাড়ি বিক্রি থেকে প্রাপ্ত রাজস্ব ২০ শতাংশ হ্রাস পেয়েছে। গত বছরের তুলনায় গাড়ি ডেলিভারির পরিমাণও কমেছে ১৩ শতাংশ।

বিশ্লেষকদের মতে, এই আর্থিক ধসের পেছনে অন্যতম বড় কারণ হলো ইলন মাস্কের যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনে ভূমিকা গ্রহণ। মাস্ক বর্তমানে ‘ডিপার্টমেন্ট অব গভর্নমেন্ট এফিসিয়েন্সির (ডিওজিই) প্রধান হিসেবে কাজ করছেন, যা টেসলার ক্রেতা ও বিনিয়োগকারীদের একাংশের মধ্যে তীব্র বিরূপ প্রতিক্রিয়া তৈরি করেছে। এই পদে মাস্কের মেয়াদ শেষ হবে আগামী মাসে।

বিশ্বব্যাপী টেসলা শোরুমগুলোর সামনে বিক্ষোভ চলছে, যার প্রভাব পড়েছে কোম্পানির বাজারমূল্যে। ডিসেম্বরের সর্বোচ্চ দামের তুলনায় টেসলার শেয়ারের দাম অর্ধেকেরও নিচে নেমে গেছে।

টেসলা জানিয়েছে, রাজনৈতিক মনোভাবের পরিবর্তন ও বর্তমান শুল্কনীতি কোম্পানির বিক্রয় ও উৎপাদনে নেতিবাচক প্রভাব ফেলছে। ‘বৈশ্বিক সরবরাহ ব্যবস্থার উপর ট্রেড পলিসির দ্রুত পরিবর্তন চাপ সৃষ্টি করছে, যা কেবল টেসলা নয়, আমাদের প্রতিযোগীদেরও ক্ষতিগ্রস্ত করছে।’ -বলা হয়েছে কোম্পানির বিবৃতিতে।

চীনা কোম্পানি বিওয়াইডির মতো প্রতিদ্বন্দ্বীরা বাজারে আধিপত্য বিস্তার করছে, যারা স্বল্পমূল্যে উন্নত স্বয়ংচালিত প্রযুক্তি আনছে। বিওয়াইডি সম্প্রতি ঘোষণা করেছে যে তারা মাত্র ৯ হাজার ৬০০ ডলার মূল্যের গাড়িতে স্বয়ংচালিত প্রযুক্তি যুক্ত করবে।

নতুন আশার নাম ‘রোবোট্যাক্সি’?

টেসলা আগামী জুনে টেক্সাসের অস্টিনে তাদের স্বয়ংচালিত ‘রোবোট্যাক্সি’ পরীক্ষামূলকভাবে চালু করার পরিকল্পনা ঘোষণা করেছে। তবে বিশ্লেষকরা বলছেন, ‘বর্তমান আর্থিক ও ভাবমূর্তির সংকটে এই নতুন উদ্যোগ কতটা ফলপ্রসূ হবে, তা নিয়ে সংশয় রয়েই যাচ্ছে।’

বিনিয়োগকারীদের একাংশ ইতোমধ্যে মাস্ককে হোয়াইট হাউসের দায়িত্ব ছেড়ে টেসলার পূর্ণকালীন নেতৃত্বে ফিরে আসার আহ্বান জানিয়েছে।

‘ওয়েডবুশ’-এর গবেষণা পরিচালক ড্যান আইভস বলেন, ‘এটি টেসলার জন্য একটি মোড় পরিবর্তনের সময়।’

টেসলার বোর্ড সদস্য এবং নির্বাহীরা সম্প্রতি ১০০ মিলিয়ন ডলারের বেশি শেয়ার বিক্রি করেছেন, যা কোম্পানির অভ্যন্তরীণ উদ্বেগের ইঙ্গিত দেয়।









প্রথম আলো
Prothom Alo North America



নিউইয়র্কের রাজধানী আলবানিতে ব্রঙ্কস বাংলাদেশ কমিউনিটির উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশী কমিউনিটির নেতৃবৃন্দ

# নিউইয়র্ক স্টেট সিনেট ও এসেম্বলিতে বাংলাদেশে ডে উদযাপন

**শেখ শফিকুর রহমান,** নিউইয়র্ক

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক স্টেট সিনেট ও এসেম্বলিতে বাংলাদেশ ডে উদযাপন করা হয়েছে। গত সোমবার (২৮ এপ্রিল) নিউইয়র্কের রাজধানী আলবানিতে ব্রঙ্কস বাংলাদেশ কমিউনিটির উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেন ব্রঙ্কসে বসবাসরত প্রবাসী বাংলাদেশী কমিউনিটির নেতৃবৃন্দ।

এ উপলক্ষে ব্রঙ্কস স্ট্রালিং বাংলাবাজার থেকে দুইটি বাসযোগে প্রবাসী বাংলাদেশী কমিউনিটির নেতৃবৃন্দ আলবানিতে যান। একটি বাসে নেতৃত্ব দেন আব্দুর রহিম বাদশা ও আব্দুস শহীদ এবঙ অপর বাসে আব্দুল হাসিম হাসনু ও মাহবুব আলম।

যাত্রাপথে বাংলাদেশের স্বাধীনতা বিষয়ক বক্তব্য দেন সিরাজউদ্দীন আহমদ সোহাগ, এডভোকেট নাসিরউদ্দিন, রোকন হাকিম, সাকাওয়াত আলী, ফরিদা ইয়াছমিন, সাঈদুর রহমান লিংকন, সাংবাদিক হাবিবুর রহমান, সাংবাদিক শেখ শফিকুর রহমান, বীর মুক্তিযোদ্ধা নাসির উদ্দীন, কবির উদ্দিন, মিয়া মোহাম্মদ দাউদ, অধ্যক্ষ মোহাম্মদ সানাউল্লাহ, নুরুল ইসলাম মিলন, কবি আবু তাহের চৌধুরী, শামীম আহমেদ প্রমুখ।

দুপুর ১টায় পৌঁছে দুই পর্বের প্রথম পর্বে আলবানি সিনেট ভবনের তৃতীয় ফ্লোরে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্টেট সিনেটর লুইস সেপুলভেদা, নাথালীয়া ফার্নান্ডজ, এসেম্বলিওম্যান কার্নেজি রায়াজ।

কমিটির চেয়ারম্যান আব্দুস শহীদের সভাপতিত্বে ও সদস্য সচিব শামীম মিয়ার সঞ্চালনায় বক্তব্য দেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, জুনেদ চৌধুরী, আব্দুর রহিম বাদশা, মাহবুব আলম, আব্দুল হাসিব হাসনু, সামাদ মিয়া জাকেরিন, রোকন হাকিম, এন ইসলাম মামুন, শিল্পী রথীন্দ্র নাথ রায়।

দ্বিতীয় পর্বে সিনেট অধিবেশনে রেজুলেশন গ্রহণ করা হয়। আলোচনা শেষে রেজুলেশনটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সবশেষে সিনেট ভবনের লবির বাহিরে বাংলাদেশ ডে উদযাপনে অংশগ্রহণকারীদের নিয়ে ফটোসেশন অনুষ্ঠিত হয়। এতে সিনেট মেজরিটি নেতা আন্দ্রেয়া স্টিওয়ার্থ কোজিন ও ব্রঙ্কস থেকে নির্বাচিত দুই সিনেটর লুইস সেপুলভেদা ও নাথালিয়া ফার্নান্ডেজ অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, ২০১১ সাল থেকে শুরু হয় নিউইয়র্ক স্টেট সিনেটে বাংলাদেশ ডে উদযাপন; যার নেতৃত্বে ছিলেন জাকির খান, গিয়াস উদ্দিনসহ তৎকালীন বাংলাদেশ কমিউনিটির নেতারা।

# হামলার শঙ্কায় সতর্ক ইসলামাবাদ

শেষ পৃষ্ঠার পর

যৌথ সংবাদ সম্মেলন করেছেন। সেখানে তিনি বলেছেন, ‘পাকিস্তান আগবাড়িয়ে উসকানিমূলক কোনো পদক্ষেপ নেবে না। তবে উসকানি দেওয়া হলে কঠোর জবাব দেওয়া হবে।’ মঙ্গলবার দেশটির পার্লামেন্টের উচ্চকক্ষ সিনেটেও তিনি একই ধরনের কথা বলেছিলেন।

ভারতের অমৃতসরে ভারত-পাকিস্তান সীমান্তের আতারি-ওয়াঘা ক্রসিংয়ে দাঁড়িয়ে আছেন ভারতের সীমান্ত নিরাপত্তা বাহিনীর (বিএসএফ) এক সদস্য। ২৫ এপ্রিল ২০২৫

ভারতের অমৃতসরে ভারত-পাকিস্তান সীমান্তের আতারি-ওয়াঘা ক্রসিংয়ে দাঁড়িয়ে আছেন ভারতের সীমান্ত নিরাপত্তা বাহিনীর (বিএসএফ) এক সদস্য। ২৫ এপ্রিল ২০২৫ছবি: রয়টার্স

সংবাদ সম্মেলনে পাকিস্তানের আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) মহাপরিচালক লেফটেন্যান্ট জেনারেল আহমেদ শরীফ চৌধুরী এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র শাফকাত আলী খানও উপস্থিত ছিলেন। তাঁরা ভারতের বিরুদ্ধে পাকিস্তানের অভ্যন্তরে সন্ত্রাসবাদে মদদ দেওয়ার অভিযোগ তোলেন।

২২ এপ্রিল কাশ্মীরের পেহেলগামে বন্দুকধারীদের হামলায় ২৬ জন নিহত হন। এ ঘটনার পেছনে পাকিস্তানের হাত আছে বলে অভিযোগ নয়াদিল্লির। সন্দেহভাজন হামলাকারীদের মধ্যে দুজন পাকিস্তানি বলেও দাবি করেছে তারা। তবে পাকিস্তান এ অভিযোগ অস্বীকার করেছে। বুধবারের সংবাদ সম্মেলনে একই কথা বলেন লেফটেন্যান্ট জেনারেল আহমেদ শরীফ চৌধুরী।

এই কর্মকর্তা বলেন, ‘অভিযোগ অনুযায়ী পাকিস্তানভিত্তিক তথাকথিত সন্ত্রাসীরা এই ঘটনা ঘটিয়েছে। কিন্তু আমাদের বুঝতে হবে, ঘটনাস্থলটি (ভারতনিয়ন্ত্রিত কাশ্মীরের) অনেক গভীরে অবস্থিত।’ তিনি বলেন, যেখানে হামলা হয়েছে, সেখান থেকে পাকিস্তাননিয়ন্ত্রিত আজাদ জম্মু ও কাশ্মীরের সবচেয়ে কাছের বাঘ শহরও অনেক দূরে অবস্থিত। এর অর্থ হলো ভারতের অভিযোগ ভিত্তিহীন।

একই সুরে উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বলেন, পেহেলগাম হামলার পরিপ্রেক্ষিতে ‘ভারতের তৈরি করা রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রণোদিত এবং অত্যন্ত উসকানিমূলক পরিবেশ’ পুরো অঞ্চলের শান্তি ও স্থিতিশীলতা গুরুতর হুমকির মুখে ফেলেছে।

**নিয়ন্ত্রণরেখায় ভারতের যুদ্ধবিমান**

নিরাপত্তা সূত্রের বরাতে বুধবার পাকিস্তানি সংবাদমাধ্যম পিটিভি নিউজ ও রেডিও পাকিস্তান জানিয়েছে, নিয়ন্ত্রণরেখার কাছাকাছি এলাকায় ভারতের চারটি রাফাল যুদ্ধবিমান টহল দিচ্ছিল। পাকিস্তান বিমানবাহিনীর (পিএএফ) পাল্টা পদক্ষেপের কারণে ভারতের যুদ্ধবিমানগুলো পিছু হটতে বাধ্য হয়। ২৯ ও ৩০ এপ্রিলের মধ্যবর্তী রাতে এ ঘটনা ঘটে।

পাকিস্তানের নিরাপত্তা সূত্রগুলোর দাবি, ভারতের যুদ্ধবিমানগুলো জম্মু ও কাশ্মীরে নিজেদের নিয়ন্ত্রিত আকাশসীমায় টহল দিচ্ছিল। পিএএফ তা শনাক্ত করে দ্রুত পদক্ষেপ নেয়। তবে পাকিস্তান সরকার ও সেনাবাহিনী এ বিষয়ে বুধবার সন্ধ্যা পর্যন্ত বিস্তারিত কিছু জানায়নি বলে সংবাদমাধ্যম ডন–এর প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

রাফাল ফ্রান্সের তৈরি অত্যাধুনিক যুদ্ধবিমান। ভারতের কাছে এরই মধ্যে ৩৬টি রাফাল যুদ্ধবিমান রয়েছে। পাকিস্তানের সঙ্গে উত্তেজনার মধ্যে সোমবার এক বিবৃতিতে ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, তারা আরও ২৬টি রাফাল যুদ্ধবিমান কেনার চুক্তি করেছে।

এমন পরিস্থিতিতে বুধবার পাকিস্তানের কয়েকটি সূত্রের বরাতে দেশটির সংবাদমাধ্যম এক্সপ্রেস নিউজ জানিয়েছে, পাকিস্তানের আকাশসীমা দিয়ে যাওয়া দেশি-বিদেশি সব ধরনের ফ্লাইট চলাচলে নজরদারি বাড়িয়েছে বিমান চলাচল নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। ভারতের সম্ভাব্য হামলা মোকাবিলায় এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

এদিকে নিরাপত্তার কারণে বুধবার পাকিস্তাননিয়ন্ত্রিত কাশ্মীরের গিলগিট ও স্কার্দু শহরের মধ্যে নির্ধারিত সব বাণিজ্যিক ফ্লাইট বাতিল করা হয়েছে। লাহোরের আল্লামা ইকবাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ পাকিস্তানের সব প্রধান বিমানবন্দরের এয়ার ট্রাফিক কন্ট্রোলারদের জন্য বিশেষ নির্দেশনা জারি করা হয়েছে।

**‘২৪ থেকে ৩৬ ঘণ্টার মধ্যে হামলার পরিকল্পনা’**

মঙ্গলবার দিবাগত রাত দুইটার দিকে পিটিভিতে সম্প্রচারিত এক বিবৃতিতে পাকিস্তানের তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার বলেন, ভারত আগামী ২৪ থেকে ৩৬ ঘণ্টার মধ্যে পাকিস্তানে হামলা চালানোর পরিকল্পনা করছে, এমন বিশ্বাসযোগ্য গোয়েন্দা তথ্য তাঁদের হাতে রয়েছে। এ ধরনের হামলার জন্য পেহেলগামের ঘটনাকে অজুহাত হিসেবে ব্যবহার করবে ভারত, যা ভিত্তিহীন ও বানোয়াট।

এর আগে মঙ্গলবার রাতে এক বৈঠকে পেহেলগামের হামলার ঘটনার জবাব দিতে ভারতের সশস্ত্র বাহিনীকে ‘অভিযান পরিচালনার পূর্ণ স্বাধীনতা’ দেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গতকালও ভারতের মন্ত্রিসভার নিরাপত্তাসংক্রান্ত কমিটি (সিসিএস), অর্থনৈতিক (সিসিইএ) ও রাজনৈতিক (সিসিপিএ) কমিটির সদস্যদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেন মোদি।

এদিকে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা বোর্ডে (এনএসএবি) বড় পরিবর্তন আনা হয়েছে। গতকাল এসএসএবির পর্ষদের শীর্ষে বসানো হয়েছে ভারতের গোয়েন্দা সংস্থা রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইংয়ের (র) সাবেক প্রধান অলোক যোশিকে। ২০১২ সালের ডিসেম্বর থেকে ২০১৪ সালের ডিসেম্বর পর্যন্ত তিনি র-এর প্রধান ছিলেন। পেহেলগাম–কাণ্ডে ও পাকিস্তানের সঙ্গে সংঘাতের আবহে দীর্ঘ সাত বছর পর এনএসএবি পুনর্গঠন করা হলো।

**সংযত থাকার আহ্বান**

পেহেলগাম হামলার পরপরই ভিসা বাতিল, সিন্ধু পানিচুক্তি বাতিলসহ একে অপরের বিরুদ্ধে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে ভারত ও পাকিস্তান। নিয়ন্ত্রণরেখা বরাবর দুই দেশের সামরিক বাহিনীর মধ্যে নিয়মিত গোলাগুলির ঘটনাও ঘটছে। মঙ্গলবার দিবাগত রাতেও পাকিস্তানি সেনারা গুলি ছুড়েছেন বলে দাবি করেছে ভারত। এ নিয়ে টানা ছয় দিনের মতো দুই পক্ষের মধ্যে গোলাগুলির ঘটনা ঘটল।

পারমাণবিক শক্তিধর দুই দেশের মধ্যে চলমান এই উত্তেজনা নিয়ে এরই মধ্যে বিশ্বনেতারা একাধিকবার সতর্কতা উচ্চরণ করেছেন। সংযত আচরণ করতে উভয় দেশের নেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন তাঁরা। মঙ্গলবার জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসও পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ও ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে আলাদাভাবে কথা বলেন।

পাকিস্তান–ভারতকে সংযত আচরণের আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্রও।

# ‘কলিজা টানি ছিঁড়ি ফেলব’ বলে বিএনপি নেতার হুমকি

**ঢাকা ডেস্ক**

‘কলিজা টানি ছিঁড়ি ফেলব, একবারে টানি ছিঁড়ি ফেলব তোমার, চেনো তুমি, এ চেনো! খুব পাওয়ার দেখাও, একবারে নিশ্চিহ্ন করে দেব তোমাক, চেনো বিএনপিকে।’ কুড়িগ্রামের রাজারহাটের এক বিএনপি নেতার এমন একটি বক্তব্যের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে।

হুঙ্কার দেওয়া বিএনপির ওই নেতার নাম আনিছুর রহমান। তিনি রাজারহাট উপজেলা বিএনপির আহ্বায়ক। বিএনপি ও জামায়াতের একাধিক সূত্রে জানা গেছে, ভিডিওতে বাংলাদেশ শ্রমিককল্যাণ ফেডারেশন রাজারহাট শাখার বায়তুলমাল সম্পাদক রুবেল মিয়াকে হুমকি দিচ্ছিলেন আনিছুর। ভিডিওতে তাঁকে বলতে শোনা যায়, ‘তোমার নামে আমি মামলা দেব। আমি থানা যায়া ওখানে বসি এজাহার লিখব, উয়াক (রুবেলকে) অ্যারেস্ট করি দিয়া তারপরে আমি আসব।’

# নিউইয়র্ক সিটির মেয়র

শেষ পৃষ্ঠার পর

পরিবর্তন এবং অপরাধ দমনের মতো ইস্যুতে তাদের স্পষ্ট অবস্থান তরুণদের মধ্যে জনপ্রিয়তা তৈরি করছে।

**স্ট্রিংগার ও ল্যান্ডারের কৌশলী অবস্থান**

সাবেক সিটি কম্পট্রোলার স্কট স্ট্রিংগার এবং বর্তমান কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার ডেমোক্রেটিক ক্লাব এবং প্রথাগত দলীয় সংগঠনগুলোর সমর্থন আদায়ে মনোযোগী। স্ট্রিংগার ইতিমধ্যে কিছু ঐতিহ্যবাহী ম্যানহাটন ডেমোক্রেটিক ক্লাবের সমর্থন পেয়েছেন। যেখানে ল্যান্ডার ব্রুকলিন এবং কুইন্সে তার নেটওয়ার্ককে কাজে লাগাচ্ছেন।

**এরিক অ্যাডামস: অনিশ্চিত ভবিষ্যত**

বর্তমান মেয়র এরিক অ্যাডামস এখনো পর্যন্ত বড় কোনো আনুষ্ঠানিক সমর্থন পাননি। শহরের অপরাধ পরিস্থিতি ও আবাসন সমস্যা নিয়ে সমালোচনার মুখে তিনি পড়েছেন। যদিও তিনি পুলিশের সাথে তার সম্পর্ক এবং অর্থনৈতিক উন্নয়নের অঙ্গীকার তুলে ধরে প্রচারণা চালাচ্ছেন। তবুও তার পুনর্নির্বাচন কঠিন চ্যালেঞ্জের মুখে পড়েছে বলে পর্যবেক্ষকরা মনে করছেন।

> রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, সমর্থনের এই প্রাথমিক চিত্র কেবলই নির্বাচনের দিকনির্দেশনা। চূড়ান্ত ফলাফল নির্ভর করবে জনগণের সঙ্গে প্রার্থীদের সরাসরি সংযোগ, ইস্যু ভিত্তিক প্রচারণা এবং মাঠ পর্যায়ের সংগঠনের দক্ষতার ওপর।

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, সমর্থনের এই প্রাথমিক চিত্র কেবলই নির্বাচনের দিকনির্দেশনা। চূড়ান্ত ফলাফল নির্ভর করবে জনগণের সঙ্গে প্রার্থীদের সরাসরি সংযোগ, ইস্যু ভিত্তিক প্রচারণা এবং মাঠ পর্যায়ের সংগঠনের দক্ষতার ওপর।

বিশেষ করে মাইগ্র্যান্ট, শ্রমজীবী এবং তরুণ ভোটারদের ভূমিকা এবারের নির্বাচনে গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে।

# অস্ত্র ধ্বংস, শহর রক্ষা

শেষ পৃষ্ঠার পর

রিওয়ার্ল্ডে গত বৃহস্পতিবার (এপ্রিল ২৪) তার প্রশাসনের সদস্যরা, এনওয়াইপিডি, সহিংসতা প্রতিরোধে কাজ করা কর্মী, আগ্নেয়াস্ত্র বিরোধী আন্দোলনের নেতৃবৃন্দ, ধর্মীয় নেতা এবং সহিংসতায় নিহত ব্যক্তিদের পরিবার - সবাই মিলে ঐসব প্রাণঘাতী অস্ত্র চিরতরে ধ্বংস করে ফেলার কাজে অংশ নেন। রিওয়ার্ল্ড নামের স্থাপনাটি হলো সেই জায়গা, যেখানে এনওয়াইপিডি তাদের মামলার প্রমাণস্বরূপ জব্দ করা অবৈধ অস্ত্রসমূহ প্রয়োজনে ধ্বংস করার জন্য পাঠায়।

অ্যাডামস্ বলেন, ‘এই অস্ত্রগুলো স্ক্র্যাপ মেটালে রূপান্তরিত হবে এবং পাঠানো হবে স্কুল অব কোঅপারেটিভ টেকনিক্যাল এডুকেশনে। সেখানে ওয়েল্ডিং প্রোগ্রামের শিক্ষার্থীরা এই ধাতুগুলো দিয়ে একটি স্মৃতিস্তম্ভ নির্মাণ করবে, যা বন্দুক-সহিংসতায় নিহতদের প্রতি শ্রদ্ধার নিদর্শন হিসেবে থাকবে।’

অ্যাডামস্ আরো বলেন, ‘এটি ছিল এক মিশ্র অনুভূতির দিন। প্রতিটি ধ্বংস হওয়া অস্ত্র ভবিষ্যতের সহিংসতার একটি সম্ভাবনা বন্ধ করে দিলেও, আমাদের মনে করিয়ে দেয়- আমরা ইতোমধ্যেই কতগুলো মূল্যবান জীবন হারিয়েছি। তাদেরই একজন ছিলেন এক্সেনিয়া মেটে, হারলেমের এক প্রিয় বডেগা মালিক ও দাদী, যিনি গত সপ্তাহে গুলির লড়াইয়ের মাঝখানে পড়ে নিহত হন। এক্সেনিয়ার মৃত্যু একটি নির্মম বাস্তবতা- যে বন্দুক-সহিংসতা শুধু ব্যক্তিকে নয়, গোটা সম্প্রদায়কে ছিন্নভিন্ন করে দেয়। এটাই সেই সমস্যা, যা আমাকে রাতে ঘুমাতে দেয় না, আবার প্রতিদিন সকালে উঠে কাজ শুরু করার শক্তিও জোগায়।’

অ্যাডামস্ মনে করেন, প্রতিটি ধ্বংস হওয়া অস্ত্র একটি জীবন বাঁচায়, সহিংসতার স্রোতের একটি ধারা থামায় এবং স্পষ্ট করে জানিয়ে দেয়- এই অস্ত্রগুলোর জন্য নিউইয়র্ক সিটিতে কোনো জায়গা নেই।

তিনি বলেন, ‘অপরাধীদের রাস্তাঘাট থেকে সরাতে হবে, তাদের হাত থেকে অবৈধ অস্ত্র কেড়ে নিতে হবে। আইন প্রয়োগ করতে হবে, অপরাধীদের বিচার করতে হবে এবং পুনঃঅপরাধের বিরুদ্ধে লড়তে হবে। প্রত্যেক নিউ ইয়র্কারের নিরাপত্তা নিশ্চিত করতে হবে- তাদের এই বিশ্বাস জাগিয়ে তুলতে হবে যে, তাদের শহর তাদের পাশে আছে, তারা যেখানেই থাকুক না কেন।’

অ্যাডামস্ প্রশাসন ইতোমধ্যেই নিউইয়র্কের পরিবারগুলোর জন্য রাস্তাঘাট, সাবওয়ে এবং পুরো শহরকে আরও নিরাপদ করে তুলেছে।

তিনি বলেন, ‘আমরা টানা পাঁচটি ত্রৈমাসিকে অপরাধ কমার নজির দেখেছি, আর এই বছরের প্রথম তিন মাস ছিল নিউইয়র্ক শহরের ইতিহাসে সবচেয়ে কম গুলির ঘটনা ঘটার সময়কাল। এটা আমাদের আগ্নেয়াস্ত্র বিরোধী কার্যক্রমের সরাসরি ফল এবং এনওয়াইপিডির এক বিশাল সাফল্য। পুলিশ কমিশনার জেসিকা টিশ ইতোমধ্যে, ডেপুটি মেয়র কায ডট্রি আর সাহসী পুলিশ সদস্যরা মিলে পুলিশ বাহিনীকে নিরাপত্তার নতুন পথে নিয়ে যাচ্ছেন। তারা বিপদ দেখলে পালান না, বরং সামনে এগিয়ে যান।’

অ্যাডামস্ প্রশাসনের নিরবচ্ছিন্ন প্রচেষ্টার ফলে, নিউইয়র্ক সিটি দিন দিন আমেরিকার সবচেয়ে নিরাপদ বৃহৎ শহর হিসেবে পরিচিত হচ্ছে। তবে অ্যাডামস্ মনে করেন, এখানেই শেষ নয়।

‘আমরা এখানেই থামব না- আমরা চাই আরও পুলিশ, আরও নিরাপত্তা, আরও ফলাফল। এই প্রশাসন দীর্ঘমেয়াদী পরিকল্পনা নিয়ে কাজ করে চলেছে যেন নিউইয়র্ক সিটি সর্বদাই বিশ্বের সেরা শহর হিসেবে গণ্য হয় এবং আমাদের পরিবার, সন্তান এবং বয়স্কদের জন্য হয়ে উঠে এক নিরাপদ আশ্রয়স্থল।’ বলেন এরিক অ্যাডামস্।

# মানুষের ইচ্ছার বিরুদ্ধে থাকাটাই

শেষ পৃষ্ঠার পর

ভুল সিদ্ধান্ত, তাই তাকে অপসারণ করতে হল সরকার থেকে।’

এইচবি রিতা জানান, গত ২৩ এপ্রিল নিজের ফেসবুক আইডিতে এনসিপির নেতা আব্দুল হান্নান মাসউদ দলীয় লেজুরবৃত্তি করা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে রাস্তায় নামার কথা জানিয়েছেন। তিনি লিখেছেন, আমরা ভুলে যাইনি, ২ আগস্টও কতিপয় ভিসি হাসিনার গণভবনে গিয়ে বলেছিলেন- ‘আপনি পদত্যাগ করবেন না, প্রয়োজনে আরও গুলি করেনব’ এই কথার সত্যতা প্রসঙ্গে জানতে চাইলে কাকন রেজা বলেন, ‘গণমাধ্যমের ব্যক্তিত্বরা এবং ভিসিরা একই কথা বলেছে। অন্য প্রতিষ্ঠানের ছাত্ররা তো ভিসিকে অপসারণের জন্যে উঠে পড়ে লাগেনি। আরো বিশ্ববিদ্যালয় আছে, সবখানেই তো এমন অস্থিরতা হচ্ছে না। এর পিছনেও কারণ আছে। বিগত বছরগুলোতে শিক্ষা প্রতিষ্ঠানে দলীয় ভিত্তিতে শিক্ষক নিয়োগ করা হয়েছিল। বেশির ভাগই অযোগ্য মানুষকে সেই সব জায়গায় দায়িত্ব দেয়া হয়েছিল। সুতারং সুযোগ পেয়ে শিক্ষার্থীরা সেই সব অযোগ্য শিক্ষকদের বিরুদ্ধে আওয়াজ তুলেছে। আমার মতে, শিক্ষা প্রতিষ্ঠানে রাজনৈতিক নিয়োগ হলে সেখানে শিক্ষার বদলে রাজনীতির চর্চা হয়।’

হাসিনা সরকারের পতনের পর চীন নবগঠিত ইউনূস সরকারের প্রতি সমর্থন প্রকাশ করে এবং কূটনৈতিক ও অর্থনৈতিক সহযোগিতা জোরদার করার প্রতিশ্রুতি দেন। এই প্রতিশ্রুতি কতটা বাস্তবায়িত হবে বলে জানতে চান সোহানা নাজনীন। কাকন রেজা বলেন, ‘গত দেড় দশকে আমাদের কোন সুস্থ বৈদেশিক সম্পর্ক ছিল না। একমাত্র প্রতিবেশী রাষ্ট্রের সাথে যোগাযোগ, ব্যবসায় বাণিজ্য এবং বৈদেশিক সম্পর্ক ছিল। বহিঃবিশ্বের সাথে সম্পর্ক উন্নয়নে সরকার কাজ করে যাচ্ছে, যারা ভবিষ্যতে ক্ষমতায় আসবে তাদেরকেও এই অর্থে কাজ করতে হবে। ভারত তার কলকাতা বন্দর ব্যবহারে নিষেধাজ্ঞা দিয়েছে। কিন্তু কয়েক দিন আগে চিটাগাং বন্দর থেকে ইটালির উদ্দেশ্যে জাহাজ ছেড়ে গেছে। সরকার চাইছেন আমাদের বন্দর থেকে ইউরোপের সাথে সরাসরি বাণিজ্য শুরু হবে।’

চীন সফর নিয়ে কাকন রেজা আশাবাদী হয়ে আরো জানান, চীন সফর বাংলাদেশের সম্ভবনার নতুন দুয়ার খুলবে। স্বাস্থ্য খাতে আমরা পুরোপুরি ভারত নির্ভর হয়ে পড়েছিলাম। ভারতও বাংলাদেশকে নিয়ে হেলথ ট্যুরিজম শুরু করেছিল। বাংলাদেশের চিকিৎসার প্রচার বাদ দিয়ে ভারতের চিকিৎসা ব্যবস্থা বাংলাদেশে প্রচার পেয়েছিল। ভারত আমাদেরকে এভাবেই গ্রাস করে রেখেছিল। চীন বাংলাদেশের ঢাকা, চট্রগ্রাম ও সিলেটে বিশ্বমানের হাসপাতাল নির্মাণ করতে চাচ্ছে। এখন মানুষকে ব্যাংকক, সিঙ্গাপুর কিংবা আমেরিকায় দৌঁড়াতে হবে না। ভারতের সেভেন সিস্টার থেকে বাংলাদেশে চিকিৎসা নেবার ব্যবস্থাও করা হবে। চীনের সাথে শুল্কমুক্ত ব্যবসায় করার ব্যবস্থাও পেয়েছি আমরা, সেখানে পণ্য রপ্তানি করতে পারবো। তিস্তা প্রকল্পে সহায়তা করতে কাজ করবে চীন। এ রকম নানা সমঝোতা চুক্তি হয়েছে চীনের সাথে।

আর্থনা শীর্ষ সম্মেলনে ড. ইউনূস চার দিনের জন্য কাতার সফর করছেন, যেখানে পাঁচ লাখ বাংলাদেশি কাজ করছে। তাদের পাঠানো রেমিট্যান্স বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ সম্পর্কে কাকন রেজা জানান, এই সরকার আসার পর রেমিটেন্স অনেকগুনে বেড়েছে। বিদ্যুৎ সরবরাহে ইউনূস সরকার কাতারের সাথে আমাদের সম্ভাবনার কথা বলেছেন। সংকটকালীন কাতারের সাথে বিদ্যুৎ বিষয়ে একটা সুরাহা দরকার। উল্লেখ্য যে, গত মাসে আমাদের দেশে চাষ এবং রমজানের সময় কোন বিদ্যুৎ বিভ্রাট হয়নি।

বাংলাদেশে নির্বাচনের প্রসঙ্গ টেনে এইচবি রিতা বলেন, ‘ডিসেম্বরের মধ্যে নির্বাচন চাইছে বিএনপিসহ বিভিন্ন দল। অন্তর্বর্তী সরকার ডিসেম্বর থেকে আগামী বছর জুনের মধ্যে নির্বাচন দেওয়ার কথা বলছে। আরেকদল চাচ্ছেন ড. ইউনূস ক্ষমতায় থাকুক। এই মুহূর্তে নির্বাচন কতটা জরুরি?’

কাকন রেজা বলেন, ‘সবাই নির্বাচন চাইলেও নির্বাচনের কোন প্রস্তুতি আমরা দেখছি না। সেই অর্থে আমাদের হাতে বেশি সময় নাই। প্রার্থী বাছাই, মাঠ প্রস্তুতি এবং দলীয় ঝামেলা মেটানোর ব্যাপার আছে। আমার কাছে মনে হচ্ছে, সরকারের উপর চাপ সৃষ্টি করার জন্যে দ্রুত নির্বাচন চাওয়া হচ্ছে। রাজনৈতিক দলগুলোর মধ্যেও সংশয় দেখা যাচ্ছে। ড. ইউনূস দীর্ঘ দিন থাকবেন না এটা নিশ্চিত।’

সম্প্রতি বাংলাদেশে ঘটে যাওয়া বিভিন্ন প্রসঙ্গ নিয়েও কথা বলেন কাকন রেজা। পারভেজ হত্যা প্রসঙ্গ টেনে সোহানা নাজনীন বলেন, ‘সম্প্রতি প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজ হত্যা মামলার এজাহারভুক্ত আসামি হৃদয় মিয়াজী, জানা গেছে তিনি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বনানী থানা কমিটির যুগ্ম সদস্যসচিব। ঘটনাটি আসলে কোন দিকে মোড় নিতে যাচ্ছে?’

কাকন রেজা বলেন, ‘দেশের প্রতিটি ঘটনাকেই রাজনৈতিক রূপ দেয়া হয়। খুনের সাথে জড়িতদের একটা রাজনৈতিক দল আছে, স্বাভাবিকভাবে এটা রাজনৈতিক মোড় নেবে। বড় অপরাধী সরকার পক্ষের লোক হলে তাকে ধরা হয় না। দলীয় ব্যাপার টেনে এনে অপরাধী মূল ঘটনা থেকে সরে যায়, বাংলাদেশের এই প্রচলিত ভাবনা থেকে আমাদের বের হয়ে আসতে হবে।’

সাভারের রানা প্লাজা ধ্বসের এক যুগ পূর্ণ হলেও অধিকাংশ তৈরি পোশাক কারখানায় বৈদ্যুতিক, অগ্নি ও ভবনের কাঠামোগত ত্রুটি সংশোধনের কাজ সম্পন্ন হয়নি। নীতিগত গলদ, প্রশাসনিক জটিলতা বা মালিক ক্রেতা দ্বন্দ্বের কারণে কারখানায় বৈদ্যুতিক, অগ্নি ও কাঠামোগত ত্রুটি এখনও রয়ে গেছে। এ প্রসঙ্গে কাকন রেজা বলেন, ‘সংস্কারের জন্য এই সরকারকে সময় দেয়া হয়নি। যারা দিনের পর দিন অন্যায় করে ফুলে ফেঁপে উঠেছে তারা কখনো সাধারণ মানুষের সমস্যার কথা ভাবেনি। তারা পোশাক শ্রমিকদের মানুষ বলে কোন দিন গণ্য করেনি। শ্রমিক রাজনীতি করেন যারা তারাও এই ব্যাপারে কথা বলেন নাই।’

রাজনৈতিক সামাজিক আলোচনার শেষ মুহূর্তে একজন ‘কবি’ কাকন রেজাকে দর্শকের সামনে তোলে ধরেন এইচবি রিতা। তাঁর একটি কবিতা ‘স্রেফ অর্থনীতি’ পাঠ করেন সোহানা নাজনীন।

এভাবেই বাংলাদেশের সাম্প্রতিক প্রাসঙ্গিক বিষয়গুলো নিয়ে বিশদ আলোচনার মাধ্যমে সেদিনের অনুষ্ঠানটি শেষ হয়। প্রথম আলো উত্তর আমেরিকার সাপ্তাহিক ‘টক অফ দ্য উইক’ অনুষ্ঠানটি প্রতি বৃহস্পতিবার নিউইয়র্ক সময় রাত নয়টায় ফেসবুক লাইভে সম্প্রচারিত হয়ে থাকে।

## আলবেনীতে দুই দিনব্যাপী ইসলামিক কনভেনশন

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্ক স্টেটের রাজধানী আলবেনীতে অনুষ্ঠিত হতে যাচ্ছে দুই দিনব্যাপী এক বিশেষ ইসলামিক কনভেনশন। আগামী ২৮ ও ২৯ জুন—প্রবাস প্রজন্মকে ইসলামী মূল্যবোধ ও বাঙালি সংস্কৃতির আলোকে এগিয়ে নিতে 'নর্থ আমেরিকান মুসলিম এলায়েন্স' এই কনভেনশনের আয়োজন করছে।

এ উপলক্ষে নিউইয়র্কে গত ২৬ এপ্রিল সন্ধ্যায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে কনভেনশন সম্পর্কে বিস্তারিত জানান আয়োজকরা। এ সময় মূল বক্তব্য উপস্থাপন করেন 'নর্থ আমেরিকান মুসলিম এলায়েন্স'র প্রেসিডেন্ট মোহাম্মদ সাইফুল আজম আল-আজহারি। বিশেষ অতিথির বক্তব্য রাখেন এই আয়োজনের অন্যতম পৃষ্ঠপোষক বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য গিয়াস আহমেদ।

আয়োজকরা জানান, প্রবাসী যুব সমাজকে ইসলামিক চিন্তাধারায় গড়ে তোলার পাশাপাশি, প্রথম প্রজন্মের মুসলিমদের সন্তানদের সঙ্গে সম্পর্ক আরও মজবুত করতে সহায়ক হবে এই আয়োজন। থাকবে সেমিনার, ওয়ার্কশপ এবং জীবনঘনিষ্ঠ আলোচনার বিভিন্ন সেশন।


# হ্যামট্রাম্যাক সিটির নির্বাচন নিয়ে সরগরম বাঙালি কমিউনিটি

**পার্থ সারথী দেব,** মিশিগান

যুক্তরাষ্ট্রের মিশিগান রাজ্যের হ্যামট্রাম্যাক সিটির নির্বাচন নিয়ে সরগরম হয়ে ওঠেছে বৃহত্তর ডেট্রয়েটে বসবাসরত বাঙালি কমিউনিটি। হ্যামট্রাম্যাক সিটির মেয়র পদে এবং তিনটি কাউন্সিলম্যান পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। সিটি প্রাইমারি নির্বাচন হবে আগামী ৫ আগস্ট এবং সিটি জেনারেল নির্বাচন হবে ৪ নভেম্বর। ইতিমধ্যেই প্রার্থীরা তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

মেয়র পদে মনোনয়ন জমা দিয়েছেন ইঞ্জিনিয়ার এডাম আল হারবি। হ্যামট্রাম্যাক সিটির বর্তমান মেয়র আমীর গালীব আর মেয়র পদে থাকছেন না। কারণ মার্কিন সিনেট তাকে কুয়েতে প্রেসিডেন্ট ট্রাম্পের রাষ্ট্রদূত হিসাবে নিয়োগ করবে বলে জানা গেছে। আমীর গালীব তার ফেসবুক পেজে সকলকে অনুরোধ করেছেন তার বন্ধু, সহপার্টি, তার প্রচার ব্যবস্থাপক এডাম আল হারবিকে হ্যামট্রাম্যাক সিটির পরবর্তী মেয়র হিসাবে ভোট দেয়ার জন্য।

এদিকে মেয়র পদে মনোনয়ন পত্র জমা দিয়ে প্রার্থীতা প্রত্যাহারের ঘোষণা দিয়েছেন খলিল রেফাই। তিনি তার ফেসবুক পেজে লেখেন, শহর ও



জনগণের স্বার্থে ভবিষ্যতের উন্নতিকল্পে একে অপরকে সমর্থন করা দরকার। তিনি এডাম আল হারবিকে সমর্থন করে মনোনয়ন প্রত্যাহার করবেন বলে জানান।

স্থানীয় সংবাদ মাধ্যম থেকে জানা যায়, মেয়র পদে বাঙালি বংশোদ্ভূত চারজন তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন। তারা হচ্ছেন মুহিত মাহমুদ, খন্দকার শওকত হোসেন, মাহবুব করিম ও মিস্টার বাংলাদেশ।

৩টি কাউন্সিলর পদে মনোনয়ন দাখিল করেছেন আবু মুসা (বর্তমান সদস্য), প্রাক্তন কাউন্সিল সদস্য নাঈম চৌধুরী, রেজাউল করিম চৌধুরী, আরিফ আরমান জিসান, মাহফুজুর রহমান, জো স্ট্রজালকা, রাস গর্ডন, ডায়ান এলিজাবেথ ফ্রাকান, খালিদ আল কাসাইমি, মোতাহার আবদো ফাদেল, ইউসুফ সাঈদ, মোহাম্মদ আইমন ইসলাম, আব্দুলমালিক ইয়াহিয়া কাসিম, লুকমান মোহাম্মদ সালেহ, নাজিব মুথানা।

উল্লেখ্য, যারা মনোনয়ন দাখিল করেছেন, তাদের মধ্যে আগামী ৫ আগস্টের প্রাইমারি নির্বাচনে দুইজন মেয়র প্রার্থী এবং ছয়জন কাউন্সিলর প্রার্থী পদে নির্বাচিত হয়ে ৪ নভেম্বরের অনুষ্ঠিতব্য সিটি জেনারেল নির্বাচনে অংশগ্রহণ করবেন। ৪ নভেম্বরের অনুষ্ঠিতব্য নির্বাচনে একজন মেয়র এবং তিনজন কাউন্সিলর নির্বাচিত হবেন।

সব প্রার্থীর ব্যাকগ্রাউন্ড, বসবাসের ঠিকানা, শহরের বাসিন্দা কিনা, কোন সংস্থা বা সরকারের কাছে কোন ঋণ আছে কিনা এসব বিষয় দেখা হবে।

এ নির্বাচন এখন মিশিগান প্রবাসী বাঙালির প্রধান আলোচ্য বিষয়। দোকান, রেস্টুরেন্ট, উপাসনালয়, ফ্যাক্টরি, ঘরোয়া পার্টিসহ সর্বত্রই নির্বাচনের আলাপ। আসলে বাংলাদেশের বাঙালিদের নির্বাচন হচ্ছে একটা প্রধান উৎসব। এ উৎসবে ধর্ম, বর্ণ, পেশা, শ্রেণী নির্বিশেষে সবাই এক হয়ে আনন্দ করে। বিদেশের মাটিতেও তার অন্যথা হয় না।

## বিচারকের বিরুদ্ধে ৬ বছরের কারাদণ্ডের আশঙ্কা

**যুক্তরাষ্ট্র**

**বিশেষ প্রতিনিধি**

মার্কিন যুক্তরাষ্ট্রের উইসকনসিন অঙ্গরাজ্যে অনথিভুক্ত এক অভিবাসীকে পালাতে সহায়তার অভিযোগে মিলওয়াকি কাউন্টি সার্কিট কোর্টের বিচারক হ্যানা ডুগানকে গ্রেপ্তার করেছে ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (এফবিআই)। শুক্রবার এফবিআইয়ের উন্মুক্ত করা একটি অভিযোগপত্রের মাধ্যমে এ ঘটনা প্রকাশ্যে আসে।

অভিযোগে বলা হয়েছে, গত ১৮ এপ্রিল মিলওয়াকি কাউন্টি কোর্টহাউসে একটি মামলার শুনানির সময় বিচারক ডুগান ইচ্ছাকৃতভাবে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসিই) এজেন্টদের বিভ্রান্ত করে অভিযুক্ত অনথিভুক্ত অভিবাসী এদুয়ার্দো ফ্লোরেস রুইজ এবং তার আইনজীবীকে আদালত কক্ষের পেছনের জুরি দরজা দিয়ে বের করে দেন। ফলে রুইজ আইসিই এজেন্টদের গ্রেপ্তার এড়িয়ে পালিয়ে যেতে সক্ষম হন। তবে পরে কোর্টহাউসের কাছাকাছি এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

এফবিআই পরিচালক কাশ প্যাটেল সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টে বলেন, বিচারক ডুগানের এই বাধাদান জনসাধারণের জন্য বাড়তি ঝুঁকি তৈরি করেছে।

অন্যদিকে, বিচারক ডুগানের আইনজীবী ক্রেইগ মাস্তান্তুনো আদালতে জানান, বিচারক ডুগান মনে করেন তার সিদ্ধান্ত জনসুরক্ষার স্বার্থে ছিল এবং তিনি গ্রেপ্তারের বিরোধিতা করেন।

বিচারক ডুগানকে পূর্ব উইসকনসিন জেলা আদালতে হাজির করা হলে তাকে নিজের স্বীকৃতির ভিত্তিতে জামিনে মুক্তি দেওয়া হয়। তার বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সরকারি কার্যক্রম বাধাগ্রস্ত করার দুটি অভিযোগ আনা হয়েছে, প্রতিটি অভিযোগের সর্বোচ্চ শাস্তি ছয় বছরের কারাদণ্ড।

জানা গেছে, অভিযুক্ত এদুয়ার্দো ফ্লোরেস রুইজ এর বিরুদ্ধে ইতিমধ্যে ব্যাটারি ও গার্হস্থ্য সহিংসতার তিনটি মামলা রয়েছে। যার শুনানির জন্যই তিনি ওই দিন আদালতে উপস্থিত ছিলেন।

ঘটনাটি নিয়ে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ এখনো আনুষ্ঠানিক কোনো মন্তব্য করেনি। এ বিষয়ে তদন্ত অব্যাহত রয়েছে।

# ওয়ারেন সিটিতে পরিচ্ছন্নতা অভিযান

**ধরিত্রী দিবস**

**প্রতিনিধি**

আর্থ ডে (ধরিত্রী দিবস বা বিশ্ব বসুন্ধরা দিবস) উপলক্ষে শনিবার (২৬ এপ্রিল) যুক্তরাষ্ট্রের মিশিগান রাজ্যের ওয়ারেন সিটির বিভিন্ন স্থানে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে অংশনিয়েছেন ছাত্র-ছাত্রী,পরিবেশবাদী, স্বেচ্ছাসেবকসহ বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মী।

সিটির সৌন্দর্য রক্ষায় ও প্রকৃতির বিকাশে এ কার্যক্রম গ্রহণ করা হয়। শহরের সিটি স্কয়ারসহ বিভিন্ন পার্কে তারা এ পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান চালান।

ওয়ারেন সিটির মেয়র লরী স্টোন হ্যাপী আর্থ ডে উপলক্ষে বক্তব্যে দিবসটির গুরুত্ব তুলে ধরেন এবং ওয়ারেন সিটির পরিবেশ আরো সুন্দর, পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

ওই কার্যক্রমে প্রবাসী বাংলাদেশিদের অংশগ্রহণ ছিল স্বতস্ফূর্ত।



বিপুল সংখ্যক ছাত্রছাত্রী, তরুণ তরুণী, বিভিন্ন সংগঠনের নেতা-কর্মী অভিযানে অংশ নন। বাংলাদেশ অ্যাসোসিয়েশান অব মিশিগানের (বাম) নেতা-কর্মীরাও এতে অংশ নেন।

এই বছরের ধরিত্রী দিবসের প্রতিপাদ্য হল 'আমাদের শক্তি, আমাদের গ্রহ', যা মানুষকে নবায়নযোগ্য শক্তির চারপাশে একত্রিত হওয়ার আহ্বান জানায় এবং একটি গুরুত্বপূর্ণ ভবিষ্যৎ গড়ে তোলার জন্য মানুষ, সংস্থা এবং সরকারগুলির সাধারণ দায়িত্বের উপর আলোকপাত করে। ২০৩০ সালের মধ্যে বিশ্বব্যাপী উৎপাদিত নবায়নযোগ্য শক্তির পরিমাণ তিনগুণ বৃদ্ধি করার লক্ষ্যে, বিশেষ উদ্যোগ নেওয়া দরকার বলে স্থির হয়। ১৯৭০ সালের এই দিনে মার্কিন সেনেটর গেলর্ড নেলসন ধরিত্রী দিবসের প্রচলন করেন। বর্তমানে আর্থ ডে নেটওয়ার্ক কর্তৃক বিশ্বব্যাপী সমন্বিতভাবে অনুষ্ঠিত হয় এবং ১৯৩টির অধিক দেশে প্রতি বছর পালন করা হয়ে থাকে।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
পারসনাল ট্যাক্স
বিজনেস ট্যাক্স
সেলস ট্যাক্স
বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
ফ্যামিলি পিটিশন
সিটিজেনশীপ আবেদন
গ্রীনকার্ড নবায়ন
সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
•Emirates •Qatar Airways •Etihad Airways •Turkish Airlines •Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে
প্রতি ঘন্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং
আমরা কোন ফি চার্জ করি না।
Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

ভিজিট (B1B2), ষ্টুডেন্ট (F1), ট্রানজিট (C1) বা অন্য যে-কোন ভিসায়
কিংবা বর্ডার (EWI) দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ
এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি
নিউ ইয়র্কে সম্পূর্ণ বিনাখরচে (ভিজিটরসহ অন্য যে-কোন আনডকুমেন্টেডদের) চিকিৎসা সুবিধে পেতে মেডিকেল ইন্সুরেন্স
E2 EB3
L1A EB5
SIJS VAWA
POLITICAL ASYLUM
আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে।
আমরা গ্রীনকার্ড এবং সিটিজেনশীপ এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতার পরও ২ বছরের 'কন্ডিশনাল গ্রীনকার্ড' থেকে 'কন্ডিশন' রিমোভ করে গ্রীনকার্ড পেতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে- নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন।
এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ
ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি'তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিষ্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -
গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে
Old Club Man Corporation
www.oldclubman.com
(212) 814-4068
16222 87th Road, JAMAICA, NY 11432

# অনন্তযাত্রায় পোপ ফ্রান্সিস

**খ্রীষ্টফার পিউরীফিকেশন**

পোপ ফ্রান্সিস আর নেই! বর্তমান এই বিশ্বের ১৪০ কোটি ১৪ লাখ ৬০ হাজার খ্রীষ্টবিশ্বাসী কাথলিকদের এই ধর্মীয় প্রধান নেতা তাঁর ৮৮ বছর বয়সে ভাটিকানের কাজা সান্তা মার্তা নামক নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। পোপ ফ্রান্সিসের মৃত্যুতে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার প্রধান ড. মোহাম্মদ ইউনূসসহ বিশ্বের বিভিন্ন রাষ্ট্র এবং সরকার প্রধান গভীর শোক প্রকাশ করেছেন। প্রয়াত পোপের প্রতি সম্মান জানিয়ে, বৃহস্পতিবার (২৪ এপ্রিল) থেকে বাংলাদেশে তিন দিনের রাষ্ট্রীয় শোক পালন করা হয়েছে।

পোপ ফ্রান্সিস ছিলেন এক অসাধারণ মানবতাবাদী নেতা। তিনি শান্তি, সহানুভূতি এবং সাম্যের বার্তা বিশ্বব্যাপী ছড়িয়ে দিয়েছেন। তাঁর নেতৃত্বে কাথলিক চার্চ বিশ্বব্যাপী দরিদ্র, শরণার্থী, অভিবাসী এবং প্রান্তিক জনগোষ্ঠীর পাশে দাঁড়িয়েছেন। তিনি ধর্মীয় সহাবস্থান এবং আন্তঃধর্মীয় সংলাপের এক গুরুত্বপূর্ণ এবং সোচ্চার কণ্ঠস্বর ছিলেন। বিশ্ব ধর্মীয় নেতৃত্বে তাঁর অবদান ও মানবিক মূল্যবোধ সকলের অনুপ্রেরণা হয়ে থাকবে।

গত ১৪ ফেব্রুয়ারি নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে রোমের জেমেল্লি হাসপাতালে ভর্তি হন পোপ ফ্রান্সিস। দীর্ঘ ৩৮ দিন চিকিৎসা শেষে হাসপাতাল থেকে ছাড়া পেয়ে, নিজ বাসভবন ভাটিকানের কাজা সান্তা মার্তাতে অবস্থান করতে থাকেন। গত 'ইস্টার সানডে' (২০ এপ্রিল) উপলক্ষে ভাটিকানের সেন্ট পিটার্স বাসিলিকার বারান্দা থেকে হাত নেড়ে সেন্ট পিটার্স স্কয়ারে সমবেত উচ্ছসিত তীর্থযাত্রীদের শুভেচ্ছা জানান। পর দিন সোমবার (২১ এপ্রিল) সকাল ৭টা ৩৫ মিনিটে (রোম সময়) পোপ ফ্রান্সিস মৃত্যুবরণ করেন। ভাটিকান ৯টা ৪৫ মিনিটে মৃত্যুর খবর প্রকাশ করলে, বিশ্বের সকল প্রান্তের সকল স্তরের মানুষ শোক প্রকাশে একাত্ম হন। বিশ্বের সকল খ্রীষ্টধর্মাবলম্বীর বাংলাদেশের কাথলিক এবং অন্যান্য খ্রীষ্টসম্প্রদায়ের সাথে সকল ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল স্তরের মানুষ পোপ ফ্রান্সিসের মৃত্যুতে ব্যথিত ও শোকাহত হয়েছেন। তাঁর আত্মার কল্যাণে সকলেই প্রার্থনা করছেন।

১৯৩৬ খ্রীষ্টাব্দের ১৭ ডিসেম্বর আর্জেন্টিনায় জন্মগ্রহণকারী পোপ ফ্রান্সিসই প্রথম লাতিন আমেরিকান এবং অ-ইউরোপীয় পোপ। তাঁর আগের নাম জর্জ মারিও বার্গোগলিও। তাঁর বাবা-মা, মারিও জোসে বার্গোগলিও (১৯০৮-১৯৫৯) এবং রেজিনা মারিয়া সিভোরির (১৯১১-১৯৮১) পাঁচ সন্তানের মধ্যে তিনি ছিলেন বড়। মুসোলিনির ফ্যাসিবাদী শাসন থেকে বাঁচতে মারিও জোসের পরিবার ১৯২৯ খ্রিষ্টবর্ষে ইতালি ত্যাগ করে আর্জেন্টিনায় বসতি স্থাপন করে।

তাঁর কর্মজীবনের প্রথম দিকে জর্জ মারিও আর্জেন্টিনার খাদ্য বিভাগের ল্যাবরেটরিতে কয়েক বছর কাজ করেছেন। একজন রাসায়নিক প্রযুক্তিবিদ হিসাবে কাজ করার আগে তিনি বার বাউন্সার এবং ফ্লোর ঝাড়ু দেওয়ার দারোয়ান হিসাবেও কাজ করেছেন। ১৯৬০ খ্রিষ্টবর্ষে দর্শনে লাইসেন্স পান এবং ১৯৬৪ থেকে ৬৬ পর্যন্ত সাহিত্য ও মনোবিজ্ঞানে শিক্ষকতা করেন। জর্জ মারিও ১৯৬৭ খ্রিষ্টবর্ষে ধর্মতাত্ত্বিক অধ্যয়ন শুরু করেন। ১৩ ডিসেম্বর ১৯৬৯ খ্রিষ্টবর্ষে একজন কাথলিক যাজক হিসেবে অভিষিক্ত হন। তিনি ধর্মতত্ত্বের অধ্যাপক হিসেবেও দায়িত্ব পালন করেন। স্পেনে তিনি আধ্যাত্মিক প্রশিক্ষণের চূড়ান্ত পর্যায় সম্পন্ন করেন এবং ২২ এপ্রিল ১৯৭৩ তারিখে জেসুইট সম্প্রদায়ের যাজক হিসেবে চতুর্থ এবং চূড়ান্ত শপথ গ্রহণ করেন।

জর্জ মারিও পোপ হিসেবে নির্বাচিত এবং অভিষিক্ত হন ১৩ মার্চ ২০১৩, খ্রিষ্টবর্ষে। পোপ হয়ে তিনি 'ফ্রান্সিস' নাম গ্রহণ করেন। একজন পোপ হয়েও অতি সাধারণ জীবন যাপনে অভ্যস্ত ছিলেন তিনি। এমনকি তাঁর পূর্বসূরিদের পালিত অনেক আনুষ্ঠানিকতা বর্জন করেছেন তিনি। তিনি সারা বিশ্বের বিভিন্ন রাজনৈতিক ও ধর্মীয় নেতাদের সাথে ব্যাপক গণসংযোগ করেন। একজন নির্বাচিত পোপ হিসেবে দায়িত্ব গ্রহণকারী পোপ ফ্রান্সিস, শান্তি-সম্প্রীতির বার্তা ছড়িয়ে দিতে বিশ্বের বিভিন্ন প্রান্তে ছুটে গিয়েছেন। মৃত্যুর আগে ১২ বছর ধরে তিনি কাথলিক চার্চের আধ্যাত্মিক নেতা হিসেবে দায়িত্ব পালন করেন।

পোপ ফ্রান্সিস, ২০১৭ খ্রীষ্টাব্দের ৩০ নভেম্বর বাংলাদেশে এসেছিলেন এবং ১ ডিসেম্বর ঢাকার ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে সমবেত দর্শনার্থীদের উপস্থিতিতে কাথলিকসহ অন্যান্য খ্রিষ্টীয় সম্প্রদায়ের ভক্তদের উপস্থিতিতে একটি প্রার্থনা অনুষ্ঠান পরিচালনা করেন।

বাংলাদেশে অবস্থানকালে, তিনি গভীর মমতা ও ভালোবাসা নিয়ে শুনেছেন মিয়ানমারের বাস্তুচ্যুত এবং বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী রোহিঙ্গাদের কষ্টের কথা। সরাসরি রোহিঙ্গাদের ভাষ্যে, তাদের দূরাবস্থার বর্ণনা শুনে নীরবে কেঁদেছেন তিনি। তা দেখে চমকিত হয়েছে পুরো বিশ্ব। এভাবে বিশ্বের যত অন্যায়-অন্যায্যতা, নিপীড়ন-নির্যাতনের বিরুদ্ধে দাঁড়িয়ে নির্যাতিত, বঞ্চিত, শোষিত দরিদ্র মানুষের পক্ষে তাঁর দৃঢ় অবস্থানের কারণে তিনি হয়ে ওঠেছিলেন বিশ্ববিবেক।

যুদ্ধের এবং মৃত্যুদন্ডের বিরুদ্ধে সোচ্চার পোপ ফ্রান্সিস, আন্তঃধর্মীয়সহ অবস্থানের এবং সংলাপের



উপর গুরুত্ব দিয়েছেন বেশী। সকল সাম্প্রদায়িকতার ঊর্ধ্বে, তিনি আন্তঃধর্মীয় সম্প্রীতি এবং সহাবস্থানের পক্ষে ছিলেন এবং এই লক্ষ বাস্তবায়নে, আজীবন অনবরত প্রচেষ্টা চালিয়ে গিয়েছেন।

প্রতিবেশী প্রেমের, ক্ষমার, মিলনের এবং শান্তির বাণী নিয়ে তিনি ছুটে গিয়েছেন বিশ্বের দেশে দেশে। অন্তরঙ্গ পরিবেশে কথা বলেছেন এবং হাত মিলিয়েছেন নানান স্তরের মানুষের সাথে। এমনকি সৌহার্দের প্রতীক হিসেবে, নিজের হাতে তাদের পা ধুয়ে দিয়েছেন। পোপ ফ্রান্সিস তাঁর মৃত্যুর আগের দিন ইস্টারের বার্তায়, গাজার বর্তমান পরিস্থিতি উল্লেখ করেন এবং ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের এবং ইসরায়েলিদের কাছে থাকা সকল জিম্মিকে মুক্তি দেওয়ার আহ্বান জানান।

পোপ তাঁর বার্তায় বলেন, 'আমি সমস্ত ইসরায়েলি এবং ফিলিস্তিনি জনগণের দুর্দশার প্রতি আমার সহমর্মিতা এবং একাত্মতা প্রকাশ করছি। আমি যুদ্ধরত পক্ষগুলোর কাছে আবেদন করছি, যুদ্ধবিরতি ঘোষণা করুন। জিম্মিদের মুক্তি দিন এবং শান্তিপূর্ণ ভবিষ্যতের আকাঙ্ক্ষা পোষণকারী, ক্ষুধার্ত মানুষের সাহায্যে এগিয়ে আসুন।'

পোপ ফ্রান্সিস কঙ্গো, সুদান, দক্ষিণ সুদান, ইয়েমেন, ইউক্রেন, আজারবাইজান, ককেশাস, আর্মেনিয়া, নাইজার, চাদ, ইথিওপিয়া, মালি, সোমালিয়া, সোমালিল্যান্ড, রুয়ান্ডা, উগান্ডা, কেনিয়া, তানজানিয়া- এ সমস্ত দেশের চলমান মানবিক -বিপর্যয় এবং যুদ্ধাবস্থা নিরসনে শান্তি-চুক্তি করা এবং তা বাস্তবায়নের তাগাদা দেন। তিনি বলেন, 'শান্তি অসম্ভব। যদি না থাকে ধর্মীয় স্বাধীনতা, বাকস্বাধীনতা এবং ভিন্নমতের প্রতি শ্রদ্ধা। অস্ত্রের ঝনঝনানি পুরোপুরি বন্ধ না হলে বিশ্বশান্তি স্থাপন অসম্ভব।'

রোমান কাথলিক কার্ডিনালদের সিদ্ধান্ত অনুযায়ী, গত শনিবার (২৬ এপ্রিল) নির্ধারিত আনুষ্ঠানিকতা সম্পন্ন করে ভ্যাটিকানের সীমানার বাইরে সান্তা মারিয়া মাজ্জোরে ব্যাসিলিকায় পোপ ফ্রান্সিসকে সমাহিত করা হয়। তাঁর শেষ যাত্রার অনুষ্ঠানে ভ্যাটিকান সিটিতে কমপক্ষে চার লাখের অধিক মানুষ জড়ো হয়েছিল বলে সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়েছে। পোপ ফ্রান্সিস মৃত্যুর আগে তাঁর শেষ ইচ্ছায় জানিয়েছিলেন, এখানেই সাধারণভাবে তিনি সমাহিত হতে চান। অনেক পূর্বসূরির মতো সেন্ট পিটার্স ব্যাসিলিকায় সমাধি নেওয়ার রীতি ভেঙে এই সিদ্ধান্ত নিলেন তিনি। ভ্যাটিকানের বাইরে ১০০ বছরের বেশি সময় পর কোনো পোপকে সমাহিত করা হলো। এই শেষকৃত্যানুষ্ঠানে যোগ দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার, ফ্রান্সের ইমানুয়েল ম্যাক্রো, ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি, বাংলাদেশের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসসহ বিশ্বের অন্যান্য নেতারা।

পোপ নির্বাচন: বিশ্বে বর্তমানে খ্রীষ্টধর্মের অনুসারীদের সংখ্যা প্রায় ২৫২ কোটি ১৪ লাখ ৬০ হাজার। তার মধ্যে কাথলিকদের সংখ্যা ১৪০ কোটি ১৪ লাখ ৬০ হাজার। কাথলিক চার্চের শীর্ষ ধর্মযাজক, যারা 'কলেজ অব কার্ডিনালস' নামে পরিচিত, তারাই ভোট দিয়ে নতুন পোপ নির্বাচন করেন। এই কার্ডিনালদের সকলেই পুরুষ। তাঁরা সরাসরি পোপ কর্তৃক বিশপ হিসেবে নিযুক্ত হন। বর্তমানে মোট ২৫২ জন কাথলিক কার্ডিনাল রয়েছেন, যাঁদের মধ্যে নতুন পোপ নির্বাচনে অংশ নিতে পারবেন ১৩৫ জন। অন্য কার্ডিনালদের বয়স ৮০ বছরের বেশি হওয়ায় তাঁরা সরাসরি নির্বাচনে অংশ নিতে পারবেন না। তবে নতুন পোপ হিসেবে কাকে নির্বাচিত করা উচিত, সেই বিতর্কে অংশ নিয়ে তাঁরা তাঁদের মতামত জানাতে পারবেন। একজন পোপ যখন মারা যান অথবা পদত্যাগ করেন (যেমনটি ২০১৩ খ্রিষ্টবর্ষে পোপ ষোড়শ বেনেডিক্ট তাঁর স্বাস্থ্যগত কারণে পদত্যাগ করেছিলেন। এটি ছিল বিরল ঘটনা), তখন ভ্যাটিকানে কার্ডিনালদের একটি সম্মেলন ডাকা হয়। তারপর 'কনক্লেভ' অনুষ্ঠিত হয়, যেটি পোপ নির্বাচনের সময় হিসাবে পরিচিত।

বর্তমান পোপের মৃত্যুর পর থেকে নতুন পোপ নির্বাচিত না হওয়া পর্যন্ত মধ্যবর্তী সময়কালে 'কলেজ অব কার্ডিনালস'ই গির্জার যাবতীয় কর্মকাণ্ড পরিচালনার দায়িত্ব পালন করে থাকবে।

পোপ নির্বাচনের ভোট অনুষ্ঠিত হয় চিত্রশিল্পী মাইকেলেঞ্জেলোর আঁকা বিখ্যাত সিস্টিন চ্যাপেলের ভিতরে। কঠোর গোপনীয়তার সঙ্গে সেখানে কার্ডিনালরা তাঁদের পছন্দের প্রার্থীকে ভোট দেন। নতুন পোপ নির্বাচনের এই প্রক্রিয়ায় বেশ কয়েক দিন সময় লেগে যেতে পারে। অতীতে এক সপ্তাহ, এমনকি এক মাস সময় ধরেও ভোট চলতে দেখা গেছে। ভোট চলাকালে কার্ডিনালদের মধ্যে কেউ কেউ মৃত্যুবরণ করেছেন, এমন ঘটনারও নজির আছে। এই সময় নতুন পোপ নির্বাচন কতটুকু এগোলো, সেটি বোঝার একমাত্র উপায় হলো ধোঁয়া। নির্বাচন চলাকালে প্রতি বার ভোট শেষে সিস্টিন চ্যাপেলের নির্দিষ্ট চুল্লিতে ব্যালট পেপার পুড়িয়ে ফেলা হয়। এর ফলে দিনে চুল্লির চিমনী দিয়ে দুই রঙের ধোঁয়া বের হয়। এই রঙিন ধোঁয়া, নতুন পোপ নির্বাচনের ইঙ্গিত দেয়। কালো ধোঁয়ার অর্থ হলো, 'পোপ নির্বাচন হননি'। আর সাদা ধোঁয়া দেখার মানে হলো, 'নতুন পোপ নির্বাচিত হয়েছেন'। সিস্টিন চ্যাপেলের বাইরে অগণিত মানুষ অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করেন, কখন তাঁরা সাদা ধোঁয়া দেখবেন। সারা বিশ্বের মানুষও, নির্বাচিত নতুন পোপের নাম জানতে অপেক্ষা করেন।

সিস্টিন চ্যাপেলের সাদা ধোঁয়া দেখা যাওয়ার পর সাধারণত ঘন্টাখানেকের মধ্যে নতুন পোপ ঐতিহ্যবাহী পোশাক পরে সেন্ট পিটার্স স্কয়ারের বারান্দায় এসে দাঁড়ান। এরপর কনক্লেভে অংশগ্রহণকারী একজন জ্যেষ্ঠ কার্ডিনাল আনুষ্ঠানিকভাবে নতুন পোপের বিষয়ে সিদ্ধান্ত জানান। তিনি ল্যাটিন ভাষায় উচ্চ স্বরে বলেন, 'হ্যাবেমাস পাপাম!', বাংলায় যার অর্থ দাঁড়ায়, 'আমাদের একজন পোপ আছেন!'

তারপর কার্ডিনাল নতুন পোপের নাম ঘোষণা করেন। এ সময় নতুন পোপকে তাঁর নাম উল্লেখ করে, পরিচয় করিয়ে দেওয়া হয়। এ নাম নির্বাচিত পোপের আসল নাম হতে পারে। অথবা তাঁর স্থির করা অন্য নামও হতে পারে।

পোপ ফ্রান্সিসই এক্ষেত্রে বড় উদাহরণ। তাঁর প্রকৃত নাম ছিল জর্জ মারিও বার্গোগলিও। সাধু ফ্রান্সিসের প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি নিজের নতুন নাম দেন 'ফ্রান্সিস'। গত এক যুগ ধরে সারা পৃথিবীতে তিনি এই নামেই পরিচিত ছিলেন। জর্জ মারিও বার্গোগলিও নামের মানুষটি ইতিহাসে 'পোপ ফ্রান্সিস' নামেই তাঁর আসন স্থায়ী করে নিয়েছেন।

ধর্মগুরু হিসেবে দায়িত্ব পালনের জন্য পোপ আনুষ্ঠানিকভাবে কোনো বেতন পান না। তবে তাঁর জীবনযাপন ও ভ্রমণের জন্য প্রয়োজনীয় সকল খরচ ভ্যাটিকান সিটি বহন করে থাকে।

প্রবাসী শেরপুর জেলা সমিতি ইউএসএ ইন্‌ক
Probashi Sherpur Zilla Samity USA Inc

ঈদ পুনর্মিলনী ও পিঠা উৎসব

সম্মানিত সুধী,
আসসালামু আলাইকুম, আসছে ৩ মে ২০২৫, শনিবার সন্ধ্যা ৬:০০ ঘটিকায় প্রবাসী শেরপুর জেলা সমিতি ইউএসএ ইন্‌ক এর ঈদ পুনর্মিলনী ও পিঠা উৎসব সানাই রেস্টুরেন্ট এন্ড পার্টি হলে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে আপনি স্বপরিবারে আমন্ত্রিত।

আমন্ত্রণে:
ঈদ পুনর্মিলনী ও পিঠা উৎসব উপ-কমিটি

গৌতম চক্রবর্তী মিন্টু — আহ্বায়ক
রেখা জামান চৌধুরী — প্রধান সমন্বয়কারী
মোঃ শফিকুল ইসলাম — যুগ্ম আহ্বায়ক
মোস্তারীন আক্তার (লিমু) — সদস্য সচিব
মোঃ শহিজ উদ্দীন মিয়া (শিমুল) — সদস্য

প্রধান অতিথি: জান্নাত রহমান
উপদেষ্টা, সাবেক সভাপতি ও লাইসেন্সড রিয়েলটর

গেস্ট অফ অনার: মোহাম্মদ এন মজুমদার, এলএলএম
চেয়ারম্যান, NYC কমিউনিটি ৯ বোর্ড, ব্রঙ্কস

বিশেষ অতিথি: কাজী আশরাফ হোসেন
প্রেসিডেন্ট, স্ট্যাটেন আইল্যান্ড লায়ন'স ক্লাব।

৩ মে, ২০২৫ ইং (শনিবার), সময়: ৬:০০ ঘটিকা স্থান: সানাই রেস্টুরেন্ট এন্ড পার্টি হল
37-43 74th Street, Jackson Heights, NY 11372

শুভেচ্ছান্তে

ইঞ্জি. প্রদোষ চক্রবর্তী
সভাপতি
(৯০৮) ২৩০-৮৬০৬

মোঃ ছামেদুল হক (ঝন্টু)
সাধারণ সম্পাদক
(৩৪৭) ৬৩৭-০০৫৯

শিহাব আহমেদ কিবরিয়া কর্তৃক প্রচারিত

সাপ্তাহিক
সত্যের সন্ধানে আপোষহীন
# ইনকিলাব
WWW.WEEKLYINQILAB.COM
WEEKLY INQILAB

## আপনার পত্রিকা সংগ্রহ করুন

প্রথম সংখ্যা প্রকাশ
মে ৬, ২০২৫ থেকে



### ইনকিলাব এখন পাঠকের হাতের মুঠোয়
অনলাইনে খবর পড়ুন যেকোনো সময়, যেকোনো জায়গা থেকে



www.weeklyinqilab.com

929-328-5971 | info@weeklyinqilab.com
86-11 101 Avenue, Ozone Park, NY-11416

Design by: ihopeprint.com, 929-538-7903


Bioskope Films
Presents
SVF Alpha-i & CHORKI
Kew Garden Cinemas
8105 Lefferts Blvd,
Kew Gardens, NY 11415
FRIDAY
May 2nd- 4:20pm
SATURDAY
May 3rd- 4:20pm
SUNDAY
May 4th- 4:15pm
MONDAY
May 5th- 3:45pm
TUESDAY
May 6th- 3:45pm
WEDNESDAY
May 7th- 3:45pm
Advance Tickets On Sale
Tickets Online and
at Theatre Ticket Booth
নিউ ইয়র্কের
মহাসমারোহে ২য় সপ্তাহ
AFRAN NISHO
IN
দাগি
A FILM BY SHIHAB SHAHEEN
BIOSKOPE IS RELEASING "DAGGI" STARRING AFRAN NISHO AND TOMA MIRZA AND
DIRECTED BY SHIHAB SHAHEEN ON FRIDAY APRIL 25TH, 2025
A Bioskope Films USA Canada Distribution

## উত্তরকাল

### পরিতোষ বাবলু

বেলা শেষে পাখিরাও ঘরে ফিরে।
হরিদাসের হয়না ফেরা!
ঘনসন্ধ্যা নেমে এলে, লণ্ঠনে- লণ্ঠনে
রাতজোনাকির মতো বাতি জ্বলে--
মাছ ধরার নৌকোয়, জেলে নৌকোয়।

দাসপাড়ার কৈবর্ত সম্প্রদায়ের লোকেরা
মাছ ধরে জীবিকার তাগিদে;
পদ্মার উর্মিলায়।
রূপালী ইলিশ আগের মতো করে
ধরা পড়ে না  জালে।
কস্মিনকালে হরিদাস মনসামঙ্গলের
চাঁদ সওদাগরকে অলীক স্বপ্নে দেখে!

অকস্মাৎ ছাই-রঙ আঁধারে
হরিদাস আঁতকে ওঠে!  ক'জনার কাঁধে
বাঁশের খাটিয়া!
শ্মশানবন্ধুরা ধ্বনি ছুঁড়ে হেঁটে চলে
"হরিবোল, বল হরি" বলে!
হরিদাস উত্তরকালের কথা ভাবে--
হায়রে মানুষ, রঙের মানুষ!

## দ্বিকোষ

### কোমল দাস

গুণির স্বভাবও হয়ে গেছে অবচয়,
অঢেল জ্ঞানীও চলে গেছে অবতলে।
সাধুরও এখন বিনা দোষে সাজা হয়,
হযবরলতে যেন সবকিছু চলে।

বনমোরগের পদধ্বনির নাদে,
কাচের বোতলে দেহত্যাগ করে হাওয়া।
ভয় দেখিয়েও না হেসে ভূতেরা কাঁদে,
সুখতারা করে চাঁদের উপরে ধাওয়া।

মাছেরা জানে না কত ধানে কত চাল,
চিৎকার ছাড়ে থাকবো না আর জলে।
তীরে উঠে বলে টেনে পিপীলিকা হাল,
ভেজা জমিতেও এখন লাঙল চলে।

## নদীতে

### অঞ্জলি দেনন্দী, মম

নদীতে আমি আর তুমি।
গলা পর্যন্ত ডুবে আছি।
আমরা খুব কাছাকাছি।
আমার কপাল চুমি
তুমি বললে হেসে,
ভালবেসে,
বৈশাখে নদী জল শীতল রাখে।
এখনই সামনে যে আছে চাই তাকে।
আমি বললাম লাজ নত মুখে,
তোমায় পেয়ে থাকবে সে সুখে।
গ্রহণ করে নাও যদি।
হবে তো সে নদী।
প্রেমের সাগরের পানে
বয়ে যাবে ব্যাকুল টানে।
এরপরে মিললাম দুজনে জলে।
উন্মুক্ত আকাশ তলে।
আশেপাশে নাই কেউ।
ছুঁয়ে ছুঁয়ে ছুঁয়ে ছুঁয়ে যায় ঢেউ।



## সম্পর্ক

### আহাম্মদ উল্লাহ

মাঝে মাঝে মনটা উদাসীন হয়
হিসাব নিকাশের খাতা খুলে বসি
ঝড়ের মত কে এলো কে গেলো
আপনার আপন ভাবি যারে
ভাই, বন্ধুবর কিংবা হৃদয়ের এক মানুষ
দেখা হয় না বহুদিন তবুও খুঁজে রাখি মনের কোণে।

একদিন শুনি তার কথা
অন্যমুখে অন্যস্বরে
মধুর ব্যথা বুকে বাজে।
বুঝি—আপন ভাবিলে কি আপন?
সময় বয় দূরত্ব কিছু রয়।

একান্ত নিকটে ব্যথার উপশম মন ভাবে যারে
অবহেলা- বেদনা দিয়েছে ফিরিয়ে সর্বদ্বারে।

## নীরবতার আত্মকথা

### মধুমিতা দত্ত

পাহাড় কথা বলে না, তবুও তার ভাষা—নীরবতা।
আমি একদিন তাকে জিজ্ঞেস করেছিলাম,
"তুমি কি কেবলই এক স্তব্ধ প্রাকৃতিক গঠন?"
সে হেসে উঠেছিল, নিঃশব্দে—বলেছিল,
"আমি তোমারই অংশ, সেই স্তর
যেখানে আত্মা ধুলোর চেয়ে সূক্ষ্ম হয়ে মিশে যায়।"

পাহাড় শিখিয়েছে—উঁচু মানেই গর্ব নয়,
নিচু মানেই হীন নয়;
উঁচু পড়ে যেতে পারে, নিচু ধারণ করে তাকে।
সে বলেছে, "প্রকৃতি মানে না ধর্ম,
না পাপ-পুণ্য, না মুক্তি কিংবা বন্ধন—
সে শুধু জানে চক্র: জন্ম, মৃত্যু, পুনর্জন্ম।

মানুষের আত্মাও সেই চক্রে বাঁধা,
আমার মতো—ভাঙে, গড়ে উঠে আবার
হাজার বছরের স্তব্ধ গহনতায়।"
প্রকৃতি কেবল বাইরের নয়—
সে ভিতরের বাস্তবতা,
আর পাহাড়? আত্মার স্থিতি, যেখানে চেতনা

নীরব হয়ে থাকে।

## প্রেমপত্র

### সারমিন চৌধুরী

পুরানো ডাকবাক্সে ঝুলে আছে
কাঁচা হাতের লেখা সেই প্রথম প্রেমপত্র।
পড়ে আছে জরাজীর্ণ ক্রমনীল অন্ধকার কক্ষে
মূল থেকে তুলে আনা প্রেমের অন্তর্ধান,
যেখানে ছিল প্রতি অক্ষরে ধ্রুপদী সরল ভাবাবেগ।
করেছিলাম শব্দের দীপ্তিময় হালচাষ পত্র জুড়ে,
অজান্তেই নিষ্পাপ অশ্রুবিন্দুতে হয়েছিলাম সিক্ত
এলোমেলো ভাবনারা লেপ্টে ছিলো কালিতে
আলপনার মতো উজ্জ্বল মুখ ভাসছিল চোখে
ইউক্লিডের উপপাদ্যের মতো রসিকতাপূর্ণ ছিল
অনুভূতির পুষ্পজলে হয়েছিলো রোমাঞ্চিত;
প্রতিটি কথায় ছিল আধ্যাত্মিক বিভা,অপেক্ষা
জড়িয়েছিল শুধু তোমার ছায়াজাল আষ্টেপৃষ্টে
যেখানে ফুটেছে প্রজ্ঞাময় প্রেমের সংলাপ!
যে আর্দ্রতম দিন জুড়ে দিতো তীব্র আহাজারি
যত্নে বপন করেছিলাম সেখানে প্রণয়ের বীজ
তোমার স্পর্শ পাইনি বলে বিনষ্ট হয়ে গেছে,
সেই থেকেই হাঁটছি বেদনার সীমাহীন মাঠে।

## বিশ্ব-পণ্ডিত

### মোঃ রহমত আলী

বিশ্ব যখন অন্ধ হয়ে, অন্ধ খুঁজে ফেরে
অন্ধ তখন বিশ্বের দিকে তাকিয়ে বলে,
দেখোনা তোমরা কোথায় আগুন লেগেছে!
কারা আগুন লাগিয়েছে,
তারা কারা যারা আগুন লাগাচ্ছে?
তবে কি তোমাদের নজরে এগুলো
শুধুই মজাদার লীলা?
লক্ষ্য কোটি আর্তনাদ দেখেও তোমরা-
মিথ্যা সান্ত্বনা ছুড়ে দাও!
হয়তো খেয়ালি বসে ধ্বংসাত্মক তামাশা দেখো!
কিন্তু, বিশ্ব যখন আলোকিত রজনীর তালাশে ব্যস্ত,
তখনও কতক দেশের আমজনতা অভাবগ্রস্ত
মারাত্মক দুর্বিষহ জীবনযাত্রায় জর্জরিত।

তবু যতই চোখে আঙুল দাও, দেখেনা বিশ্বগুরু,
অথচ তারাই আজ বিশ্ব মহারাজ, মহাপণ্ডিত!




# 'এআই' যেভাবে শিল্পসাহিত্য চর্চাকে বিঘ্নিত করছে

### এইচ বি রিতা

বর্তমান প্রযুক্তিনির্ভর বিশ্বে কৃত্রিম বুদ্ধিমত্তা বা 'এআই' মানবসৃষ্টির প্রায় সকল ক্ষেত্রে প্রভাব বিস্তার করছে, শিক্ষাক্ষেত্র এবং সাহিত্য-শিল্পচর্চাও তার ব্যতিক্রম নয়। এই দুই জায়গায়তেই কৃত্রিম বুদ্ধিমত্তা প্রবেশ করেছে এক নীরব বিপ্লব নিয়ে। যদিও এর আগমন সাহিত্যিক ও শিল্পীকে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে, শিক্ষার্থীদের দুর্বলতা-দক্ষতা বিশ্লেষণ করে আলাদা পাঠ পরিকল্পনা তৈরি করতে পেরেছে, তবে এই প্রযুক্তির অনিয়ন্ত্রিত ও বাণিজ্যকেন্দ্রিক ব্যবহার শিক্ষাক্ষেত্র ও শিল্পসাহিত্যের মৌলিক স্বর ও মানবিক গভীরতাকে একপ্রকার হুমকির মুখে ফেলছে।

আমার প্রসঙ্গ, 'এআই' কীভাবে আধুনিক সাহিত্য ও শিল্পচর্চার অন্তঃসারকে বিঘ্নিত করছে, তা নিয়ে। 'এআই' মূলত নিজে কিছু অনুভব করে না, অভিজ্ঞতা থেকে শেখে না, কিংবা কোনো ব্যক্তিগত জীবন নেই তার। 'এআই' যা লেখে, তা আসে বিপুল পরিমাণ ডেটা থেকে শেখা ভাষার ধরন ও প্যাটার্ন থেকে-যেখানে সে বিশ্লেষণ করে, কোন শব্দের পরে কোন শব্দ আসতে পারে। মানুষের লেখা বই, কবিতা, প্রবন্ধ, সংবাদ, চ্যাট, গবেষণাপত্র এমনকি সোশ্যাল মিডিয়া পোস্ট থেকে ভাষার গঠন শেখে 'এআই।' ব্যক্তির জিজ্ঞাসা বা প্রম্পট দেখে প্রাসঙ্গিক শব্দ-সংমিশ্রণ তৈরি করে।

'এআই' নির্ভর লেখনী বা চিত্রাঙ্কন সফটওয়্যার প্রায়শই প্রচুর পরিমাণে তথ্য বিশ্লেষণ করে কনটেন্ট তৈরি করে, যা দেখতে মৌলিক হলেও, আসলে তা মানব অনুভবের রিফ্লেকশন নয়, বরং একধরনের 'ডেটা-ড্রিভেন কোলাজ'।

সাহিত্য একান্তই মানুষের আবেগ, অভিজ্ঞতা, পর্যবেক্ষণ, মানসিক সংকট, স্বপ্ন ও সময়চেতনার বহিঃপ্রকাশ। সেখানে 'এআই'-এর সৃষ্ট লেখাগুলো নিখুঁত হলেও অনেকটা আত্মাহীন। যেমন ধরুণ, ভিনসেন্ট ভ্যান গো-এর 'স্টারি নাইট'  শুধু ক্যানভাসে আঁকা একটি আকাশ নয়, এটি একটি মানসিক অবস্থা, একাকিত্ব, এবং কল্পনার দোলায় ওঠানামা করা শিল্পীর অভিজ্ঞতা। কিন্তু 'এআই' যখন এমন একটি চিত্র তৈরি করে, তখন তা চোখ ধাঁধানো হতে পারে, কিন্তু সেখানে শিল্পীর অন্তর্জগৎ বা যন্ত্রণা প্রতিফলিত হয় না। অনুরূপ, বিমল মিত্রের 'কড়ি দিয়ে কিনলাম'-যে গ্রন্থের জন্য তিনি ১৯৬৪ সালে রবীন্দ্র পুরস্কারে ভূষিত হন, 'এআই' এমন একটি গ্রন্থ তৈরি করতে পারবে না, ছোট গল্প ছাড়া। এবং সে গল্পের চরিত্র হয়তো চমৎকার হবে, সংলাপ হয়তো নির্ভুল হবে, কিন্তু তারা 'বেঁচে' থাকার মতো  না। তাদের চিন্তা-ভাবনা পাঠকের অনুভবের সাথে জুড়ে না, কারণ চরিত্রগুলোর মধ্যে তীব্র প্রেম, তীব্র দ্বন্দ্ব, বেদনাবোধ বা সময়চেতনার সংকট নেই। তারা একধরনের নির্বাক কাকতালীয় পুতুল।

কবিতার ক্ষেত্রে এই সঙ্কট আরো গভীর। কবিতা কেবল শব্দের সমাহার নয়, এটি অনুভব, আবেগ, যন্ত্রণার নীচতলা, স্বপ্ন ও স্মৃতির আলোকছায়া। কবিতা লিখতে গেলে কেবল ব্যাকরণ নয়, লাগে রক্তে মিশে থাকা কষ্ট, অননুভূতি, প্রেমের গভীরতা, স্মৃতির রন্ধনভূমি থেকে আসা ভাষা। আর এখানেই 'এআই' ব্যর্থ হয়। 'এআই' যখন কবিতা লেখে, তখন সেটি লক্ষ লক্ষ কবিতার ডেটা বিশ্লেষণ করে গড়পড়তা এক ছন্দবদ্ধ শব্দের কাঠামো দাঁড় করায়।

"আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে-এই বাংলায়
হয়তো মানুষ নয় হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে
হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে..."-

জীবনানন্দ দাশের এই কবিতার পঙ্‌ক্তিতে যে পুনর্জন্মের আকুতি, যে নির্জন বাংলার প্রতি নিঃশর্ত প্রেম, এবং যে শিকড়ের অস্তিত্বচেতনা-সেটা কেবল মানুষের অভিজ্ঞতা, স্মৃতি আর মাটির গন্ধেই সম্ভব। কিন্তু 'এআই' যখন এমন একটি কবিতা লিখবে, তখন তাতে হয়তো থাকবে ছন্দ, শব্দ হবে প্রাঞ্জল, কাঠামো হবে সুন্দর এবং নদী, পাখি, গাছ, ঋতু-সব উপাদানই থাকবে, কিন্তু যা থাকবে না তা হল শিকড়ের অভিজ্ঞতা, নিঃসঙ্গ বাংলার বিষণ্নতা, পুনর্জন্মের 'আত্মা। কারণ, 'এআই' জানে না ধানসিঁড়ি নদীর পাড়ে বিকেলের আলো কেমন হয়। তার ভাণ্ডারে সেই আলো শুধুই 'ডেটা', অনুভব নয়। জীবনানন্দের কবিতায় যে নির্জন বিষণ্নতা থাকে, যা নগরের ক্লান্তিকেও গ্রামে ফেরা স্বপ্নে পরিণত করে, 'এআই' বুঝতে ব্যর্থ যে-এই বিষণ্নতাও একধরনের প্রেম। এবং সাহিত্যসচেতন পাঠক বা প্রজ্ঞাবান কবিরা এই 'এআই' কবিতাকে ঠিকই চিনে ফেলেন-চোখে পড়লে বুঝে যান, শব্দ যতই নিখুঁত হোক, তার ভেতরে প্রাণ নেই।

আরো আছে, অভিজ্ঞতার গন্ধহীনতা। মানুষের লেখা কবিতা জীবনের নির্যাস থেকে জন্ম নেয়। শৈশব-কৈশোরের খেলা, বৃদ্ধ মা-বাবার অসুস্থতা, ব্যক্তিজীবনের অভিজ্ঞতা, যুদ্ধের ভয়াল রাত, সমাজের নীপিড়ন-দুর্দশা, প্রেমিকের প্রতারণা—এসব অননুকরণীয় নিত্য নতুন অভিজ্ঞতা ও পর্যবেক্ষণই কবিতায় শব্দ হয়ে ওঠে।

'এআই' এর কবিতা সেই অভিজ্ঞতাহীনতায় নিঃস্ব। 'এআই'

জানে না হারানোর কষ্ট, মৃত্যুর গন্ধে চোখের জল কেমন করে নোনা বা গরম হয়। 'এআই' কেবল পূর্ববর্তী সাহিত্যের পুনরাবৃত্তিতে শিক্ষিত, অনুকরণ করতে পারে-কিন্তু নতুন কিছু সৃষ্টিতে নয়।

'এআই'-এর সৃষ্ট শিল্প বা সাহিত্য দেখতে নিখুঁত হলেও, তা পাঠকের আত্মার গভীরে প্রবেশ করে না। এটি এমন এক ধরনের কনটেন্ট যা প্রযুক্তিগতভাবে দক্ষ কিন্তু মানবিকভাবে শূন্য। শিল্পের অন্তরাত্মা হচ্ছে অনুভব, আর 'এআই' এর অভাব ঠিক এখানেই।

'এআই' যখন সাহিত্য রচনা বা শিল্প সৃষ্টি করে, তখন তা মানুষকে প্রযুক্তির আড়ালে ডুবিয়ে রাখতে পারে, তবে কখনোই মানুষের অভ্যন্তরীণ অনুভূতির গভীরতা, তার চিন্তা বা আত্মার শব্দকে প্রকাশ করতে সক্ষম হয় না।

যারা 'এআই' নির্ভর করে সাহিত্য তৈরি করতে চান, তাদের জন্য এই স্মরণীয় বার্তা:

"একটি শব্দও যদি আপনাক হৃদয়ের গভীরতা থেকে উঠে আসে, তখন সেটাই সত্যিকার শিল্প।"

কাজেই যখন আপনি সাহিত্য রচনা করেন, মনে রাখবেন-শব্দগুলো যেন আপনার হৃদয় থেকে উঠে আসে, যেন তা পাঠকের হৃদয়ে পৌঁছায়।

# NOW SHOWING IN THEATRES




## REGAL UA MIDWAY, FOREST HILLS/QUEENS

REGAL

GOLDEN AGE
HOME CARE

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE
সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

PCA HOME CARE সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
আপনাকে HOME CARE সার্ভিস -এ এনরোল
করে নেব এবং সব সধরনের সেবা প্রদান করবো



Please Contact

Shah Nawaz MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-7852
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

**HILLSIDE AVE. OFFICE**
170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

**BROOKLYN OFFICE**
516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

Design by: ihopeprint.com, 929-538-7903




COMMUNITY DEVELOPMENT FOR ASIAN AMERICAN
CDAA

Community Development for Asian American (CDAA)

একটি স্বাস্থ্য সামাজিক ব্যপস্থাপনা সংস্থা

যাঁরা আপনার ভাষায় কথা বলে এবং আপনার অধিকারের জন্য কথা বলে

আমাদের সেবা সমূহ–

- আর্থিক অনুদান গ্রহণে সহায়তা
- বাসস্থান ও বাড়ি ভাড়া প্রাপ্তিতে সহায়তা
- কর্মসংস্থান ও দক্ষতা প্রশিক্ষণ
- ফুডস্ট্যাম্প ও পুষ্টিকর খাদ্য সামগ্রী গ্রহণে সহায়তা
- যাতায়াত ব্যবস্থা গ্রহণে সহায়তা

এছাড়া যে কোন শারিরীক ও মানসিক স্বাস্থ্য বিষয়ক পরামর্শ।

Tel: +1(866) 367-3232 Email: info@cdaany.org




প্রয়োজনে এটর্নী হাসপাতাল বা বাসায় আসবেন

# প্রথম আলো

Prothom Alo North America
1 May 2025, Thursday, Issue 424
বৃহস্পতিবার, ১ মে ২০২৫, ১৮ বৈশাখ ১৪৩২, ৩ জিলকদ ১৪৪৬




# নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচন, সমর্থন পেয়ে এগিয়ে যারা

**নির্বাচনের গতিপ্রকৃতি**

সম্ভাব্য প্রার্থীরা ইতিমধ্যে রাজনৈতিক দল, ইউনিয়ন এবং কমিউনিটি সংগঠনের সমর্থন আদায়ে ব্যস্ত সময় পার করছেন।

**নিজস্ব প্রতিবেদক**

নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচনের প্রস্তুতি জোরেশোরে এগিয়ে চলেছে। সম্ভাব্য প্রার্থীরা ইতিমধ্যে রাজনৈতিক দল, ইউনিয়ন এবং কমিউনিটি সংগঠনের সমর্থন আদায়ে ব্যস্ত সময় পার করছেন। সমর্থনের এই চিত্র নির্বাচনের গতিপ্রকৃতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে বিশ্লেষকরা মনে করছেন।

কুয়োমোর শক্ত অবস্থান

নিউইয়র্কের সাবেক গভর্নর অ্যান্ড্রু কুয়োমো এবার মেয়র নির্বাচনের ঘোষণা দিয়েছেন। তিনি ইতিমধ্যে বিশাল সমর্থন সংগ্রহ করেছেন। ৩২বিজে এসইআইইউ (হোটেল ও পরিষেবা শ্রমিক ইউনিয়ন) এবং ১১৯৯এসইআইইউ (স্বাস্থ্যসেবা কর্মীদের বৃহত্তম ইউনিয়ন) সহ গুরুত্বপূর্ণ শ্রমিক সংগঠনগুলোর সমর্থন তাঁর ঝুলিতে এসেছে।

এছাড়া সাবেক ও বর্তমান কিছু নির্বাচিত কর্মকর্তারাও তার প্রতি সমর্থন জানিয়েছেন। বিশেষজ্ঞরা বলছেন, নিউইয়র্ক সিটির ভোটব্যাংকে শ্রমিক ইউনিয়নের বিশাল প্রভাব থাকায় এটি কুয়োমোর জন্য বড় সুবিধা হয়ে দাঁড়াতে পারে।

জোহরান মামদানির ব্যাপক সমর্থন

নিউ ইয়র্ক সিটির নির্বাচনে জোহরান মামদানি ব্যাপক সমর্থন পেয়েছেন। নির্বাচিত কর্মকর্তাদের মধ্যে ব্রুকলিন বরো প্রেসিডেন্ট আন্তোনিও রেনোসো, রাজ্য সিনেটর জাবারি ব্রিসপোর্ট, ক্রিস্টেন গঞ্জালেজ ও জুলিয়া সালাজার তার প্রার্থিতাকে সমর্থন জানিয়েছেন। এছাড়া, সিটি কাউন্সিল সদস্য জেনিফার গুটিয়েরেজ এবং স্যান্ডি নার্সও তাকে সমর্থন করেছেন।

শ্রমিক সংগঠনগুলোর মধ্যে জেলা পরিষদ ৩৭, ইউনাইটেড অটো ওয়ার্কার্স রিজিওন ৯এ এবং পেশাদার স্টাফ কংগ্রেস মামদানির পক্ষে দাঁড়িয়েছে। প্রগতিশীল সংগঠনগুলির মধ্যে নিউ ইয়র্ক সিটি ডেমোক্র্যাটিক সোশ্যালিস্টস অফ আমেরিকা, নিউইয়র্ক ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টির সমর্থনে এসেছে তার।

মামদানি নিউইয়র্কের খেটে খাওয়া এবং শ্রমজীবী মানুষের অধিকার রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। তার নির্বাচনী পরিকল্পনাগুলোর মধ্যে বাসে চলাচল ফ্রি করা, রেন্ট স্ট্যাবিলাইজড ইউনিটের রেন্ট ফ্রিজ করা এবং চাইল্ড কেয়ার ফ্রি করা অন্যতম।

অ্যাড্রিয়েন অ্যাডামসের শক্ত রাজনৈতিক ভিত্তি

বর্তমান সিটি কাউন্সিল স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামসও শক্ত সমর্থন পেয়েছেন। নিউইয়র্ক রাজ্যের অ্যাটর্নি জেনারেল লেটিটিয়া জেমস তার প্রার্থিতাকে সমর্থন দিয়েছেন। যা তাকে আফ্রিকান-আমেরিকান সম্প্রদায় এবং প্রগতিশীল ডেমোক্রেটদের মধ্যে বিশেষ সুবিধাজনক অবস্থানে এনেছে।

এছাড়া নিউইয়র্ক ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টি এবং বেশ কয়েকটি স্থানীয় কমিউনিটি সংগঠনও অ্যাড্রিয়েন অ্যাডামসের পক্ষে অবস্থান নিয়েছে।

তরুণ প্রগতিশীলদের উত্থান

নিউইয়র্ক রাজ্যের সিনেটর জেলনর মাইরি এবং জেসিকা রামোস নতুন প্রজন্মের প্রগতিশীল ভোটারদের মন জয় করছেন। তারা স্থানীয় পর্যায়ে গ্রাসরুটস সংগঠন এবং শ্রমিক ইউনিয়নগুলোর মধ্য থেকে ছোট কিন্তু কার্যকরী সমর্থন পাচ্ছেন।

বিশেষ করে হাউজিং, জলবায়ু

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৫

# আকাশসীমা বন্ধ করল ভারত, হামলার শঙ্কায় সতর্ক ইসলামাবাদ

**উত্তর আমেরিকা ডেস্ক**

কাশ্মীর হামলা ঘিরে ভারত–পাকিস্তানের মধ্যে উত্তেজনা অব্যাহতভাবে বাড়ছে। মঙ্গলবার দিবাগত রাতে কাশ্মীরের নিয়ন্ত্রণরেখার (এলওসি) কাছাকাছি এলাকা থেকে ভারতের চারটি রাফাল যুদ্ধবিমানকে পিছু হটিয়ে দেওয়ার দাবি করেছে পাকিস্তান। ইসলামাবাদের আশঙ্কা, ২৪ থেকে ৩৬ ঘণ্টার মধ্যে পাকিস্তানে হামলা চালাতে পারে ভারত। তাই পরিস্থিতি মোকাবিলায় নিজেদের আকাশসীমার নিরাপত্তা ও বিমানবন্দরগুলোয় সতর্কতা জারি করেছে দেশটি। এরই মধ্যে বুধবার পাকিস্তানের জন্য নিজেদের আকাশসীমা বন্ধ ঘোষণা করেছে ভারত।

ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বুধবার ইসলামাবাদে এক

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

# অস্ত্র ধ্বংস, শহর রক্ষা : নিরাপদ নিউইয়র্কের পথে এক পদক্ষেপ

**এইচবি রিতা**

অ্যাডামস প্রশাসন শুরু থেকেই জননিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করে এসেছে। এই মিশনের কেন্দ্রে রয়েছে অবৈধ আগ্নেয়াস্ত্রগুলোকে শহরের রাস্তাঘাট ও জীবন থেকে সরিয়ে ফেলা। ইতোমধ্যেই নিউইয়র্ক পুলিশ বিভাগ (এনওয়াইপিডি) ২১ হাজার ৪০০-রও বেশি অবৈধ আগ্নেয়াস্ত্র জব্দ করেছে বলে জানান সিটির মেয়র এরিক অ্যাডামস্।

সোমবার (এপ্রিল ২৮) কমিউনিটি অপ:এড-এ তিনি বলেন, ‘গত সপ্তাহে আমি জব্দ করা অনেক বন্দুক কাঠ কাটার যন্ত্রের সাহায্যে ধ্বংস করতে সাহায্য করেছি, যেন এগুলো দিয়ে আর কখনও কেউ কোনো প্রকার ক্ষতি করতে না পারে।’

অ্যাডামস্ জানান, ওয়েস্টবারির

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

**টক অফ দ্য উইকে কাকন রেজা**

# মানুষের ইচ্ছার বিরুদ্ধে থাকাটাই ফ্যাসিজম

**সোহানা নাজনীন**



কাকন রেজা

‘ফ্যাসিস্ট রেজিমে সবাই প্রমাণ করতে চেয়েছে যে, আমিই ঠিক। নিজেকে সঠিক প্রমাণ করতে যেয়ে জনগণের বিরুদ্ধে দাঁড়িয়েছে। এক্ষেত্রে নিজ পদ থেকে সরে দাঁড়ানোই সঠিক ছিল। টিকে থাকার এই জোর প্রবণতা বন্ধ না হলে আমাদের দেশে গণতান্ত্রিক প্রক্রিয়া শুরু হবে না। গণ অভ্যুত্থানের পর অনেক দেশের শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক অপসারণের এমন প্রতিবাদ হয়েছে। আমাদের দেশেও এটা নতুন নয়।’

বাংলাদেশের সমসাময়িক বিষয় নিয়ে এভাবেই নিজ মন্তব্য প্রকাশ করেন কাকন রেজা। গত বৃহস্পতিবার (২৪ এপ্রিল) প্রথম আলো উত্তর আমেরিকার সাপ্তাহিক সম্প্রচার ‘টক অফ দ্য উইক’ অনুষ্ঠানে বাংলাদেশে বসবাসরত সাংবাদিক, কলামিস্ট ও রাজনৈতিক সমালোচক কাকন রেজা অতিথি ছিলেন। উপস্থাপনায় ছিলেন সোহানা নাজনীন। পরিচালনা ও আলোচনায় ছিলেন এইচবি রিতা।

অনুষ্ঠানের শুরুতেই কুয়েটের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ মাসুদের পদত্যাগের বিষয়টি উঠে আসে। তার পদত্যাগের দাবিতে মঙ্গলবার (২২ এপ্রিল) ৩২ শিক্ষার্থী আমরণ অনশন কর্মসূচি পালন করেন। একই দিন তার অপসারণের দাবির সঙ্গে সংহতি প্রকাশ করে ‘শাহবাগ ব্লকেড’ কর্মসূচি দিয়ে শাহবাগ মোড় অবরোধ করে ঢাবির শিক্ষার্থীরা। এমনকি এই দাবিতে ড. মুহাম্মদ ইউনূসের কাছে চিঠিও দিয়েছেন শিক্ষার্থীরা। কেন এই দাবি- এ নিয়ে কাকন রেজা বলেন, ‘ভাইস চ্যান্সেলর ড. মোহাম্মদ মাসুদ খুব একজন অসৎ মানুষ না হলেও শিক্ষার্থীরা তার বিপক্ষে চলে গেছে। পরবর্তী ভিসিকে শুধু পদত্যাগ নয় বরং অপসারণ করা হয়েছে। শিক্ষার্থীদের প্রতিবাদের বিরুদ্ধে দাঁড়িয়ে অন্যান্য ১২জন ভিসি পদক্ষেপের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন। একজন শিক্ষক ভালো-মন্দ যাচাইয়ের ভার থাকে শিক্ষার্থীদের উপর। কুয়েটের ভিসিকে শিক্ষার্থীরা চাচ্ছিল না, সেই শিক্ষকের উচিত ছিল নিজের সম্মান রেখে ছাত্রদের দাবির মুখে চলে আসা। এখানে অনড় থাকা ছিল একটা

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪








































সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
**ফোন:** 718-308-5020, **ই-মেইল: নিউজ:** news@prothomalony.com, **বিজ্ঞাপন:** cm@prothomalony.com